

জী জীহরিনামামৃত।

বহুবিধ ভক্তিগ্রন্থের প্রমাণ ও টীক। সম্বলিত।)

"আগনা অযোগ্য দেখি মনে পাই কোভ।
তথাপি তোমার গুণে উপজর লোভ॥
বংমন হঞা চক্র ধরিতে ইচ্ছা করে।
তৈছে মোর এই বাঞ্। উঠার অস্তরে ॥"
(শ্রীটেতন্যচরিতায়ত সধালীলা ১ম, পাঃ)

"বৈষ্ণবদাসামুদাস"

শ্রীতারিণীচরণ হালদার

সংগৃহীত।

"শ্রী শ্রী বৈষ্ণবদঙ্গিনী'' পত্রিকার সম্পাদক শ্রীযুক্ত মধুসূদন দাস অধিকারী কর্তৃক জেলা তুগলী, এলাটী পোঃ, আননাশ্রম হইতে

প্রকাশিত।

बीबीटिज्ञाय ४२४।

"কৃষ্ণবর্ণং ত্রিষাকৃষ্ণং

সাঙ্গোপাঙ্গান্ত্র পার্যদম্।

)}}}}}


যজ্ঞৈ সঙ্কীৰ্ত্তন প্ৰায়ৈ-

র্যজন্তি হি হ্লমেধদঃ ॥"

(জীমন্তাগ্ৰত ১১শ কন্ধ, ৫ম অ:, ৩১ লোক)।

কলিকাতা;

নং ভীম ঘোষের লেন, "গ্রেট ইডিন প্রেসে"
 এস, সি, বয় এও কোং দ্বাবা মুদ্রিত।



শ্রীশ্রীনবদ্বীপধাম-প্রচারিণী সভার

কার্য্যপতি, বৈষ্ণব-সভা-বিভূষণ, ''সজ্জনতোষণী'' পত্রিকার সম্পাদক, বিশুদ্ধ বৈষ্ণবধর্ম সংস্থাপক, বিবিধ ভক্তিগ্রন্থ প্রণেতা, গৃহস্থ-বৈষ্ণব-কুলতিলক

"ব্রজ্বনাভিন্ন শ্রীশ্রীনবরীপ গোজ্রমানন্দ স্থগদুপ্ন-নিবাসী"
শ্রীল শ্রীযুক্ত প্রভু কেদারনাথ ভক্তিবিনোদ এম, আর, এ, এম, মহোদয়ের শ্রীকরকমলে এই ক্ষুদ্রাতিক্ষুদ্র ভক্তি-গ্রন্থথানি ভক্তি-সহকারে প্রদৃত্ত হইল।

હું

শান্তি।

শান্তি।।

শান্তি !!!

সংসার-সাগরে নিমজ্জিতাধম-দেবক শ্রীতারিণীচরণ হালদার।

ভূমিকা।

শ্রী শ্রীকৃষ্ণ চৈত্রত্য মহাপ্রভুৱ অপার করণায় ভক্তবৈধ্যব-গণের শুভাশীর্কাদে "শ্রীশ্রীস্থরিনামামৃত" আন্ধ বৈষ্ণব সমাজে প্রকাশিত হইল।

ভ্রনমঙ্গল প্রীশীহরিনামই কলিযুগের মূলমন্ত এবং দুরিত গ্রহ্মণাগ্রস্ত ক্ষাণায় কলির জীবের পরিত্রাণের একমাত্র উপায়। পূর্বাচায্যগণের বিবিদ ভক্তিগ্রন্থ পর্যালোচনা করিয়া এই স্থমধুর প্রেমরস মন্ত্রিত প্রীশীহরিনামের মহিমা মাধুরা উপলব্ধি করিতে অনেককেই অস্থবিধা ভোগ করিতে হয়; এই অভাব মোচন উদ্দেশ্যেই আমি অযোগ্য হটয়াও যথাসাধ্য নানাবিধ ভক্তিগ্রের প্রমাণ সন্ধলিত করিয়া এই "শীশীহরিনামামৃত" গ্রন্থানি সংগ্রহ করিলাম। ইহাতে মহাপ্রভুর "শীশীহরিনাম প্রচার" "নামনামী অভেদ" "শীশীহরিনাম মাহান্যা" "নাম স্মরণ মাহান্মা" "শ্রবণ মাহান্মা" "জপ মাহান্ম্যা" "শীশীহরিলাম করিতে হয় ?" দশ প্রকার নামাপ্রণের পৃথক পৃথক বিচার' এবং অপরাধ মোচনের উপার প্রভৃতি বিশ্বভাবে সন্ধলিত ২ইয়াছে। ইহাতে আমার প্রক্রেণাল করিত কোন মত স্থান পায় নাই।

প্রদাসতঃ শ্রীশ্রীহরিদাস-ঠাকুবের রুপার বেখার উদার,; শ্রীবিব্নস্থল ঠাকুরের বৈরাগ্য, অজামিল আদ্ধনের উদার; শ্রীশ্রীনারদের বৈক্ষবহ, শ্রীজগাই মাধাই উদার প্রভৃতি বিবিধ বিনয়ের অবতারণা করা ইইয়াছে, আমি ভজন-সাধন-বিহীন অনভিক্ত জীবাধম। ভক্তি সিদ্ধান্ত বিচারে অনধিকারা; স্বতরাং এই গ্রন্থ সম্কণনে আমার ক্বতিত্ব কিছুই নাই। অধিকন্ত ক্রমভঙ্গ, অপ্রাণ্ডিক গ্রাভৃতি বিনিধ এটা গদে শদে ঘটিকরে সন্থাবনা।
এবং প্রস্থানি অতি অন্নকালের মন্ত বচিত ও মুদ্রিত হওয়ার
ক্রিপ্রতা প্রযুক্ত সনেক এন প্রমাদাদি লাফত হঠতে গাবে। তবে
"শ্রীইীহ্রিনামামূত" বেমন ভাবেই সংগৃহীত হউক তাহা
আপন গুণে ভল্লন রসিক ভক্তভুঙ্গমাত্রেরই প্রাণারাম ও প্রীতিলনক। এই ভরদাতেই আমি ইহা সন্থান ভক্তবৃদ্দের করকমণে
অর্পণ করিতে সাহ্দী হইয়াছি। এক্ষণে এই শ্রীগ্রহ্থানি পাঠে ভক্তপাঠকগণের কিঞ্জিৎ প্রীতিলাভ হইলে বা বৈঞ্জব-সাহিত্যের কিঞ্জিৎ
উপকার সাধিত হইলেও আপনাকে ক্রতার্থ মানিয়া স্থা ইইব।

উপদংহাবে বক্তব্য এই যে, জেলা হুগলী, পোঃ এলাটী নিবাদী "শ্রীবৈষ্ণব-দাগনা" পাত্রকার সম্পাদক ভক্তিভাজন শ্রীল শ্রীযুক্ত মধুস্থান দাস অধিকারী মহোদয় এই শুগ্রহখানি মুদ্রাঙ্কণ ও প্রকাশের ভার গ্রহণ করিয়া আমাকে যথেষ্ট উৎসাহ প্রদান করিয়াছেন। এই অসামান্ত অন্ত্রহের জন্ত আমি উইংবার নিকট আন্তরিক প্রীতি ভক্তির দহিত চিবক্তুক্ততা-গাশে আবদ্ধ রহিনাম; এবং যে দকল ভগ্নহক্ত মহান্মাগণের গ্রন্থ ইইতে কিছু প্রমাণ প্রয়োগার্থ এই শ্রীগ্রন্থ মধ্যে উদ্ধৃত করিয়াছি তাঁহা-দের নিকট্ও অশেন রুভক্তবার সাহত আজীবন ঋণী রহিলাম।

"শ্রীশ্রী এব ও প্রহলাদ চরিতাসুন" ও "প্রীশ্রীপ্তরুতন্ত্রাস্ত নামে আমার রচিত ও সংগ্রাত চুট্থানৈ ভক্তিগ্রহ আছে, ভক্ত পাঠক পাঠিকাগণেব রুপানীর্কাদ ও উৎসাহ পাইলে তাথা নীত্রই মুদ্রিত কবিয়া বৈক্ষব সমাজে প্রকাশিত করিবার বাসনা রহেল। নিবেদনমিতি।

কোদালপোয়া, "নবকুফাগ্রম" (পোঃ বাকাল, ব্রিশাল। (উট্টেডন্যাক ৪২৪। /

"বৈক্তবদাসাত্রনাস" শ্রীতারিণীচরণ হালদার।

সূচীপত্ৰ।

বিষয়			পত্ৰাক্ষ।
মঙ্গলাচরণ	•••	• • •	>
শ্রীহরিনাম প্রচার	•••	•••	¢
যুগধৰ্ম	•••	•••	৬
শ্ৰীনবদীপ	•••	•••	ь
শ্রিগৌর চ ন্ত্র	•••	•••	>>
নগর কীর্ত্তন	•••	•••	50
শ্রীহরিনাম ও হরি অভেদ	•••	•••	\$ @
দশবিধ নামাপরাধ	•••	***	२०
১ম, অপরাধ বিচার	•••	•••	> 9
শ্রীহরিদাস মহিমা	•••	•••	₹ ৫
২য়, অপরাধ বিচার	•••	•••	۶ ۶
৩য়, অপরাধ বিচার	•••	•••	98
শ্ৰীবৈষ্ণৰ লক্ষণ	•••	•••	৩৭
৪র্থ, অপরাধ বিচার	•••	•••	85
৫ম, অপরাধ বিচার	•••	•••	89
৬ঠ, অপরাধ বিচার	•••	•••	88
৭ম, অপরাধ বিচার	•••	•••	8₡
৮ম, অপরাধ বিচার	•••	•••	89

বিষয় ।			পত্রান্ত।
৯ম, অপরাধ বিচার	•••	•••	৪৯
৮০ম, অপরাধ বিচার	•••	•••	¢ >
বৈষ্ণবাপরাধ	•••	•••	c c
শ্রীহরিনামের উৎপত্তি	•••	•••	63
শ্রীহরিনামের ব্যুৎপত্তি	•••	•••	७.
এ ছরিনাম মাহাত্ম্য	•••	•••	65
শীহরিনাম স্মরণ মাহাত্মা	•••	•••	৬৫
শ্রীহরিনাম কীর্ত্তন মাহাত্মা	•••	•••	৬৮
कीर्त्वन काश्रांक करह ? अर्र	केक्राप के	ীর্ত্তন কবিতে হয়	P-3
नाम कौर्डन ও नौना-कौर्डन	•••	•••	₽8
গুণ কীৰ্ত্তন	•••	•••	₽¢
উচ্চ সংকীর্ত্তনের মাহাত্ম্য	•••	•••	64
<u> </u>		•••	>>
পশু হিংসা মহাপাপ	•••		≥8
অজামিল উদ্ধার	•••	•••	৯৭
ভাবগ্রাহী জনার্দন	• • •	•••	76
শ্রীহরিনাম শ্রবণ মাহাত্মা	•••	•••	> 0 0
শীহরিদাস কর্তৃক জনৈক বেং	গ্রার উদ্ধা	त	> • <
बीविचमश्रानत देवतागा		•••	> 4
জগাই মাধাই উদ্ধার		•••	276
জীহরিনাম জপ মাহাত্ম্য		•••	५ २२
জপের কাল নির্ণয়	•••	•••	528
জপের স্থান নির্ণয়	***	***	> ₹ ¢

বিষয়।			প্রাক্ষ ।
শ্রীত্রি-ভজন মাহাত্য	•••	• • •	५ २३
শ্ৰী প্ৰসাদেৰ উপদেশ	•••	• • • •	3-6
क दिन्द्र होता के <u>बो</u> र अधिकालाह	দৰ উধাব		750
बिया म जिलासमाब ८ अते १			55%
ইন্দিদেৰ সাহাধ্যে শ্ৰীহারৰ উ	श्रामनः ९		
মহাৰাজ অধ্বিধাৰ বুভ	₹	•••	7.5%
আলক্ষর-চিত্র-ক্রিড			> 2 °
ত্রীভবি-সঙ্গী চ	***	***	300
গ্রাহেণ্ডিও গ্রহকারের প্র	ার্থনা	•••	28
ফল •েভি			285
अ क्ष्र्रतः	•••	• • •	589

এ এ কুফ চৈত্যুচন্দ্রায় নমঃ।



বন্দে গুরুনীশভক্তানীশ মীশাবতারকান্।
তৎপ্রকাশাংশ্চতচ্ছক্তীঃ কৃষ্ণচৈতন্ত সংজ্ঞকম্॥
বন্দে শ্রীকৃষ্ণচৈতন্তনিত্যানন্দো সহোদিতো।
গোড়োদয়ে পুস্পবস্তো চিত্রো সন্দোতমোমুদো॥

()

জয় শ্রীচৈতহাচন্দ্র, জয় প্রভু নিত্যানন্দ, জয় জয় অদৈত গোসাঞি। জয় স্বরূপ রামানন্দ, সার্বভৌম শিবানন্দ, শ্রীরূপ সনাতন হু-ভাই॥ শ্রীক্ষীব গোপালভট্ট, রঘুনাথ দাসভট্ট, নীলাম্বর শ্রীসম্বর পুরী।

চণ্ডীদাস বিদ্যাপতি, পুরীরাজ গজপতি, কর্ণপুর ঠাকুর নরহরি ॥ গদাধর হরিদাস, বীরভদ্র গঙ্গাদাস. শ্ৰীবল্লভাচাৰ্য্য সনাতন। শ্রীমুরারী কাশীখর, বনমালী শ্রীশ্রীধর, ্ , জ্রীলবন্দাবন শ্রীলোচন।। ুশ্রীবাস পুরুষোত্তম, কৃষ্ণদাস নরোত্তম, মুকুন্দদত্ত শিখিমাইতি। ধনপ্রয় বক্রেশর, জগদীশ শুক্লাম্বর, · শ্রীচক্রশেথর প্রভৃতি॥ শ্রীগোর ভক্তগণে, প্রণমি সম্ভদে, এ দীদে কর কুপাদান। **८ एक्टावमानाविद, वन्दन मित्रविद** গাই যেন হরিঞ্গ গান ॥

(2)

ইদ্রানিং ভক্ত পাশে, গললগ্নী কৃতবাদে,
করপুটে করি নিবেদন।
পূর্বকৃত পুণ্যফলে, জন্মেছি মানবকৃদে;
হেন জন্ম গেল অকারণ॥
ক্রিনাম বিনে ভাই, জীবের অস্ত গতি নাই,
যাগযক্ত কলিতে নিকল।

ষেই নাম সেই হরি, বল দিবা বিভাইরী, ঘুচে যাবে ভবের জঞ্চাল ॥ বৈ নামেতে মন্ত হর. শিরে ধরি বিষশন, শ্মশানেতে করেন ভ্রমণ। বাঁহার নামের বলে. সলিলেতে ভাসে শীলে. পঙ্গ করে পর্বত লঙ্খন। কুদ্ধ বিজ ব্যাধিক্লেশে, পুত্রে ডাকি নামাভাগে, অজামিল উদ্ধার হইল। रेंग मार्ट्सिंड करित वल. প্রश्लोन (भ'ल श्लोहन, করী পদার্ঘাতে না মরিল॥ বে দামেতে রত্নাকর, জগতের রত্নাকর, মহারত রামায়ণ রচিল। পাপ করি অগণন, যে নাম করি শ্রবণ, জগাই মাধাই মুক্ত হ'ল। সেই হরিনাম স্থধা, পানে যায় ভবক্ষুধা, কিন্ত মোর নাই ভক্তিবল। আমি অতি তুরাচার, বিছাবুদ্ধিহীন ছার, বৈষ্ণবের চরণ সম্বল ॥ ভুক্ত কুপা নাহি যারে, সে যদি বিপদে পড়ে, হরি কভু নাহি করে ত্রাণ। ভক্ত বারে কুপা করে, সবে ভারে সমান্তরে, শুভদৃষ্টি করে ভগবান্॥

অত এব ভক্ত গণ,
হরিনামায়ত রচিবারে।
আমি ত ভক্তের দাস,
তক্ত কুপাবলেতে অচিরে ॥
পূর্বব বঙ্গে বরিশাল,
গারনদী থানারাস্তর্গত।
কোদালধোরা গ্রামে ধাম,
হালদার বংশ সমৃদ্ভুত ॥
সেই নবক্ষ হত,
তস্যাত্মজ্ঞ তারিণীচরঃ।
"শ্রীশ্রীহরি নামায়ত,"
রচিতে একান্ত চিত্ত,
কর হরি বাসনা পূরণ ॥

^{*} গ্রন্থকার অতি দৈন্যোক্তির সহিত বলিরাছেন বে,
"আমার পিতামহ ও পিতাঠাকুর মহাশয় গুণবান্ ও ভগবস্তক।
আমি তাঁহাদের সেই নিজলঙ্ক বৈঞ্চববংশে মহা পাষ্পুরূপে
জন্মগ্রহণ করিয়াছি। আমার প্রতি কি শ্রীহরির করুণা হইবে?
আমি কি এই "শ্রীহরিনামামৃত" লিখিতে সমর্থ হইব"। ইতি
ভাব।

এতিহিরিনাম প্রচার।

ধ্যায়ন্কতে যজন যজৈ ত্রৈতারাং দ্বাপরেহর্চয়ন। বদাপ্রোতি তদাপ্নোতি কলো সঙ্কীর্ত্তা কেশবস্ ॥ বিষ্ণু পুরাণ, ষষ্ঠ অংশ।

কৃতে যদ্ধ্যায়তে বিষ্ণু স্ত্ৰেতায়াং যজতো মথৈঃ। ছাপরে পরিচর্য্যায়াং কলোতদ্ধরি কীর্ত্তনাৎ॥ শ্রীমন্তাগবত।

সত্যযুগে ধ্যান, ত্রেতাযুগে যজ্ঞামুষ্ঠান এবং দ্বাপরে শ্রীভগবানের পরিচর্য্যাদ্বারা যে ফল পাওয়া ঘাইত, কলি-যুগে কেবল মাত্র শ্রীশ্রীহরিনাম কীর্ত্তনেই সে ফল লাভ হয়, কেন না ?—

দান ব্রত তপ তীর্থ ক্ষেত্রাদিনাঞ্চ যাস্থিতাঃ।
শক্তরো দেব মহতাং সর্বব পাপ হরাঃ শুভাঃ॥
রাজস্য়াশ্বমেধানাং জ্ঞান সাধ্যত্ম বস্তুনঃ।
আকৃষ্য হরিণা সর্ববাঃ স্থাপিতা স্বেষ্ নামস্থ॥
স্কন্ধ প্রবাণ।

দান, ব্রত, তপস্যা ও তীর্থ ভ্রমণ প্রভৃতি দারা যে সমূদ্য পাপ দূর হয়, দেবতা ও সামুগণের সেবার দারা যে সকল পাণ কর হয়, রাজসূয়, অখনেধাদি যজাসুষ্ঠান ও অক্যান্য আত্মবস্ত লাভে বে সকল পাপ দ্রীভূত হয়, প্রীহরি সেই সকল মঙ্গলদায়িনী শক্তি আকর্ষণ পূর্বক আপনার নামে প্রতিষ্ঠিত করিয়া রাখিয়াছেন।

সেই সর্বব শক্তিময় স্থমধুর শ্রীশ্রীহরি নামবিতরণ করিয়া কলি কবলিত জীবগণকে উদ্ধার করিবার জম্মই—

কলিকালে যুগধর্ম নামের প্রচার।
তথি লাগি পীতবর্ণ চৈতন্মাবতার॥
শ্রীশ্রীচৈতন্মচরিতামত।

স্বয়ং ভগবানই শ্রীগোরাঙ্গরূপে অবতীর্ণ হ'ন। ভগবান্ বলিয়াছেন:—

> চিরকাল নাহি করি প্রেম ভক্তি দান। ১ ভক্তি বিনা জগতের নাহি অবস্থান॥

শ্রীশ্রীচৈতম্যচরিতামৃত।

এতদিন বে মহারত্ন, মুনিঞ্চিগণ কঠোর তপদ্যা দারাও লাভ করিতে সমর্থ হ'ন নাই, স্বন্ধং ভগবান সেই চিরানর্পিত প্রেমধন অকাতরে দান করিতে বাসনা করিলেন, কিন্তু—

> "বুগধর্ম প্রবর্ত্তন হয় অংশ হৈতে। আমা বিনে অস্থে নারে ব্রজপ্রেম দিতে॥" 🔔 শ্রীচৈতস্যচরিতামূত।

যাঁহার বে বস্তু সে ব্যক্তি ভিন্ন অন্ত কাহার সেই ধন
অকাতরে দান করিবার ক্ষমতা নাই, এই জন্মই শ্বরং
ভগবান প্রেমধন বিতরণের জন্ম ঐ শ্রীশ্রীগোরাঙ্গরূপে অবতীর্ণ
হ'ন। যথা:—

"তারিতে জগতে, শচী গর্ড হৈতে, ও চৌদ্দশত সপ্ত শকে। শ্রীচৈতস্থ হরি, স্বয়ং রূপ ধরি, অবতীর্ণ হৈলা লোকে॥"

मनः मटखाविया ।

নবদীপ# মধ্যে মায়াপুর নামে স্থান।
যথা জন্মিলেন গৌরচন্দ্র ভগবান॥ ৫

শ্রীভক্তিরত্বাকর॥

স্বয়ং ভগবান্ (জাহ্নবী বেপ্টিতা চতুর্যোজন পরিধির অন্তর্গত: নববিধ ভক্তির পীঠ সদৃশ অন্ত, সীমন্ত, গোক্রম, মধ্য, কোল, ঋতু, জহ্নু, মোদক্রম ও রুদ্র, এই নয়টী দ্বীপ বিরাজমান আছেন, তথায় গঙ্গার দক্ষিণ তীরে অন্তদ্বীপের মধ্যস্থলে) শ্রীশ্রীমায়াপুর নামক স্থানে জগন্ধাথ মিশ্রের পত্নী রত্বগর্ভা নীলাম্বর নন্দিনী শচীদেবীর গর্ভে জীবনিস্তারের

নবদীপ বধা—নহাদেব পার্ব্বতীকে ব্লিরাছেন :—
 ল্প্ দৈবি প্রবক্ষ্যামি নব ২৩ ক্রপ্রুপ্ক ।
 রুজ বৈ রাজতে নিতং জীগোরন্থনর হরিঃ ॥

ৰুখ্য ভক্তভাব অসীকার করতঃ কলির প্রথম সন্ধ্যার চক্র গ্রেছণের কালে জন্ম গ্রহণ করেন।

শ্রীগোরাঙ্গচন্দ্রের সহিত শ্রীশ্রীহরিনাম কীর্ত্তর ও

প্রচার করিবার জন্ম, অবৈত, নিত্যানন্দ, গদাধর, হরিদাঙ্গ,
শ্রীবাস, শ্রীধর, মুরারি, মুকুন্দ ও রামানন্দ প্রভৃতি ভক্তবৃন্দ
উপবৃক্ত স্থানে জন্ম গ্রহণ করিয়া শ্রীমন্মহাপ্রভুর আজ্ঞানুসারে নগরে নগরে অতি উচ্চৈঃস্বরে শ্রীশ্রীহরি নাম কীর্ত্তন
ও প্রচার করিয়াছেন। শ্রীগোরাঙ্গচন্দ্রের মুখে মধুমাখা
হরিনাম শ্রবণ করিয়া ব্যাঘ্র প্রভৃতি বন্য পশুগণও "হরি
হরি" বলিয়া নৃত্য করিয়াছে। বথা:—

"প্রভু কহে 'কৃষ্ণ কহ' ব্যাঘ্র উঠিলা। ত কৃষ্ণ কৃষ্ণ কহি ব্যাঘ্র নাচিতে লাগিলা॥ ময়ুরাদি পক্ষীগণ প্রভুকে দেখিরা। সঙ্গে চলে, কৃষ্ণ বলে নাচে মত্ত হৈরা॥ ছরিবোল বলি প্রভু করে উচ্চধ্বনি। বৃক্ষলতা প্রফুল্লিত সেই ধ্বনি শুনি॥

অন্তঃ বীপ তথা দেবি সীমন্ত বীপসকন্।
গোক্রমধীপ সংলাহন্য মধ্য দীপ তথাপরঃ ॥
গলা পূর্ব তটে রম্যে দেবি দীপ চতুইরন্।
কোলবীপ বতুবীপ কছ্ দীপ হরেশরি॥
মোদক্রম তথা ক্রন্ত পশ্চিম তটে॥

विकासम्बद्ध ।

ঝারি খণ্ডে স্থাবর জঙ্গম আছে ষত। পু কৃষ্ণনাম দিয়া কৈল প্রেমেতে উন্মন্ত॥"

শ্রীশ্রীচৈতশ্যচরিতামৃত।

মহাপ্রভু জগতে শ্রীশ্রীহরিনাম প্রচার করিবার জক্ত অতি রন্ধা জননী শচীদেবী, পরিণীতা তরুণী ভার্যা বিষ্ণুপ্রিয়া ও আত্মীয় স্বজনগণকে পরিত্যাগ করিয়া স্বয়ং হরি শ্রীহরিনামে উন্মন্ত হইয়া দীনাতিদীন কাঙ্গালের বেশ ধারণ করতঃ অনশনে, অনিদ্রায়, জীবের ছারে ছারে উপনীত হইয়া কাঁদিতে কাঁদিতে অ্যাচক, অস্পৃশ্য যবন, চণ্ডাল্ক প্রভৃতিকেও শ্রীশ্রীহরিনাম দান করিয়া-ছিলেন, বৈষ্ণব-কবি প্রেমদাস বলিয়াছেনঃ—

শূরমতি অতি, পতিত পাষণ্ডী, ধ্রুপ্রিণ না মারিল কারে।

হরিনাম দিয়া, হৃদয় শোধিল,

যাচিয়া যে ঘরে ঘরে॥

চঙাল যথা:—
 বৃদ্ধনীর্যোগ পতিত জার-দোষতঃ।
 সৃত্তঃবভূব চঙালঃসর্বস্থাদধমোহতটিঃ॥
 বৃদ্ধবৈত্তপুরাণ বৃদ্ধবৃত্ত।

ভব বিরিঞ্চ বাঞ্চিত, ত্রু ভ বে ধন,
তুবনে কেলিল ভালি।
কাঙ্গালে পাইয়া, থাইয়া নাচিয়া,
বাজাইল করতালি॥
হালিয়া কাঁদিয়া, প্রেমে গড়াগড়ি,
পুলকে ব্যাপিল অন্ন।
চণ্ডাল বাজাণে, করে কোলাকুলি,
কবে বা ছিল এ রঙ্গ॥
ভাকিয়া হাঁকিয়া, থোল করতালে,
গাইয়া ধাইয়া ফিরে।
কেথিয়া শমন, তরাস পাইয়া,
কপাট হানিল ভারে॥"

মনঃশিকা।

শ্রীশ্রীগোরাস মহাপ্রভূর হরিনাম বিতরণ সম্বন্ধে শ্রীশিবানন্দ সেনের একটা পদ শুস্থন:—

> "অথিল ভূবন ভরি, হরিরস-বাদর, বরিথয়ে চৈতন্ম-মেঘে। ভক্ত চাতক যত, পিব পিব অবিরত, অমুক্ষণ প্রেম-জল মাগে॥ ফান্তুন পূর্ণিমা তিথি, মেঘের জনম তথি, শেই মেঘে করিল বাদর।

উচ্চ নীচ যত ছিল, প্রোমজনে ভালাওল, গোরা বড় দয়ার সাগর ॥ জীবেরে করিয়া যন্ত্র, হরিনাম মহামত্র, হাতে হাতে প্রেমের অঞ্চলি। অধম তু:খিত যত, তারা হৈল ভাগবত, বাড়িল গৌরাস ঠাকুরালী॥"

শ্রীপদকল্পতরু।

শীশীহরিনাম দিয়া শীকৈতন্য মহাপ্রভূষে ব্লগংবাদী যাবভীর
ব্লীবকে প্রেমে উন্নত্ত করিয়াছিলেন তাহাতে আর সন্দেহ কি?
ব্লদ্যাপিও শীশীহরিনাম কীর্ত্তন করিবার সমর ভব্ত ভক্তের—

"গৌরাঙ্গ বলিতে হয় পুলক শ্রীর।

প্রেমানন্দে আনন্দ নয়নে বহে নীর ॥"

শ্রীগৌরাঙ্গ ভগবান এক। পরম ভাগবত মহারাজ ক্ষানন্দ দত্তের পুত্র শ্রীল নরোত্তম দাস ঠাকুর মহোদয় বলিয়াছেন :—

> "গৌর নাম হরিনাম একই যে হয়। ভাগবত-বাক্য এই কছু মিথ্যা নর।"

বন্ধা, বিষ্ণু ও শিব যেমন অভেদ, প্রীচৈত্ন্য, নিত্যানন, ও অদ্বৈতাপ্রভূও তেমনি এক। বথা:—

"গৌরচন্দ্র নিত্যানন্দ, অবৈত পর্মানন্দ, তিন প্রভু একতপু মন। ইথে ভেদবৃদ্ধি যার, সে বাউক ছারশার, তার হয় নরকে সমন।"

ঠাকুর মহাশর শীনিত্যানন্দ সহক্ষে এইরূপ বণিয়াছেন :—

"নিতাই পদক্ষল, কোটাচক্র ফুলীতল,

মে ছায়ায় জগৎ জুড়ায়।

হেন নিতাই বিনে ভাই, রাধাকৃষ্ণ পেতে নাই,

দৃঢ় করি ধর নিতাইর পায়॥

সে সম্বন্ধ নাহি যার, সে যাউক ছারধার,

সেই পশু বড় তুরাচার।

নিতাই না বলিল মুখে, মজিয়া সংসার স্থাধে,

বিদ্যাকুলে কি করিবে তার॥

অহস্কারে মত্ত হয়ে, নিতাই পদ পাশরিয়ে,

অসত্যেরে সত্য করি মানি।

নিতাইর করুণা হবে, ত্রজে রাধাকৃষ্ণ পাবে,

ভজ নিতাইর চরণ তু'থানি॥"

শ্রীনরোত্তমঠাকুরের প্রার্থনা।
শ্রীচতন্যচরিতায়ত প্রভৃতি ভক্তিশার পাঠ করিলে জানা যার
যে, শ্রীক্ষতে প্রভুর স্নারাধনাতেই শ্রীশ্রীগৌরচন্দ্র স্ববর্তীর্গ হ'ন।
এই জন্যই বৈশ্বব-কবি শ্রীক্ষরৈত প্রভুর সম্বন্ধে বলিয়াছেন:—
"ক্রালৈতের করুণায়, জীবে প্রেমভক্তি পায়,
চৈতন্যের পাদপন্ম মিলে।
এমন স্বাদৈত্যচাঁদে, পড়িয়া মায়ার কাঁদে,
পাইয়া সে না ভজিমু হেলে॥"

শ্রীনেত্রানন্দ ও শ্রীমহৈতপ্রভুর **শ্রীহরিনা**ম বিতরণ সম্বন্ধে আর একটা মধুর পদ বলিতেছি:—

> "প্রেমের বন্যা নিতাই হৈতে, অধৈত তরঙ্গ তাথে, চৈতন্য-বাতাসে উথলিল। আকাশে লাগিছে ঢেউ, স্বর্গে নাহি বাঁচে কেউ, সপ্ত পাতাল ভেদি গেল॥ ডুবিল যে নাগলোক, নরলোক স্থরলোক, গোলোক ভরিল প্রেম-বন্যা। কেহ নাচে কেহ গায়, কেহ হাসে কেহ ধায়, বিশেষ ধরণী হৈল ধন্যা॥"

শ্রীপদকল্পতক্র।

শ্রীচৈতন্ত মহাপ্রভূ হরিনাম বিতরণ সমর জীবগণকে বে স্থমধুর উপদেশ দান করিয়াছিলেন, তৎসম্বন্ধে শ্রীনবদীপ-ধাম-প্রচারিণী সভার কার্য্যপতি, বিশুদ্ধভক্তি-গ্রন্থ প্রণেতা "সজ্জনতোষণী" পরিকার সম্পাদক বৈষ্ণবকুলতিলক শ্রীল শ্রীযুক্ত কেদারনাথ ভক্তিবিনোদ, এম, আর, এ, এস, মহোদয়ের রচিত নিম্নলিখিত গানচীর ভাষ মনে রাখিয়া আমাদের সর্ম্বদা হরিনাম কীর্ত্তন করা কর্ত্তব্য।

নগর কীর্ত্তন।

গায় গোরা মধুর স্বরে ;

"হরেকৃষ্ণ হরেকৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।

হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ॥"

গুহে থাক বনে থাক. সদা হরি বলে ডাক. স্বথে দুঃখে ভুল না'ক. বদনে হরিনাম কররে। মায়াজালে বন্ধ হয়ে. আছ মিছা কাজ লয়ে. এখন চেত্তন পেয়ে. রাধামাধব নাম বলরে ॥ জীবন হইল শেষ. না ভজিলাম হাধীকেশ. ভক্তিবিনোদ উপদেশ, একবার নামরসে মাতরে 🛚 একবার ভাব মনে. আশা বশে ভ্রমি হেখা. পাবে কি স্থুখ জীবনে;

কে তুমি কোথায় ছিলে,
কি কারণে হেখা এলে,
কিবা কাজ করে গেলে,
যাবে কোথা শরীর পড়নে।
কেন স্থুখ ড়ঃখ ভয়,
অহংতা মমতামর.

कूष्ट्र जग्न शताजत,

ক্রোধ হিংসা ছেব অগুজনে।

ভকতিবিনোদ কয়, করি গোরা পদাশ্রয়, চিদানন্দ রসময়,

হও রাধাকৃষ্ণ নাম গানে॥
রাধাকৃষ্ণ বল বল বলরে সবাই,
এই শিক্ষা দিয়া সব নদীয়া,
ফিরচে নেচে গোর-নিতাই,
মায়া বশে যাচ্ছ ভেসে,
খাচছ হাবু ডাবু ভাই,
শীব কৃষ্ণদাস, এ বিখাস,

করলে ত আর হুংখ নাই ॥
কৃষ্ণ বলবে যবে, পুলক হবে,
করবে আঁখি বলি তাই,
রাধাকৃষ্ণ বল, সঙ্গে চল,
এইমাত্র ভিক্ষা চাই,
যায় সকল বিপদ ভক্তিবিনোদ,

বলে যখন ও নাম গাই॥

শ্রীত্রীহরিনাম ও হরি অভেদ।

শ্রী শ্রীহারনাম সাধন, কীর্ত্তন, প্রবণ ও জপ করিবার পূর্ব্বে শ্রী শ্রীহারনাম কি বস্তু তাহা বিশুদ্ধ-নাম-পরারণ ভক্তবুলের জানিয়া লওয়া একান্ত কর্ত্তব্য । জীলীহরিনাম ও বীলীহরি এক। ইহাতে
কোন সন্দেহ নাই। জীলীহরিনাম পরায়ণা মহা বৈষ্ণবী নীমতী
বিহালতা দেবী বলিয়াছেন:

—

"চিশায় কৃষ্ণের নাম, অন্তুত রসের ধাম,
প্রকাশিয়া আনন্দ বিলায়।
রূপ গুণ প্রকাশিয়া, লীলা মধ্যে যায় লৈয়া,
নব নব মাধুর্য্যে ডুবায় ॥
কৃষ্ণেনাম সাধ্য সার, অন্য সাধ্য নাহি আর,
সর্ববশ্রেষ্ঠ নাম চিন্তামণি।
এ হেন অপূর্বর নাম, মদনমোহন শ্রাম,
নামরূপে কৃষ্ণ গুণমণি ॥"

শ্রীলালদাস বাবাজী বলিয়াছেন :--

নামে ভগবানে হয় একই সমান। তথাপিও নাম শীঘ্ৰ করে ফল দান। শ্রীভক্তমালগ্রন্থ।

পরম ভাগবত শ্রীলোচনদাস বলিয়াছেন :—
ভাগেনি ঠাকুর নামরূপী ভগবান।
কলিকালে সর্ববশক্তিময় হরিনাম॥

ঐ চৈতভামকল।

ভক্তিবিনোদ ঠাকুর বলিয়াছেন :—

হরিনাম চিন্তামণি চিদ্রস স্বরূপ।

পূর্ণ জড়াতীত নিত্য কৃষ্ণ নিজরূপ।

শ্রীভঙ্গন রহস্ম।

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বলিয়াছেন:—
কলিকালে নামরূপে কৃষ্ণ অবতার।
নাম হৈতে হয় সর্বব জগৎ নিস্তার॥
শ্রীশ্রীচৈতন্মচরিতামৃত।

শ্রীলালদাস বাবাজী বলিয়াছেন:-

কৃষ্ণনাম চিন্তামণি সর্বব ফলদাতা।
পূর্ণ চৈত্রতা রস কৃষ্ণে অভিন্নতা ॥
নিত্য মুক্ত নিগুণি পরাৎপর বিভূ।
নাম নামী অভেদ ত্রিজগতে প্রভু ॥
কৃষ্ণ তুল্য কৃষ্ণনাম কৃষ্ণ শক্তি যত।
অপ্রাকৃত সর্বব শক্তি নামেতে অপিত ॥
ত্রীভক্তমালগ্রস্থ।

নাম চিন্তামণিঃ কৃষ্ণচৈতন্ম রসবিগ্রহঃ। পূর্ণশুদ্ধো নিত্যমুক্তোংভিন্নাত্মা নামনামিনঃ॥

পদ্মপুরাণ।

নাম চিন্তামণি, নামই স্বয়ং শ্রীকৃষ্ণ, শ্রীকৃষ্ণ যেমন, চৈতন্য রস-বিগ্রহ এই শ্রীশ্রীহরিনামও সেই প্রকার চৈতন্য রসের দারা গঠিত; শ্রীরক্ষ বেমন পূর্ণশুদ্ধ ও নিতামুক্ত শ্রীশ্রীহরিনামও সেই প্রকার পূর্ণশুদ্ধ ও নিত্যমুক্ত; স্থতরাং নাম ও নামীতে কোন প্রভেদ নাই।

শ্রীশ্রীহরিনামই শ্রীশ্রীরাধাককের যুগলমূর্ত্তি। যথা অথর্ধবেদোক্ত শ্রীশ্রীহরিনাম মন্ত্রগজ-—

> "হরেকৃষ্ণ হরেকৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরেরাম হরেরাম রাম রাম হরে হরে ।" অগ্রি পুরাণ ব্রহ্মাণ্ড পুরাণ ও শ্রীরাধাতন্ত্র।

नागार्थ यथा :--

শ্রীগোপাল গুরুধৃত স্বরূপ সিদ্ধান্ত বাক্যং।
বিজ্ঞাপ্য ভগবত্তবং চিদ্যনানন্দ বিগ্রহন্।
হরত্য বিস্তাতৎকার্য্য মতোহরিরিভিস্মৃতঃ॥
হরতি শ্রীকৃষ্ণমনঃ কৃষ্ণাহলাদস্বরূপিণী।
অতো হরেত্যনে নৈব শ্রীরাধা পরিকীর্ত্তিতা।
আনন্দৈক স্থপসামী শ্রাম কমললোচনঃ।
গোকুলানন্দনোনন্দনন্দনঃ কৃষ্ণ ঈষ্যতে॥
বৈদ্ধী সারসর্বস্বং মূর্ত্তি লীলাধিদৈবত্তম্।
রাধিকা রময়ন্নিত্যং রাম ইত্যভিধীয়তে॥

শ্রীশ্রীহরিনামার্থ নির্ণয়।

গৃহস্থ বৈষ্ণবকুলতিলক শ্রীল শ্রীযুক্ত কেদারনাথ ভক্তিবিনোদ মহোদয় প্রণীত এই শ্লোকের পতানুবাদ:—

চিদ ঘন আনন্দরপ শ্রীভগবান। নামরূপে অবতার এইত প্রমাণ ॥ অবিচ্যা হরণ কার্য্য হৈতে নাম হরি। অতএব হরেক্সফ নামে যায় তরি॥ কৃষ্ণাহলাদ স্বরূপিণী শ্রীরাধা আমার। ক্ষ্ণ মন হরে তাই হরা নাম তার॥ রাধাকৃষ্ণ শব্দে শ্রীসচ্চিদানন্দরূপ। হরেকুষ্ণ শব্দ রাধাকুষ্ণের স্বরূপ। আনন্দস্বরূপ রাধা তাঁর নিতা স্বামী। ক্মললোচন শ্যাম রাধানন্দকামী ॥ গোকুল আনন্দ নন্দনন্দন শ্রীকৃষ্ণ। রাধা সঙ্গে স্থাস্বাদ সর্বনা সত্ঞ। रिक्तभामात मर्तवय मृर्छ नीलयत। শীবাধাবমণ রাম নাম অতঃপর ॥ হরেকৃষ্ণ মহামন্ত্র শ্রীযুগল নাম। যুগল লীলার চিন্তা কর অবিরাম।

প্রীভঙ্গনরহস্ম।

নানাপরাধ পরিত্যাগ করিয়া শ্রহাপূর্বক ঐী শ্রীরাধার কের

মুগল নামের সাধন ব্যতীত এই ভব সমুদ্র উদ্ধারের নিমিত্ত শীবগণের অন্ত কোন উপায় নাই।

দশবিধ নামাপরাধের লক্ষণ।

দশ প্রকার নামাপরাধ# পরিত্যাগ করিয়া ঐকান্তিক শ্রেদার সহিত প্রম করুণাময় শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন ব্যতীত এই স্বত্নস্তর ভবসমুদ্র পার হইবার জন্ম জীবগণের অন্ম কোন উপায় নাই। দান, যজ্ঞ, তপস্থা প্রভৃতি কিছুই শ্রীশ্রীহরিনামের সহস্রাংশের একাংশেরও তুল্য

* দশ প্রকার নামাপরাধ যথা:—
সতাং নিন্দানায়: পরমমপরাধং বিতমুতে
যতঃখ্যাতিং যাতং কথমুসহতে ত্বিগরিহান্।
শিবস্ত শ্রীবিফোর্য ইহ গুণ নামাদিমমলং
ধিয়া ভিন্নং পঞ্চেং স থলু হরিনামাহিতকর:॥
শুরোরবজ্ঞা শ্রুতিশাস্ত্র নিন্দানং
তথার্থ বাদো হরি নামি কল্পনন্।
নামোবলাদ্ যস্য হি পাপ বৃদ্ধি
নবিদ্যতে তস্য যমৈহিশুদ্ধি:॥
ধর্ম্মন্ত ত্যাগ হতাদি সর্ব্ধ,
শুভক্রিয়া সাম্যমপি প্রমাদ:।
শুলুদ্ধানে বিমুথেহপ্যশৃথ্যতি
যশ্চোপদেশ: শিব নামাপরাধ:॥

শুল্তেহপি নাম মাহান্ম্যে যং প্রীতি রহিতোহধম।

অহং মমেতি পরমঃ সোপিনায়্যপরাধক্রং॥

নহে। জীবের দেহে নামাপরাধ থাকিতে কথনও নামরূপী ভগবানের কৃপা হয় না; দৈবাৎ ভগবদনুগ্রহে ঘাঁহারা অপার ভবসমুদ্র পার হইয়া গিয়াছেন তাঁহাদের ভায় ভাগ্য-বানগণের সহিত কখন আমাদের ভায় হতভাগ্য জীবের ভূলনা হইতে পারে না। ঐতিচতন্ত মহাপ্রভূ সনাতন গোস্বামীকে বলিয়াছিলেনঃ—

শ্বংসার ভ্রমিতে কোন ভাগ্যে কেহ তরে।
নদীর প্রবাহে যেন কান্ঠ লাগে তীরে॥"
শ্রীশ্রীচৈতভাচরিতামৃত।

"কৃষ্ণের নিত্যদাস জীব" একমাত্র ভগবানই আমাদিগের প্রস্থু, আমরা তাহার দাস, ক্ষুদ্রাদপি ক্ষুদ্র জীব; তৃণাপেক্ষা স্থনীচ ও বৃক্ষাপেক্ষা সহিষ্ণু হইয়া সর্ববদা শ্রীহরির নাম কীর্ত্তন করা কর্ত্তব্য। "আমি সাধু" ইহা জগতের লোকদিগকে জানাইবার জন্ম 'নেড়া হরিদাসের ন্যায়' মালা তিলক ধারণ করিয়া (বিশ্ববঞ্চক ছন্ম বৈরাগীর বেশে) হরিনাম কীর্ত্তন করিলে তাহাতে কখনও প্রেম লাভ হয় না। যথা:—

অভ্যাসিয়া অশ্রুপাত, লক্ষ্ণ বিষ্ণু অকক্ষাৎ, মৃচ্ছ বিষয় থাকহ পড়িয়া। এলোক বঞ্চিতে রঙ্গ, প্রচারিয়া অসৎ সঙ্গ, ক ামিনী-কাঞ্চন লভ গিয়া॥ প্রেমের সাধন ভক্তি, তাতে নৈল অমুরক্তি, শুদ্ধ প্রেম কেমনে মিলিবে। দশ অপরাধ ত্যজি, নিরন্তর নাম ভক্তি, কুপা হ'লে স্থপ্রেম পাইবে॥

কল্যাণ-কল্পভক্ত।

নামাপরাধ পরিত্যাগ করিবার পূর্বের অপরাধ কড প্রকার ও কি কি ? তাহা আমাদিগের জানিয়া লওয়া কর্ত্তব্য। পদ্মপুরাণ, শ্রীশ্রীহরিভক্তিবিলাস ও শ্রীহরি-ছক্তি-তরঙ্গিণী প্রভৃতি ভক্তিগ্রন্থে দশ প্রকার নামাপ-রাধের উল্লেখ আছে। শ্রীচৈতন্যশিক্ষামৃতে ভক্তিবিনোদ-ঠাকুর মহোদয় লিখিয়াছেনঃ—

- भार्थिनमा।
- ২। শিবাদি দেবতাকে ভগবান হইতে স্বতন্ত্র জ্ঞান করা।
- ৩। গুৰ্বববজ্ঞা।
- ৪। বেদশাস্ত্র ও তদসুগত শাস্ত্র নিন্দা।
- ৫। হরিনামের মহিমাকে প্রশংসা মাত্র বলিয়া জ্ঞান।
- ৬। প্রকারান্তরে হরিনামের অর্থ কল্পনা।
- ৭। হরিনাম বলে পাপে প্রবৃত্তি।
- ৮। অন্যান্য শুভকর্ম্মের সহিত হরিনামের তুল্যতা জ্ঞান করণ।
 - ৯। শ্রদ্ধাহীন ব্যক্তিকে হরিনামোপদেশ করণ।

১০। নামের মহিমা শ্রবণ ক্রিয়াও হরিনামে অপ্রীতি।

(১) প্রথম অপরাধ বিচার।

সাধুনিন্দা বলিতে কেইই কেবল নিজ কর্তৃক সজ্জন-গণের নিন্দা করা বুঝিবেন না; অন্যলোক কর্তৃক সাধু-নিন্দা শ্রবণ করাও মহা পাপ বলিয়া পরিগণিত। যথা:— নিন্দাং ভাগবতঃ শৃণুং স্তৎ পরস্থ জনস্থবা। ততো না পৈতিয়ঃ সোহপি যাত্যধঃ স্কৃতাচ্চু তেঃ ।

যে ব্যক্তি ভগবন্ধিন্দা অথবা ভক্তের নিন্দা শ্রবণ করিয়া সে স্থান পরিত্যাগ করতঃ অন্য স্থানে গমন না করে, সে ব্যক্তি পুণ্যহীন হইয়া নিশ্চয়ই অধঃগতি প্রাপ্ত হইয়া থাকে। স্থুভরাং অসমর্থ হইলে কর্ণে অঙ্গুলী দিয়া নিন্দাস্থান পরি-ভাগ করিয়া স্থানান্তরে গমন করিবে। সমর্থ হইলে—

ছিন্দ্যৎ প্রদহ্য রুষতা মদতাং প্রভুশ্চেৎ। জিল্লা মদূনপিততো বিস্তজেৎ সধর্ম।

শ্রীমন্তাগবত।

নিন্দাকারী ব্যক্তির জিহ্বা ছেদন করা কর্ত্তথ। যদি
নিন্দান্থান পরিত্যাগ করিতে কিন্তা নিন্দাকারীর জিহ্বা
ছেদন করিতে অসমর্থ হয়, তবে নিজের জীবন পরিত্যাগ
করিবে। সাধুর নিন্দা করায় শ্রীশ্রীহরির নিন্দা করা হয়,
ভগবান কখনও ভক্তের নিন্দা সহ্য করিতে পারেন না।
ভক্তে ও ভগবান এক। ভগবান শ্রীমুখে বলিয়াছেন:—

সাধবো হৃদয়ং মহং সাধুনা হৃদয়ন্ত্ৰহং।
মদন্মতে নজানন্তি নাহং তেভ্য মনাগপি॥
শ্রীমন্তাগকত।

ভক্তগণ আমার হৃদয় এবং আমিও ভক্তগণের হৃদয়, আমার ভক্তগণ কখনও আমাকে ভিন্ন অন্য কাহাকেও জানেনা, আমিও আমার ভক্তগণ ভিন্ন অন্য কাহাকেও জানিনা।

ভগবান বলিয়াছেনঃ—

"ভক্তের হাতে প্রেমের ডুরি, যে দিক ফিরায় সেই দিক ফিরি ॥"

এই জন্মই উগবান বলিরাজার দ্বারে দ্বারী ছিলেন : স্থতরাং কখনও ভক্তের নিন্দা করিবে না। পরম ভাগবত শ্রীহরিদাসঠাকুরের নিন্দা করিয়া হরি-নদী গ্রাম নিবাসী কোন এক দুর্জ্জন দ্বিজের মহা দুর্গতি হইয়াছিল যথা:—

"হরি-নদী গ্রামে এক ত্রাক্ষণ ছুর্জ্জন।
হরিদাস দেখি ক্রোধে বোলয়ে বচন॥
সে বিপ্রাধমের কথো দিবস থাকিয়া।
বসন্তে নাসিকা তার পড়িল খসিয়া॥
হরিদাস ঠাকুরের করিলেক যেন।
কৃষ্ণ তাহার শান্তি করিলেক তেন॥

শ্রীশ্রীহরিদাসঠাকুর চাঁদপুর বলরামাচার্য্যের গৃহে অব-স্থিতি কালে এক দিবস হিরণ্য গোবর্দ্ধন মজুমদারের সভায় শ্রীশ্রীহরিনাম তত্ত্ব লইয়া শ্রীগোপালচন্দ্র চক্রবন্ত্তী নামক এক জন আরিন্দা ব্রাহ্মণের সহিত শ্রীহরিদাসঠাকুরের তর্কবিতর্ক হওয়ায়, গোপালচন্দ্র চক্রবন্ত্তী হরিদাস ঠাকুরকে বলিলেনঃ—

> বিপ্র কহে "নামাভাসে যদি মুক্তি হয়। তবে ভোমার নাক কাটি করহ নিশ্চয়॥ হরিদাস করে যদি নামাভাসে নয়। তবে আমার নাক কাটি এই স্থনিশ্চয় ॥ ত্রনি সভাসদ উঠে করি হাহাকার। মজুমদার সেই বিপ্রে করিল ধিকার ॥ হরিদাসঠাকুরে তুই কৈলি অপমান। সর্বনাশ হবে তোর না হবে কল্যাণ ॥ ক্ষনি হরিদাস তবে উঠিয়া চলিলা। মজ্মদার সেই বিপ্রে আশীর্বাদ কৈলা। সভা সহিত হরিদাসের পডিলা চরণে। হরিদাস হাসি কহে মধুর বচনে॥ তোমা সবার দোষ নাহি এই অজ্ঞ ব্রাক্ষণ। ভার দোষ নাহি তার তর্কনিষ্ঠ মন॥ ভর্কের গোচর নহে নামের মহত্ব। কোথা হৈতে জানিবে সে এই সব তত্ত্ব যাহ ঘর কৃষ্ণ করুন কুশল স্বার। আমার সম্বন্ধে হঃখ না হউক কার।

তবে সে হিরণ্যদাস নিজ ঘরে আইলা।
সেই প্রাক্ষণে নিজ দার মানা কৈলা॥
তিন দিন রহি সেই বিপ্রের কুষ্ঠ হৈল।
অতি উচ্চ নাসা তার গলিয়া পড়িল॥
চম্পক কলি সব হস্ত পদাঙ্গুলি।
কোঁকড় হইল সব কুষ্ঠে গেল গলি॥
দেখিয়া সকল লোক হৈল চমৎকার।
হরিদাস প্রশংসি তারে করেন নমস্কার॥
ভক্ত সভাব অজ্ঞ দোষ ক্ষমা করে।
কৃষ্ণ সভাব ভক্ত নিন্দা সহিতে না পারে॥
বদ্যপি হরিদাস বিপ্রের দোষ না লইল।
তথাপি ঈশ্বর তারে ফল ভুপ্পাইল॥
শ্রীশ্রীচৈতগ্যচরিতামত।

উমাপতি শঙ্করের নিন্দা করিয়া প্রজাপতি দক্ষরাজ্ব মঙ্গানুগতি ও ছাগমুণ্ড প্রাপ্ত হইয়াছিলেন। বৈষ্ণবজনকে নিন্দা করিলে তাহাকে কেহই রক্ষা করিতে পারে না; জ্রীবারভদ্র গোস্বামী বলিয়াছেন:—

বৈষ্ণব হেলন পাপ তরিতে নারিল।
মহামূনি তুর্ববাশারে চক্রেতে দহিল॥
ক্ষুদ্র জীব হয়ে করে বৈষ্ণব হেলন।
কার শক্তি আছে তারে রক্ষে কোনজন॥
বুহৎ পাষগুদলন।

নিন্দাকুর্ববন্তি যে মৃঢ়াঃ বৈষ্ণবানাং মহাত্মনম্। পতন্তি পিতৃভিঃ সার্দ্ধং মহারৌরব সংজ্ঞিতে॥ যে ব্যক্তি মহাত্মা বৈষ্ণবগণের নিন্দা করে সে পিতৃ-গণের সহিত মহাক্লোরব নামক নরকে নিপতিত হয়।

বৈষ্ণবৈতে যেইজন জাতিবুদ্ধি করে।
সেজন নারকী মজে ত্বঃথের সাগরে॥
বৈষ্ণবেরে নীচজাতি করিয়া মানয়।
নিশ্চয় যে সেইজন নরক ভুঞ্জয়॥
শ্রীভক্তমাল গ্রন্থ।

শুদ্রং বা ভগবন্তক্তং নিষাদং শ্বপচং তথা।

বীক্ষতে জাতি সামান্তাৎ স জাতি নরকং ধ্রুবম্॥ ইতিহাস সমুচ্চয়।

যে ব্যক্তি ভগবন্ধক্তকে শূদ্র, নিষাদ বা শ্বপচ ইত্যাদি নীচজাতি বলিয়া জ্ঞান করে, অথবা সামাশ্য শূদ্রাদির হ্যায় জ্ঞান করে, সে ব্যক্তি নিশ্চয়ই নরকে গমন করিয়া থাকে।

> আয়ুশ্রেয়ান্ যশোধর্মঃ লোকানাশীষ মেবচ। হন্তি শ্রেয়াংসি সর্ববাণি পুংষোমহদতিক্রমঃ॥

শ্রীমন্তাগবত।

মহদতিক্রেম করিলে অর্থাৎ সজ্জনগণের মর্য্যাদা ভঙ্গ করিয়া কোন প্রকার বাক্য বলিলে, মানবের আয়ু, জী, যশ, ধর্মা ও পরকালের গতি প্রভৃতি নাই হইয়া যায়।

মহতের পদরজে অভিধিক্ত না হওয়া পর্যান্ত তপস্থা, হ্র্যা বা অগ্নি প্রভৃতির উপাসনা দারা কোন প্রকার ফল লাভ হয় না। জড় ভারত বলিয়াছেন:—

> রহূগণৈতত্তপদা ন যাতি নচেজ্যয়া নির্ববপণাদ্ গৃহাদা।

ন চ্ছন্দসা নৈব জলাগ্নি সূর্য্যি বিনামহৎপাদরজোহভিষেকম ॥

শ্রীমন্তাগবত।

হে রহূগণ! এই ভগবৎ শব্দ বাচ্য তত্ত্ব, "ছন্দসা" অর্থাৎ ব্রহ্মচর্য্যদারা 'গৃহাৎ' অর্থাৎ গার্হস্থ্য ধর্মদারা "তপস্থা" অর্থাৎ বানপ্রস্থ ধর্মের দ্বারা "নির্ববপণাৎ" অর্থাৎ দম্যাস দ্বারা এবং জলাগ্নি সূর্য্যাদির পূজাদ্বারা লাভ হয় না. কেবল ভক্ত পদর্জোভিষেকদ্বারাই তাহা পাওয়া যায়।

ভক্তচ্ডামণি প্রহলাদ তাঁহার পিতা দৈতারাজ হিরণ্যকশিপুকে বলিয়াছিশেন ঃ—

নৈষাংমতিস্তাব ছুরুক্রমাজিবুং।
স্পৃশত্যনর্থাপগমোযদর্থঃ॥
মহীয়সাং পাদরজোহভিষেকং।
নিক্ষিঞ্চনানাং ন বুণীত যাবৎ॥

শ্রীমন্তাগবত।

হে পিতঃ! মানবগণ যে পর্য্যন্ত নিক্ষিঞ্চন ভগবস্তক্ত-রন্দের পদরক্ষে অভিষেক স্বীকার না করে, সে পর্যান্ত তাহাদের মতি কখনও শ্রীকৃষ্ণের শ্রীপাদপদ্ম স্পর্শ করিতে সক্ষম হয় না।

শ্বতএব কথনও ভগবদ্ধকের নিন্দানা করিয়া বিভদ্ধ বৈষ্ণব বা ভজের পূজা করিবে।

(২) দ্বিতীয় অপরাধ বিচার।

শিবাদি দেবগণকে কথনও ভগবান্ হইতে ভিন্ন জ্ঞান করিবে না। যথা:—

শিব এব হরি সাক্ষাদ্ধরিরেব শিবস্থয়ন্।
রহন্ধারদীয় পুরাণ।
'শিবই শ্রীহরি স্বরূপ; এবং শ্রীহরিই শিব স্বরূপ।'
মহাদেব পার্ক্কতীকে বলিয়াছেন:—
ত্রয়োদেবা এক মূর্ত্তি ব্রহ্মা বিষ্ণু মহেশ্বঃ।
ভ্রান সঙ্কলিনাত্র !

ব্রহ্মা, বিষ্ণু ও মহেশব, এই দেবতা এয়ই এক মৃতি:
অগাৎ এক ভগবদ শক্তির বলেই কার্যা করেন, সভস্ত
ঈশর বলিয়া বিষ্ণু বাতীত কাহাকেও মনে করিতে হইকে
না। বে ব্যক্তি তাহাদিগকে পৃথক্ পৃথক্ দেবত। বলিয়।
মনে করেন, সে ব্যক্তি নিতান্ত নরাধম।

মহাম্নি বেদব্যাস ভ্রম বশতঃ এক দিবদ শিব সন্নিধানে বসিধা

শ্রীশ্রীহবি হইতে 'হর'কে ভিন্ন বলিয়াছিলেন, তথন মহাবৈঞ্ব
মহাদেব ব্যাসদেবের বাক্য শ্রবণ করিয়া "ভং দিয়া ব্যাসেরে কন
তর্জন গ্রজন গ—

''হরি হর ছুই মোরা অভেদ শরীর। অভেদ যে জন ভজে সেই ভক্ত ধীর॥ বেদব্যাস নাম পেয়ে নাহি মান বেদ। কি মর্ম্ম বুঝিয়া হরি হরে কর ভেদ॥" দক্ষরাজ কর্ত্ত্ক শিবনিন্দা শ্রবণ করিয়া ভগবতী বলিয়া-ছিলেন:—

> বদ্যাক্ষরং নাম গিরে রিতং নৃণাং দক্ত প্রদঙ্গাদঘমান্ত হন্তি তৎ। পবিত্র কীর্ত্তিং তমলজ্যা শাসনং ভবানহোদ্বেষ্টি শিবং শিবেতরঃ॥

> > শ্রীমন্ত্রাগ্র 5

হে পিতঃ ! যাহার দ্বিজ্ঞার স্ভৃত "শিব" নাম প্রদ্যক্রে একবাব মাত্র বাক্যদারা উচ্চারিত হইলেই মন্ত্রের কাশি বাশি পুপে বিনাশ হইয়া যায়, সেই পবিএ কীর্ত্তি শিবকে ত্রীবিধু ১ইতে স্বতন্ত্র জ্ঞানে নিক্য করিতেছেন, আপুনি স্কাং অম্পন্ত হকপ।

কলি পাবনাবভার ৠশ্রীতৈত্ত মহাপ্রভু একদিকস তাঁহার ভক্তবৃদ্ধে ব্লিয়াছিলেন :—

শিবের গৌরব বুঝাযেন গৌরচন্দ্র।
এতেক শঙ্কর প্রিয় যত ভক্তবৃন্দ।
না মানে চৈতন্ত পথ বোলয় বৈষ্ণব ।
শিবের অমান্ত করে ব্যর্গ তার সব॥

স্থানান্তবে-

সকৃত যে জন বোলে শিব হেন নাম।
সেহো কোন প্ৰসঙ্গে না জানে তত্ত্ তান।
সেইক্ষণে সৰ্বব পাপ হৈতে শুদ্ধ হয়।
বেদশাস্ত্ৰ ভাগবতে এই তত্ত্ব কয়॥

হেন শিব নাম শুনি যার চুঃখ হয়। সেই জন অমঙ্গল সমুদ্রে ভাসয়। ত্রীবননে ক্লফচন্দ্র বোলেন আপনে। শিব যে না প্রজে সে বা মোরে প্রজে কেনে। মোর প্রিয় শিব প্রতি অনাদর যার। কেমতে বা মোরে ভক্তি হইবে তাহাব ॥

শ্রীটেত্ত ভাগবত।

ভগ্রান সরং শ্রীমুথে বলিয়াছেন :--কথং বা ময়িভজ্লিং সলভতাং পাপ পুরুষঃ। যো মদীয়ং পূরং ভক্তং শিবং সম্পূজয়েমহি॥

ভীমন্ত্রাগ্রত ৷

যে বাজি আমার প্রম ভক্ত মহাবৈষ্ণব শ্রীশ্রীশিবের সমাক এজন না কবেন, সেই ব্যক্তি সাক্ষাং অমন্ত্র স্বরূপ, স্লভবাং সে ি প্রকাবে আমাতে ভক্তিলাভ কবিবে। একিক অভ্যনকে গণিয়াচিলেন :--

ষেহপান্য দেবতা ভক্তা র্যজন্তে শ্রদ্ধয়াবিতঃ। তেহুপি মামেব কৌন্তেয়। যজন্তাবিধিপুৰ্ববক্ষ।। যান্তি দেবত্রতা দেবান পিতৃন যান্তি পিতৃত্রতাঃ। ভূতানি যান্তি ভূতেজ্য। যান্তি মদু যাজিনোইপিমাং। অহং হি সর্বব যজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ। নতু মামভিজানস্তি তত্ত্বে নাতশ্চ্যবন্তিতে।। শ্রীমন্তগবদগীতা।

হে কৌন্তের! বাঁহারা শ্রদাপূর্ব্বক অন্ত দেবতার পূজা করেন, তাঁহারা অজ্ঞান বশতঃ আমারই পূজা করিয়া থাকেন। বিনি যে দেবতার পূজা করেন মরণান্তে তিনি সেই দেবতাকেই শাত করিয়া থাকেন। বিনি ভূতগণের পূজা করিয়া থাকেন, তিনি ভূতগণকে এবং বিনি আমার পূজা করেন তিনি আমাকে লাভ করিয়া থাকেন। আমি সর্ব্ব যজ্ঞের ভোক্তা ও ফলদাতা ইহা জানিতে না পারিয়া জীবগণ পুনরাবৃত্তি (বা পুনর্জ্জনা) লাভ করিয়া থাকে।

আব্রন্ধ ভুবনাল্লোকাঃ পুনরাবর্তিনোহর্জ্জন। মানুপেত্যভু কৌন্তেয় পুনর্জ্জন্ম ন বিদ্যাতে॥ শ্রীমহগবন্দরী হা।

হে কৌন্তেয়! ব্ৰহ্মলোকাদি যাবতীৰ লোকনিবাদীগণেৰ পুনরাবর্তন লাভ ২ইযা থাকে, কিন্তু আমার ভক্তগণের কখনও পুনর্জন হয় না।

শাস্ত্রে যে শ্রীশ্রীহবি ভিন্ন অন্যান্ত দেবদেবীৰ উপাসনার বিষয় বর্ণিত আছে; আমবা তাহাব মশ্ম বৃদ্ধিতে না পারিয়া অন্যান্য দেব দেবীকে নিন্দা করিয়া থাকি, কিন্তু ইহা আমাদের ভ্রান্ত-মূলক? কেননা—

"অন্য দেব অন্য শাস্ত্র নিন্দা না করিবে।" শ্রীশ্রীচৈতন্য চরিতামত।

সদাশিব নানাবিধ পূকা পদ্ধতির বিষয় আলোচনা করিয়া পরে পার্বাতীকে বলিয়াছিলেন:—

অতোবহুবিধং কর্ম্মং কথিতং সাধনাম্বিতম্। প্রবৃত্তয়ে২ল্ল বোধানাং দুশ্চেপ্তিত নিরুদ্ধয়ে॥ মহানির্ব্বাণ তন্ত্র চতুর্দ্দশ উল্লাস। হে পার্ব্ধতি । তোমার নিকট যে সাধনান্তিত বছবিধ কর্ম্মের কথা বলা হইয়াছে; ইহা কেবল অন্ন বুদ্ধি লোকদিগকে প্রীভগ-বানের সেবায় প্রবৃত্তি লণ্ডয়াইবার জন্য এবং পাপাশক্তি নিবৃত্তির নিমিত। অভএব কখনও শিবাদি দেবভাগণের নিন্দা করিবে না।

তক্তে শ্রীভগবান্ বলিয়াছেন :—
মন্তক্ত শঙ্করেছেমী মন্টেমী শঙ্কর প্রিয়ঃ।
উভো চ নরকে যাতা যাবদাহত সংপ্রবম্॥
স এব রসনাহীনঃ কুন্তীর জায়তে জলে।

আমার ভক্ত যদি শঙ্করকে এবং শঙ্করের ভক্ত যদি আমাকে নিন্দা করে তাহা হইলে তাহারা উভয়ই মহাপ্রলয় কাল পর্য্যন্ত নরক যন্ত্রণা ভোগ করিয়া, পরে রসনাবিহীন হইয়া নক্র যোনিতে জন্মগ্রহণ করতঃ চিরদিন জলের মধ্যে বাস করিবে।

শিব-শক্তি উপাসক মহারাজ রবীক্রনারায়ণ রায়কে জনৈক বৈষ্ণব বলিয়াচিলেন:—

বিষ্ণু বিনে শিব যে পৃথক্ নামন্তব্য।
বিষ্ণুর অংশাংশ বলি মানিতে কর্ত্তব্য ॥
অথবা হরির ভক্ত সর্বব শ্রেষ্ঠতম।
বৈষ্ণবের মধ্যে যে নাহিক যাহা সম॥
শ্রীভক্তমাল গ্রন্থ।

বৈষ্ণব সভা-বিভূষণ শ্রীমন্তব্তিবিনোদ ঠাকুর মহোদয় বলিয়াছেন:—

"শিবাদি দেবতাগণের তগবান্ ছইতে ভিন্ন সন্থা নাই। শিবাদি দেবতাকে ভগবানের গুণাবৃতার অথবা ভগবন্তক বলিয়া সন্মান না করিলে কথনও ভেদজ্ঞান থাকেনা।"

(৩) ভৃতীয় অপরাধ বিচার।

"গুরোরবজ্ঞা" বলিতে কেবল মাত্র মন্ত্রদাতা শ্রীপ্রীগুরু-দেবকে অবজ্ঞা করা বুঝিবেন না; দীক্ষাগুরু, শিক্ষাগুরু, মাতাপিতা, মাতুল, খশুর প্রভৃতি গুরুগণকেই বুঝিতে হইবে। কখনও গুরুগণের অসম্মান করিবে না। যথাঃ—

একমপ্যক্ষরং বস্তু গুরু শিশ্রে নিবেদয়েৎ।
পৃথিব্যাং নাস্তি তদ্ দ্রব্যং যদকাহনৃণীভবেৎ॥
একাক্ষরং প্রদাতারং যো গুরু নাভি মন্মতে।
শুনাং যোনি শতং গন্ধা চাগুলেষপি জায়তে॥
শুত্রি সংহিতা।

যদি গুরুদেব শিষ্যকে কেবল মাত্র একটা অক্ষরও শিথাইয়া থাকেন, তথাপিও পৃথিবীতে এমন কোন বস্তু নাই যে, শিষ্য তাহা গুরুদেবকে প্রদান করিয়া "গুরুদেবর সেই একাক্ষরের" ঋণ হইতে মুক্ত হইতে পারে ? একাক্ষর প্রদাতা শ্রীগুরুদেবকেও যে ব্যক্তি সম্মান না করে সে নরাধম কুকুর জন্ম ভোগ করতঃ পরে চণ্ডাল যোনিতে জন্মগ্রহণ করে।

পরম ভাগবন্ধ শ্রীনারদ বিনিয়াছেন :—
"যত্র যত্র গুরুং পশ্যেৎ তত্র তত্র কুতাঞ্চলিঃ। প্রণমেদ্দগুবন্তুমৌ ছিন্নমূল ইবদ্রুমঃ॥

ষেখানে থেখানে গুরুজনকে দর্শন করিবে, সেই সেই স্থানে ছিন্নমূল রক্ষের স্থায় ভূতলে পতিত হইয়া তাঁহাকে দগুবৎ প্রণাম করিবে। কিন্তু—

সভারাং যজ্ঞ শালায়াং দেবতায়তনেষপি।
প্রত্যেকস্ত নমস্কারং হস্তি পুণ্যং পুরাকৃতম্॥
পুণ্য ক্ষেত্রে পুণ্য তীর্থে স্বাধ্যায় সময়ে তথা।
প্রত্যেকস্ত নমস্কারং হস্তি পুণ্যং পুরাকৃতম॥
বহন্নারদীয় পুরাণ।

সভার, যজ্ঞশালার, দেবতা মন্দিরে, প্রত্যেক ব্যক্তিকে পৃথক্
পৃথক্রণে নমস্কার করিলে পৃর্ককৃত পুণা বিনষ্ট হর ? এবং
পুণাক্ষেত্রে, পুণাতীর্থে ও বেদাধারন কালে প্রত্যেক ব্যক্তিকে
পৃথক্ পৃথক্ নমস্কার করিলে পূর্ক্সিঞ্চিত পুণা ধ্বংস হর। অতএব
কথনও উল্লিখিত স্থানে বসিরা পৃথক্ভাবে নমস্কার করিবে না।

মাতুঃপিতুঃ কনীয়াংসং ন নমেৎ বয়সাধিকঃ।
প্রনমেচ্চ গুরোপত্নিং ভ্রাতৃজায়া বিমাতরম্॥
শ্বশুরশ্বেৎ কনীয়াশ্চ খুল্লতাতশ্ব মাতৃলঃ।
নমস্কারং ন কুর্বিত অভুত্থান গরীয়সঃ॥
ইতি শ্বতি।

জননী, জনক ও শ্রীগুরুদেব ভিন্ন অন্যকে এমন কি মাতা. পিতার কনিষ্ঠ ভাতা ভগ্নিগণও অপেক্ষাকৃত অব্ন বয়স্ক হইলে তাহাদিগকে প্রণাম করিবে না। কিন্তু বিমাতা ও জ্যেষ্ঠভাতার পত্নি বয়সে কনিষ্ঠ হইলেও তাহাদিগকে প্রণাম করিবে। ভার্যার জ্যেষ্ঠ সহোদর কিন্তা শশুর শাশুড়ী, বয়সে ছোট হইলে তাহাদিগকে প্রণাম না করিয়া কেবলমাত্র সম্মান জন্ম অভ্যুগ্ধান করিবে। শ্বশুর পিতৃক মাতৃল দ্বিজাং কনীয়সাং প্রাত্যুৎথানুমেবাভিবাদনম্॥

বিষ্ণুসহিতা :

শশুর, পিতার ভাতা, মাতুল ও পুরোহিত বয়:কনিষ্ঠ ছইলে তাহাদিগকে প্রণাম না করিয়া কেবলমাত্র অভ্যুত্থান করা কর্ত্ব্য।

শ্রীশ্রীগুরুদেবকে নিশ্দা করা বা গুরুনিন্দা শ্রবণ করা মহাপাপ ? যথা:—

> গুরোর্যত্র প্রতিবাদো নিন্দাচাপি প্রবর্ততে। কর্নোতত্র পিধাতব্যৌ গন্তব্যং বা ততোহন্যথা॥ কুর্ম্মপুরাণ।

যে স্থানে শ্রীগুরুদেবের প্রতিবাদ বা নিন্দা হয়, শিষ্য গস্ত দ্বারা কর্ণ আচ্ছাদনপূর্বকে সেস্থান পরিত্যাগ করিয়া অন্যস্থানে গমন করিবে।

যদি কেহ অসাবধানতাপূর্বক অবৈষ্ণব গুরুর নিকট দীক্ষিত হ'ন, এবং পরে যদি গুরুদেবের কোন প্রকার দোষ দেখিতে পান তাহা হইলে সেই গুরুদেবকে নিন্দা না করিয়া—

অবৈষ্ণবো পদিষ্টেন মস্ত্রেণ নিরয়ং ব্রক্তেং।
পুনশ্চ বিধিনা সম্যক্ গৃহিন্মাদৈঞ্চবাদ্গুরোঃ॥
শ্রীনারদপঞ্চরাত্র।

অবৈষ্ণৰ শুক্তর নিকট (বিষ্ণুমন্তে) দীক্ষিত হইলে শিশুকে নরকে গমন করিছে হর, এই আশক্ষায় অবৈষ্ণব গুরুকে পরিত্যাগ করিয়া পুনর্বনার বৈষ্ণব(১) গুরুর নিকট শ্রীবিষ্ণুমন্ত্রে দীক্ষা গ্রাহণ করিবেন।

মহাবৈশ্বৰ শ্ৰীল লালনাস বাবাজী বলিয়াছেন :—

"কিন্ধা অবৈষ্ণৰ স্থানে বিষ্ণুমন্ত্ৰ যদি।

লাইয়া থাক্য কেহ সেহত অবিধি॥

গুনুশ্চ বৈষ্ণুৰ স্থানে এইণ বিধান।
এই মত হয় সালু শাস্ত্ৰ প্রমাণ॥

ভাউপাসনাচন্দ্রামৃত।

শ্রীবিষ্ণু উপাসক শিশ্য, শ্রীবিষ্ণু উপাসক গুরু ভিন্ন পাঠ কাহারও নিকটে বিষ্ণুমন্ত্র গ্রহণ করিবেন না। কেননা—

(১) বৈক্ষৰ বলিতে কেছই ছলনেশী নেড়ানেড়ি কণ্ঠাভঞা বা মকট বৈৱাগীগণকে ব্যিবেম না। বিশুদ্ধ বৈজনের লক্ষণ ক্রিই:—— গৃহীতবিষ্ণুদীকাকে। বিষ্ণুপূজা পলোনবঃ। বৈষ্ণবোভিহিতোহভিজৈ বিতরোহ আদেবৈষ্ণবঃ॥ -প্রপুরাধ।

যে গৃহত্ব ব্যক্তি শীবিষ্ণুমন্ত্র দীকা এইণ করিয়াছেন এবং থিনি সর্বাণ বিষণ্ পূজার তংগার, পণ্ডিতগণ তাঁহাকেই বৈষ্ণৱ বলিয়া অভিহিত করিয়াছেন, এতদ্বির অন্য বাক্তি অবৈষ্ণব; স্থাতরাং বে মহৎ কুলোন্তব হুইলেও তাহার নিকট কথনও শীবিষ্ণুমন্ত্র গ্রহণ করিবে না। এ সম্বন্ধে বিস্তুত্তরপে জানিতে চাহিলে মং-াংগৃহীত শ্রীপ্রীপ্তরুত্তরামৃত" পাঠ কর্মন। এত্য বাহ্লা ভয়ে ও অনাব্শক্ষ বোধে এ থলে অধিক লিখিত হুইল না।

বিষ্ণুভক্তি বিহীন*চ ভক্তিহীন ভবেন্নরঃ। শৈবাৎ শাক্তাৎ গৃহীত্বা চ হরোভক্তি ন বৰ্দ্ধতে ॥ ব্ৰন্ধবৈৰ্ব্ব পুৱাণ।

বে ব্যক্তির শ্রীবিষ্ণুর প্রতি ভক্তি নাই তাহাকেই ভক্তিহীন বলে। এজন্য বিষ্ণুমন্ত্রগ্রহণেচ্ছুক শিশ্য কথনও শৈব বা শাব্দের নিকট শ্রীবিষ্ণুমন্ত্র গ্রহণ করিবেন না। কেননা অন্ত উপাসক অবৈষ্ণবের নিকট বিষ্ণুমন্ত্র গ্রহণ করিলে কথনও তাহাতে শ্রীহরিভক্তি বৃদ্ধি হয় না। অতএব—

> শৈব সৌর গাণপত্য শাক্ত শাঙ্কর এব চ। বর্জ্জয়েচ্চ প্রযম্ভেন সর্ববজ্জমণি নাস্তিকং॥ দেবীপুরাণ।

শৈব, সোর, গাণপত্য, শাক্ত ও শাস্কর, (শ্রীবিফুমন্ত গ্রহণেচ্ছুক শিষ্য) এই সকল উপাসকদিগকে পরিভ্যাগ করিয়া বিষ্ণু উপাসক সদ্পুরুর নিকট বিষ্ণুমন্ত্রে দীক্ষা গ্রহণ করিবেন।

> উদাসীনস্থোদাসীনো বনস্থো বনবাসিনঃ। যতিন*চ যতি প্রোক্তো গৃহস্থস্ম গুরুগৃহীঃ॥ কুলচ্ডামণি।

উদাসীন ব্যক্তি উদাসীনকে, বনবাসী বনবাসীকে, যতি যতিকে এবং গংস্থ ব্যক্তি শ্রীকৃষ্ণপরায়ণ সদ্গৃহস্থ ব্যক্তিকেই শ্রীগুরুপ্দে বরণ করিবেন।

"ণ)ক্ষাগুরু ও শিক্ষাগুরু ভেদে 🗐 গুরু থিবিধ। বাঁহার নিকট শীরুঞ্মন্ত্র লাভ হয় তিনি দীক্ষাগুরু; বাঁহার নিকট ভক্তন শিক্ষা করা যায়, তিনি শিক্ষাগুরু। এই উভয় গুরু-দেবকেই শিশ্ব সমান সম্মান প্রদর্শন করিবেন এবং উভয়-কেই শ্রীকৃষ্ণ শক্তির প্রকাশ বলিয়া জানিবেন। তাঁহা-দিগকে ভেদজ্ঞান করিলে শিশ্ব অপরাধী হইবেন, কেননা,— "দীক্ষা শিক্ষা গুরুশেচবচৈকাত্মা চৈক দেহিনং।"—শ্রীল কবিরাজ গোস্বামী বলিয়াছেনঃ—

যদ্যপি স্কামার গুরু চৈতন্মের দাস।
তথাপি ক্ষানিয়ে আমি তাঁহার প্রকাশ।
শ্রীচৈতন্মচরিতামূত।

গুরুকে সাক্ষাৎ জগবান বলিয়া জ্ঞান করিলে নিতান্ত অপরাধ হয়; যেহেতু তাহাতে জীবেশ্বরে সমতা জ্ঞান-রূপ মহাবিরুদ্ধ মত হয়। শ্রীশ্রীচৈতন্য মহাপ্রভু বলিয়াছেনঃ—

বেই মূঢ় কহে জীব ঈশ্বর হয় সম।
সেইত পাষণ্ডী হয় দণ্ডে তারে যম॥
শ্রীচৈতন্মচরিতামূত।

তাই বলি —

''যথা সমুদ্রে বহব স্তরঙ্গা স্তথাবয়ং ব্রহ্মণি ভূরি জীবাঃ। ভবেৎ তরঙ্গো ন কদাচিদরি স্তং ব্রহ্ম কম্যান্তবিতাসি জীবঃ॥

তম্ব মূক্তাবলী

হে মারাবাদী জীব! যে প্রকার সমূদে অনস্ত তরজ আছে.

সমুদ্র বলিয়। উক্ত হইতে পারে না, তুমি কিরণে ব্রহ্ম বা ঈশ্বর বলিয়া আপনাকে প্রতিপন্ন করিবে ? তাৎপর্য্য এই, সমুদ্র তরঙ্গ বটে, যেহেতু তরঙ্গ সমুদ্রের অংশ, কিন্তু তরঙ্গ কথনও সমুদ্র নয়, সেইরূপ চিংকণ জীবগণ ব্রহ্মের অংশ হইলেও জীব কথন ব্রহ্ম বা ঈশ্বর হইতে পারে না।

প্রীপ্তরুদেবকে শ্রীপ্রীভগবানের প্রকাশবিশেষ অথবা শ্রীভগবানের শক্তিজ্ঞান করিয়া ভক্তি করিলে কোন প্রকার দোষ হইতে পারে না; প্রেমন্য শ্রীভগবানই শ্রীগুরুদেবে প্রকটিত হইয়া দীক্ষা ও শিক্ষাদান করিতেছেন, শিষ্যের মনে সর্বাদা এইভাব থাকিলেই মঙ্গল হইবে।

বাঁকুড়া, রাইপুর নিবাসী ত্রিপুরা রাজবাড়ীর সভাপত্তিত ভক্তিশাস্ত্র বিশারদ শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ ভক্তিতত্ত্ব বাচপ্পতি মহোদয় ১৩১০ সলের ১লা আহিনের "নিবেদনে" "নামাপরাধ বিচার নামক" প্রবন্ধে লিথিয়াছিলেন :—

"গুরুকে অবজ্ঞা করা সম্বন্ধে এই বিচার যে, গুরুকে মনুষ্য জ্ঞান করা যে অপরাধ, আবার তাঁহাকে ঈশ্বর বা শ্রীকৃষ্ণ বুদ্ধি করা ততোধিক অপরাধ; গুরুকে শ্রীহরির বিশেষ কুপাপাত্র এবং তদীয় শ্রেষ্ঠ পার্ষদ মনে করিয়া সেবাদি কর্ত্তব্য।"

শীমছক্তিবিনোদ ঠাকুর মহোদয় তাঁহার রচিত "শীশীহরিনাম" ও শীটিতেতা শিক্ষামৃত" নামক গ্রন্থে দিখিয়াছেন, যথা:—

"যাহা হৈতে ভগবদ তম্ব অবগত হওয়া যায়, তিনি আচার্য্যব্ধপি-ভাগবত শ্রেষ্ঠ ; তাঁহাকে দৃঢ় ভক্তি করিয়া "যে পর্যান্ত সাধকের শ্রীগুরুতে অচলা শ্রদ্ধা না হয়, সে পর্যান্ত তদ্দত্ত উপদেশ সম্পূর্ণ বিশ্বাস হইবে না ; বিশ্বাস না হইলে ভঙ্গন ক্রিয়াদি ঘটে না অতএব দীক্ষাগুক ও শিক্ষাগুরু সকলকেই অচলা শ্রদ্ধা করিবে।"

(৪) চতুর্থ অপরাধ বিচার।

কথনও শাস্ত্র নিন্দা করিবে না; বেদাদি অনন্ত শাস্ত্র ও ১৮১০ এই ফুটিশাস্ত্র। যে সকল শাস্ত্র অধ্যয়ন করিলে প্রীপ্রীতশব্দ এ গোনা যায় সেই সকল সংশাস্ত্র নিন্দা করিলেই শ্রীপ্রীক্রিনানে শাসাধ হয়। যথাঃ—

বেদে রামায়ণে চৈব পুরাণে ভারতে তথা।
আদাবন্তে চ মধ্যে চ হরি সর্ববত্র গীয়তে।
মহাকবি পরাজক্ষা রাম রচিত এই শ্লোকটীৰ প্রায়েবং :-"কিবা নেদ রামায়ণ পুরাণ ভারত ধক,

সমুদয় গ্রন্থেরই আদি মধ্য শেষে। হরিনাম সঙ্কীত্তন, হইয়াছে অমুখাণ,

পত্রে পত্রে আছে পুতঃ হরিনাম নিশে॥"

কল্পি পুনান।

জ্ঞানবান ব্যক্তি কথনও শাস্ত্র নিন্দা করিবেন না; কিছি -বন্ধ শাস্ত্র কলাভ্যাস ব্যাখ্যান বর্জ্জিবে।" শ্রীচৈতগ্যচরিভায়ত। শ্রীকৃষ্ণ অর্জুনকে বলিরাছিলেন:

অনস্ত শাস্ত্রং বহুবেদিতব্যম্
স্বল্লশ্চকালো বহুবশ্চ বিল্লাঃ।

যৎসারস্তৃতং ততুপাসিতব্যম্
হংসো যথা ক্ষীরমিবাস্থমিশ্রম্॥

উত্তর গীতা।

হে অর্জুন! শাস্ত্র অনস্ত (অসংখ্য) বছদিনে তাহা সংগ্রহ
করিতে হয়, মানবের জীবন অতি অল্লকাল স্থায়ী, তাহাতে আবাব
রোগ, শোক, প্রভৃতি বিবিধ প্রকার বিল্ল; অতএব হংস যেমন
জল সংযুক্ত হয় হইতে জল পরিত্যাগ করিয়া কেবলমাত্র বিশুদ্দ
হয়কেই গ্রহণ করে, সেইরূপ যে সকল শাস্ত্র সার তাহাই পাঠ
করা কর্ত্তর।

সর্বনা ভক্তির অম্বকূল শাস্ত্র পাঠ করিবে—

''সেই শাস্ত্র সত্য কৃষ্ণভক্তি কহে যায়।

অস্তথা হইলে শাস্ত্র পাষণ্ডন্ত পায়।"

শ্রীচৈত্রগুভাগবত।

যশ্মিন্ শাস্ত্রে পুরাণে বা হরিভক্তি ন দৃশ্যতে। শ্রোতব্যং নৈব তৎ শাস্ত্রং যদিত্রকা স্বয়ংবদেৎ॥

জৈমিনীভারত।

যে সকল শাস্ত্রে অর্থাৎ পুরাণ, উপপুরাণ, প্রভৃতি গ্রন্থে শ্রীশ্রীহরিভক্তির বিষয় বর্ণিত নাই, যদি স্বয়ং ব্রহ্মা আসিয়াও বলেন তথাপি কথনও সেই হরিভক্তি শৃত্য শাস্ত্র পাঠ কিম্বা শ্রবণ করিবেনা।

(৫) পঞ্চম অপরাধ বিচার।

যাহারা শ্রীপ্রীহরিনামের মহিমা জানিয়া শুনিয়াও নামের প্রতি শ্রদ্ধা(১) না করে, কেবলমাত্র নামকে শ্রীপ্রীহরির প্রশংসাবলিয়া মনে করে তাদৃশ পাষণ্ডের প্রতি কথনও নামরূপী শ্রীপ্রীহরির অন্তথাহ হয় না; প্রাচীন পদকর্তা বলরাম দাস বালয়াছেন:—

জান্তা শুক্তা কৃষ্ণপদ না করে ভাবনা।
পুনঃ পুনঃ হয় জীবের গর্ভের যাতনা॥
একবার জন্মে জীব আরবার মরে।
তথাপিও হরিপদ ভজন না করে॥
থাকিয়া মায়ের গর্ভে পায় নানা ব্যথা।
তথন পড়য় মনে শতজন্মের কথা॥
উর্দ্ধপদে হেটমাথে রহয়ে বন্ধনে।
বিপদ সময় তথন কৃষ্ণ পড়ে মনে॥

(১) "শ্রদ্ধা শব্দে কহে ক্লফে স্থাদৃ বিশ্বাদ।"

শ্রীতৈ শ্রচ রিতামত।

শত বৎসর আয়ু সবে মাত্র ধরে।
নিদ্রিত তাথার যায় পঞ্চাশ বৎসরে॥
পঞ্চাশ বৎসর বালা, পৌগও, কৈশোরে।
নানামত চাপল্যে সে পরমায়ু হরে॥
কোন মতে কৃষ্ণপদ নহিল ভজন।
চৌরাশি লক্ষ যোনিতে পুনঃ করয়ে ভ্রমণ॥
শ্রীপদকল্পতক

শ্রীমন্ত্রক্তিবিনোদ ঠাকুর মহোদয় তাঁহার প্রণীত শ্রীশ্রীহরিনাম" নামক গ্রন্থে লিথিয়াছেন :—

"অনেকে মনে করেন যে বেদাদি শাস্ত্রে শ্রীইরিনামের যে মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে তাহা নামের প্রশংসা মাত্র। যাহাদের এরূপ বুদ্ধি তাঁহারা নামাপরাধী। তাহাদের হরিনামের ফলোদয় হয় না ? অত্যাত্য কর্মকাণ্ডে বেরূপ রুচি উৎপাদনের জন্য ফলশ্রুতি কথিত হইয়াছে, হরিনামেন ফলশ্রুতিকে যাহারা তদ্ধপ মনে করেন, তাঁহারা অতিশয হুর্ভাগ্য।" কিন্তু যে সকল ব্যক্তি সোভাগ্যবান তাঁহার। এইরূপ মনে করেন—

এতলিবিদ্যমানানামিচ্ছতামকুতোভয়ম্।
শোগীনাং নূপ নিণী তং হরেনামানুকী ইনম্।

নির্বিধানান, অকুতোভয়, অভিলাষী যোগীদিগের পক্ষে শ্রীশ্রীহরিনাম কীর্ত্তনই নির্ণীত হইয়াছে, এইরূপ বাহাদের দ্রু বিশ্বাস তাঁহাদেরই শ্রীশীহরিনামে ফলোদ্য হয়।

(৬) ষষ্ঠ অপরাধ বিচার।

প্রকারান্তরে শ্রীশ্রীহরিনামের অর্থকল্পনা করা মহা পাপ বলিয়া পরিগণিত; জ্ঞানবান্ ব্যক্তি কখনও শ্রীশ্রীহরিনামের অর্থ কল্পন কবিবেন না। মহর্ষি কাত্যায়ন বলিয়াছেনঃ—

> অর্থবাদং হরেনা স্লি সম্ভবয়তি যো নরঃ। স পাপিষ্ঠঃ মনুষ্যানাং নিরয়ে পতিতস্ফুটং॥ কাত্যায়ন সংহিতা।

যে ব্যক্তি শ্রীশ্রীহরিনামে অর্থবাদ সম্ভাবনা করে সে ব্যক্তি মানবগণের মধ্যে পাংপিষ্ঠ; স্কুতরাং সে নিশ্চম্ব নিরম্ব (নম্নক) গামী হইয়া থাকে।

শ্রীমন্তব্যিনোদ ঠাকুর শ্রীশ্রীঠৈতন্য শিক্ষামূতের" তৃতীগ বৃষ্টিতে লিথিয়াছেন:—

"হরি শব্দ সহজেই পরম রসাধার সচিচনানন বিগ্রহ শীকৃষ্ণকেই বুঝায়। শ্রীবিগ্রহ হব উত্তমরূপে বুঝিতে সক্ষম না হইয়া কেহ কেহ হরিকে নিরাকাররূপে চিন্তা করতঃ ব্রহ্ম শব্দও হরিশব্দ একার্থ মনে করিয়া একটা নিরাকার হরির কল্পনা করেন। পাছে হরি বলিতে শ্রীকৃষ্ণতত্ত্বকে উপদেশ করে, এই ভয় কেহ কেহ হরিনাম উচ্চারণ করিবার সময় "সচ্চিদানন্দ হরি"—"নিরাকার হরি"—'এই গুণ্বাচক শব্দের সহিত হরিনাম উচ্চারণ করেন ? তাহাতে হরিনামের অর্থান্তর কল্পনা করা হয়। ইহা একটা বিশেষ অপরাধ; যাহারা এই অপরাধ করিয়া থাকেন তাঁদের হাদয় শুক্ত জ্ঞানাক্রান্ত হইয়া ক্রমশঃ রসশ্য হইয়া পড়ে।"

(৭) সপ্তম অপরাধ বিচার।

প্রীশ্রীংরিনাম বলে পাপাচরণ করা একটা গুরুতর পাপ বিশিয়া পরিগণিত। আজকাল অনেক ব্যক্তিই মর্কট বৈরাগীর বেশধারণ করিয়া বশিয়া থাকেন যে, "জীবগণের সকল প্রকার শাল্পে শুনিরাছি মহাপাপী অন্ধামিল ব্রাহ্মণ মৃত্যুকালে ব্যথাতনার অন্থির হইরাছিল। আমরা ত সর্বনাই "শ্রীরাধারুষ্ণ বল" গেলিরাই উদ্ধার হইরাছিল। আমরা ত সর্বনাই "শ্রীরাধারুষ্ণ বল" "গোরনিজাই বল" বলিরা উচ্চৈঃস্বরে ওগবানের নাম কীর্ত্তন করিয়া গৈরিক বসন পরিধান করিয়া নগরে নগরে আবাল-বৃদ্ধ-বনিতাক্তেও ঘাটিয়া ঘাটিয়া প্রেমদান করিয়া থাকি; এখন আর আমানদের পাপকর্ম্ম করিতে তর কি? আমরা যত পাপ করিব একবার মাত্র শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করিলেই তাহা সমূলে বিনাশ হইয়া ঘাইবে—

"একবার হরিনামে যত পাপ হরে। পাপীর কি সাধ্য আছে তত পাপ করে॥"

ভক্তরিটলগণ মনে মনে এইরপ বিবেচনা করিয়া ভাক্ত ভক্ত-নেড়া হরিদাসের ফ্লার চুরি, হিংসা, ছেব,মিথ্যা কথা প্রভৃতি নানাবিধ কুকর্মের রত হয়। অবশেষে যথন জন সমাজে তাহাদের গুপ্তকণা ব্যক্ত হইয়া পড়ে. তথন আর কেহই তাহাদিগকে ভালবাসে না, মনুষ্যের পরম শক্র হইয়া পড়ে এবং পরকালেও অশেষ নরক যন্ত্রণা ভোগ করিয়া থাকে। যথাঃ—

> "কিন্তু নামবলে যদি পাপে করে মতি। প্রায়শ্চিত্ত নাহি তার বড়ই ভূর্মতি॥ বহু যম-যাতনাদি পাইলেও তার। সেই অপরাধ হৈতে না হয় উদ্ধার॥ শ্রীহরিনামচিন্তামণি।

"পতন্তি নরকেষ্ তে যাবচ্চন্দ্র দিবাকরে।"

(৮) অষ্টম অপরাধ বিচার।

জন্মান্ত তাজ-কর্মের সহিত প্রীপ্রীহরিনাম কথনও সমান হইতে পারে না। যজ্ঞা, দান, তীর্থ-প্রমণ প্রস্থৃতি পুণাকর্ম কেবল "নাম-সাগরের অগাধ জলের ব্রুদের ন্তায়।" ৰহুমূল্য হীরকের সহিত অকিঞ্চিৎকর দামান্য কাচ থণ্ডের যেরপে প্রভেদ; প্রীপ্রীহরিনামের সহিত তীর্থ-প্রমণ, যজ্ঞ, দান, প্রভৃতি পুণাকর্মের তদপেক্ষা অধিক প্রভেদ আছে। জানৈক ভক্তকবি বলিয়াছেন:—

"বহু যজ্ঞ রাজ্যধন পুত্রকন্সা দান। শ্রীহরি নামের নহে শতাংশ সমান॥"

পরম ভাগবত মহারাজ ক্ঞানন্দ রাজার পুত্র শ্রীল প্রভু নরোত্য দাস ঠাকুর মহোদয় বলিয়াছেন:—

"তীর্থযাত্রা পরিশ্রম, সকলি মনের ভ্রম, সর্ববিসিদ্ধি গোবিনদ চরণ।"

প্রেমভক্তিচন্দ্রিকা।

মহিষ গৌতম বলিয়াছেন :--

গো-কোটী দানং গ্রহণেষু কাশী, প্রয়াগ গঙ্গাযুত কল্পবাসী। বজ্ঞাযুতং মেরু স্কুবর্ণ দানম্ গোবিন্দ নাম্নং ন কাদাপি তুল্যম্॥

পাগুবগীতা।

গ্রহণ সময় কোটী কোটী ধেরু দান করিলে, কাণী, প্রয়াগ, গঙ্গা প্রভৃতি তীর্থে অযুত কর পর্যান্ত বাদ করিলে, অযুত যজ্ঞাও অ্যেক্স পর্কত দদৃশ রাশি রাশি অবর্ণ দান করিলে যে ফল লাভ হইয়া থাকে, তাহা কখনও আী শীহরিনামের সমান হইতে পাবে না।

যজ্ঞ, দান, প্রভৃতি পুণা কর্ম্মের ফলে সমুষ্যগণের কেবল স্বর্গ লাভ হইয়া থাকে। প্রীশ্রীচৈতত্য মহাপ্রভূ সনাত্তন গোস্বামীকে বলিয়াছিলেন যে, পুণাকর্মের ফলে মনুষ্যকে—

> কভু স্বর্গে উঠায় কভু নরকে ডুবায়। দণ্ড্যজনে রাজা যেন নদীতে চুবায়॥

> > শ্রীশ্রীচৈতগাচরিতামৃত।

আবার পুণ্য ক্ষর হইরা গেলেই যে, এক দিবদ স্বর্গচ্যত হইর। জন্ম যন্ত্রণা ভোগ কবিতে হইবে ভাহাতে আর সন্দেহ কি ? পাপ, পূণ্যই জীবের বন্ধনের কারণ। সদাশিব শিবানীকে বলিয়া-ছিলেন:—

যথা লোহময়ৈঃ পাশৈঃ পাশৈঃ স্বর্ণময়েরপি।
তথাবদ্ধঃ ভবেজ্জীবঃ কর্ম্মাভিশ্চাশুভৈঃ শুভৈঃ।
মহানির্বাণতন্ত্র।

অশুভ কর্ম যেমন লোহময় শৃষ্থল এবং শুভ কর্মাও তেমন স্থানয় শৃষ্থাল; সুত্রাং এই উভয় শৃষ্থালের ফল ভোগেই জীবগণের বিদ্ধন হট্যা থাকে; কিন্তু যাহারা ভগবদ্ধক তাঁহাদিগের কথনও ক্রমাবিদ্ধনজনিত জন্ম যন্ত্রণা ভোগ করিতে হয় না। যথা:—

ন কর্ম্ম বন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যুতে।
বিষ্ণোরন্মচর স্বংহি মোক্ষমান্তর্মনীযিনঃ॥
ন দাস্ত বৈ পরেশস্ত বন্ধনং পরিকীর্ত্তিতম্।
সর্ববন্ধননির্মুক্তো হরিদাসা নিরাময়াঃ॥
পদ্মপুরাণ, উত্তর খণ্ড।

বৈষ্ণবগণের কথনও কর্মবন্ধনজনিত জন্ম পরিপ্রাহ করিতে হয় না, একমাত্র শ্রীশ্রীহরির দাস্থই স্থবীগণ কর্ত্ক মোক্ষ বলিয়া পরিকীর্ষিত। পরমেশ্বর শ্রীশ্রীহরির দাস্য কথনও ভববন্ধনোং-পাদক হইতে পারে না। কলুমহীন শ্রীশ্রীহরির ভক্তগণ বন্ধন হইতে পরিমুক্ত। অতএব দান, যজ্ঞ প্রভৃতি পুণ্যকর্মের সহিত কথনও শ্রীশ্রীহরিনামের ভুলনা হইতে পারে না।

(৯) নৰম অপরাধ বিচার।

ধে ব্যক্তি শ্রদ্ধাহীন ব্যক্তিকে শ্রীশ্রীহরিনামোপদেশ করেন তিনি নামাপরাধী। যেমন পাষাণের উপর বীজ রোপণ করিলে কথনও ভাহাতে অন্কুরোৎপদ্ধ হয় না, বরাহকে মুক্তাফল দিলে যেমন ফলের অবমাননা করা হয় তেমনি শ্রদ্ধাহীন ব্যক্তিকে শ্রীশ্রহিনামোপদেশ করাও নিতাস্ত অন্যায় কার্যা। যথা:—

"শ্রদ্ধা নাহি জন্মে যার হরিনাম তরে।
সাধুজনে নাহি দেন বৈষ্ণব আচারে॥
শ্রদ্ধাহীন জন যদি হরিনাম পায়।
অবজ্ঞা করিবে মাত্র সর্বব শান্ত্রে গায়॥"
শ্রীহরিনামচিন্তামণি।

মহাদেব বলিয়াছেন:-

যাজ্ঞিকঃ দাননিরতঃ সর্ববতম্ভোপসেবকঃ।
সত্যবাদী যতির্ববাপি বেদবেদাঙ্গপারগঃ॥
ব্রহ্মনিষ্ঠোকুলীনো বা তপস্বী ব্রততৎপরঃ।
ভব্রাদিকারিণী ভবেৎ কুষ্ণভক্তিবিবর্ডিজ্ঞতঃ॥

তহ্যাদ্ধরাব ভক্তায় কৃতত্মায় ন মানিনে। ন চ শ্রাদ্ধা বিহীনায় বক্তব্যং নাস্তিকায় চ॥ পদ্ম পুরাণ, পাতাল থণ্ড।

যাজ্ঞিক দাননিরত, (দাতা) সর্ক্রবিধ তম্বজ্ঞাতা, সত্যবাদী, বেদবেদাগ পারগ, যতি, ধর্মানিষ্ঠ, কুলীন (১) ব্রতী, তপদ্বী প্রভৃতি ব্যাক্তিগণ ও যদি প্রীপ্রীকৃষ্ণভক্তি বিবর্জিত হয়, তবে তাহাকে প্রীপ্রীক্রিনান উপদেশ করিবে না এবং যিনি কৃতন্ন, অভিমানী, শ্রদ্ধাবিহীন, তাহাকেও হরিনামোপদেশ করিবে না।

"শ্রদ্ধাবিরহিত জন শঠতা করিয়া। হরিনাম মাগে বৈষ্ণবের কাছে গিয়া॥ তাহার বঞ্চনা বাক্য বুঝি সাধুজন। হরিনাম নাহি দেন তারে কদাচন॥ সাধুবলে "ওরে ভাই শাঠ্য পরিহর। প্রতিষ্ঠাশা দূরে রাখি নামে শ্রদ্ধা কর॥ নামে শ্রদ্ধা হৈলে নাম অনায়াসে পাবে। নামের প্রভাবে এ সংসার তরে যাবে॥

(১) কুলীন স্থাঃ---

"আচারো বিনয়োবিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনম্
নিষ্ঠাকৃতিস্তপদানং নধবা লকুলক্ষণম্॥"
বিনি এই নবলক্ষণযুক্ত ও সদ্বংশসন্ত্ত তাঁহাকেই কুলীন বলে।
ইহার বিস্তুত বিবরণ মৎসংগৃহীত "প্রীশ্রীগুক্ততত্ত্বায়ত" দেখুন

যতদিন নাহি তব নামে শ্রদ্ধা ভাই। নাম লৈতে ভোমারত অধিকার নাই।

শ্রীশ্রীহরিনামচিন্তামণি।

যে সকল নরাধম আপনাদিগকে গুরু বিবেচনা করিয়া অপাত্রে প্রীহরিনাম প্রদান করেন, সেই সকল নরাধম নামাপরাধ পাপে জড়িত হইয়া শিষ্য সহ অধঃগতি প্রাপ্ত হইয়া থাকে। অতএব সদ্গুরু কথনও শ্রদাহীন ব্যক্তিকে শ্রীশ্রীহরিনাম প্রদান করিবননা।

(১০) দশম অপরাধ বিচার

ও নামাপরাধ মোচনের উপায়।

শীশীহরিনামের মাহাত্ম্য শ্রবণ করিরাও যে সকল মূচ্ব্যক্তি হরিনামে একান্ত শ্রদা না করিরা সাধনের উপায়স্বরূপ অন্যান্য প্রকার কর্মজ্ঞানের আশ্রর ত্যাগ না করেন তাহারাই নামাপরাধী। এই জনাই শীল নরোত্তমদাস ঠাকুর মহাশর বলিয়াছেনঃ— "অন্য অভিলাষ ছাডি. ভ্রানকর্মা পরিহরি.

কায়মনে করিব ভঙ্গন।

সাধু সঙ্গে কৃষ্ণ সেবা, না পূজিব দেবী দেবা (১), এই ভক্তি প্রম কারণ॥"

"আলিজনং বরং মন্যে ব্যালব্যান্ত জলোকসাং।
ন সঙ্গঃ শৈল্য যুক্তানাং নানাদেবৈক সেবিনাং॥"
জীভক্তির্যায়তসিন্ধ।

⁽১) **হরিভত্তের পক্ষে অন্য দেব-দেবী-দেবীর সঙ্গ** করাও অন্যায়। যথাঃ—

আবার বলিয়াছেন:—

"যোগীস্থাসী কর্ম্মীজ্ঞানী অস্থাদেব-পূজকধ্যানী,
ইহলোক দূরে পরিহরি।
ধর্ম্ম-কর্ম্ম-ত্রুখ-শোক, যেবা থাকে অস্থ যোগ,
ছাড়ি ভক্ত গিরিবরধারী।"

শ্রীমজ্রপ গোস্বামী বলিয়াছেন :—

অক্সভিলাধিতাশূভাংজ্ঞানকর্মাদ্যনার্তম্। আমুক্ল্যেন কৃষ্ণামুশীলনং ভক্তিক্লন্ত্রদা॥

ঐভিক্তিরসামৃতসিষ্কু।

শ্রীকৃষ্ণ সেবন ব্যতীত সন্য অভিলাষ শূন্য হইন্না জ্ঞান, কর্মাদির প্রতি স্বাধীন চেষ্টা পরিত্যাগ করতঃ (অর্থাৎ পূর্ব করিত মত পরিত্যাগ করিরা পূর্ব মহাজনগণের পথাস্থসরণ করিয়া সর্ব্বেশ্রিয় দারা অস্থক্লভাবে শ্রীশ্রীকৃষ্ণাস্থশীলন করাই ভ্রমাভক্তি। জ্ঞান ও কর্ম ভক্তির অমুগত হইলে কোন দোব ধাকে না; কিছ ভাহাদের প্রতি স্বাধীন চেষ্টা থাকিলে ভক্তিবিরোধী হইয়া পড়ে।

পূর্ব্বোক্ত দশপ্রকার নামাপরাধ পরিত্যাগ না করিয়া বছজন্ম পর্যান্ত শ্রীশ্রীহরিনাম শ্রবণ কীর্ত্তন করিলেও প্রেম লাভ হয় না। ভক্তিবিনোদ ঠাকুর মহোদয় বলিয়াছেন:—

> "বহন্তর কৃষ্ণ ভক্তি প্রেম নাহি হয়। অপরাধপুঞ্জ তার আছয়ে নিশ্চয়॥" শ্রীনবদীপধাম মাহাক্যা।

শ্রীল ক্লফদাস কবিরাজ গোস্বামী বলিয়াছেন :—

"বহুজন্ম করে যদি শ্রেবণ কীর্ত্তন।

তবুত না পায় কৃষ্ণপদে প্রেমধন॥

কৃষ্ণনাম করে অপরাধের বিচার।

কৃষ্ণ বলিলে অপরাধীর না হয় বিকার॥"

শ্রীশ্রীচৈতম্যচরিতাগৃত।

(অষ্টপ্রকার সাত্ত্বিক ভাবকে বিকার কহে) শ্রীমদ্রপ গোসানা প্রভু বলিয়াছেন :—

> স্তম্ভমেদরোমাঞ্চ তে স্বরভেদোহথবেপথুঃ। বৈবর্ণ মশ্রু প্রলয় ইত্যাফৌ সাদ্ধিকা স্মৃতাঃ॥

> > শ্রীভক্তিরসামৃতসিকু।

স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, স্বরভেদ, কম্প, বৈবর্ণ, অঞ্চও প্রনার, এই আট প্রকার সাত্মিক বিকার। নামাপরাধী ব্যক্তির কথনও এই আট প্রকার সাত্মিক ভাবের উদয় হয় না। যথাঃ—

তদশ্মসারং হৃদয়ং বতেদং যদগৃ হৃমানৈ হ রিনামধেয়ৈঃ। ন বিক্রিয়তাথ যদা বিকার নেত্রজলং গাত্ররুহেযু হর্ষ॥

শ্রীমন্তাগবত।

শ্রী শ্রীহরিনাম নিজ কর্ত্ত্ক বা অন্ত কোন ব্যক্তি কর্ত্ত্ক কীর্ত্তিত হইলে ধাহার হাদয় ভাবে আর্জ্র না হয়, তাঁহার হাদয় পায়াণাপেক্ষাও কঠিন ? স্থতরাং তাঁহাকেই নামাপরাধী বলিয়া জানিতে
হইবে।

শ্রীশীহরিনাম কীর্ত্তন বা শ্রবণ করিলেই শুদ্ধ ভক্তের ক্সন্থে প্রেমোদয় হইয়া থাকে। কিন্তু—

> "হেন কৃষ্ণনাম যদি লয় বহুবার। তবু যদি প্রেম নহে নহে অঞ্চধার॥ তবে জানি অপরাধ তাহাতে প্রচুর। কৃষ্ণনাম বীজ তাহে না করে অন্ধর॥"

> > শ্রীশ্রীচৈতগুচরিতামৃত।

যত দিন পর্যান্ত জীবের হৃদয়ে নামাপরাধ থাকে, ততদিন
পর্যান্ত নামরপ বীজ হইতে অঙ্কুর উৎপন্ন হইরা কথনও তাহাতে
প্রেমরূপ ফল ধরিতে পারে না। আীলীটেতন্যচরিতামূতের মধ্যলীলান উনবিংশ পরিচ্ছেদে কলি-পাবনাবতার আীলীটেতন্য মহাপ্রভা শ্রীশ্রীরূপ গোস্বামীকে যে উপদেশ দিয়াছিলেন, আমাদের
সর্বাধা তাহা স্করণ রাধা কর্ত্তরা। যথাঃ—

"ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান জীব।
গুরুক্ষ্ণ প্রসাদে পায় ভক্তিলতা বীজ ॥
মালী হঞা করে সেই বীজ আরোপণ।
শ্রবণ কীর্ত্তন জলে করয়ে সেচন ॥
উপজিয়া বাড়ে লতা ব্রহ্মাণ্ড ভেদি যায়।
বিরজা ব্রহ্মলোক ভেদি পরব্যোম পায় ॥
ভবে যায় ভত্নপরি গোলোক বৃদ্দাবন।
কৃষ্ণচরণ কল্পবৃক্ষে করে আরোহণ॥
ভাহা বিস্তারিত হৈয়া ফলে প্রেম ফল।

ই হা মালী সেচে নিত্য শ্রবণ কীর্ত্তন জল।

যদি বৈষ্ণব অপরাধ (>) উঠে হাতীমাধা ॥
উপাড়ে বা ছিণ্ডে তার শুকি যার পাতা।
তাতে মালী যত্ন করি করে আবরণ ॥
অপরাধ হস্তী যৈছে না হয় উদগম ॥
কিন্তু যদি লভার সঙ্গে উঠে উপশাখা।
ভুক্তি মুক্তি বাঞ্ছা যত অসংখ্য তার লেখা ॥
নিষিদ্ধাচার (২) কুটা নাটা জীব হিংসন।
লাভ পূজা প্রতিষ্ঠাদি যত উপশাখাগণ॥

- (১) বৈষ্ণব অপরাধ ছয় প্রকার। যথা,—

 "হস্তি ছিন্দতি বৈ দেষ্টি বৈষ্ণাবালাভিনন্দতি।

 ক্রুদ্ধতে যাতি নোহর্ষং দর্শনে পতনানি ষট্॥

 স্কর্মপুরাণ।
- (১) বৈষ্ণব হনন করা (২) বৈষ্ণব নিন্দা করা (৩) বৈষ্ণ-বের দ্বেষ করা (৪) বৈষ্ণবকে অভিনন্দন না করা (৫) বৈষ্ণবের প্রতি ক্রোধ প্রকাশ করা এবং (৬) বৈষ্ণব দর্শনে হর্ষযুক্ত না হওয়া।
 - (২) নিষিদ্ধাচার দশপ্রকার যথা:--
 - ১। বহিন্দুখ জনসঙ্গ। ইহা পাঁচপ্রকার যথা:---
 - (क) নীতিরহিত ও ঈশ্বর বিশাসহীন ব্যক্তি।
 - (ব) নৈতিক কিন্তু ঈশ্বর বিশ্বাদ রহিত ব্যক্তি।
- (গ) সেশ্বর নৈতিক অর্থাৎ যে ব্যক্তি ঈশ্বরকে নীতির অধীন বলিয়া জানে।

সেকজল পাইয়া উপশাখা বাজ়ি যায়।
স্তন্ধহৈয়া মূলশাখা বাজ়িতে না পায়॥
প্রথমেই উপশাখার করয়ে ছেদন।
তবে মূল শাখা বাজ়ি যায় রুন্দাবন॥
প্রেম ফল পাকি পড়ে মালী আস্বাদয়।
লতা অবলম্বি মালী কল্পবৃক্ষ পায়॥
তাহা সেই কল্প রক্ষের করয়ে সেচন॥
স্থথে প্রেম ফল রস কর আস্বাদন॥"
শ্রীশ্রীটেতগ্যচরিতায়ত।

এক্ষণে নামাপরাধ হইতে নিক্কতি লাভের উপায় সম্বন্ধে ভক্তি
শাস্ত্র হইতে কয়েক প্রমাণ বলিয়াই এ বিষয়টীকে শেষ করিব।
নামাপরাধী ব্যক্তির নিরম্ভর শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করাই
অপরাধ মোচনের উপায়। শ্রীশ্রীভগবান বলিয়াছেন:--

মম নামানি লোকেংস্মিন্ শ্রহ্মিয়া যস্তকীর্ত্তরেৎ। ভস্তাপরাধ কোটীস্তু ক্ষমাম্যেব ন সংশয়ঃ॥

বিষ্ণুযামল।

- (घ) মিধ্যাচারী বৈড়াল ব্রতীক ও তৎকর্ত্তৃক বঞ্চিত।
- (७) निर्कित्मयवानी ७ वस्वीयववानी।
- ২ ৷ অনুবন্ধ ইহা চারি প্রকার যথা :--
- (ক) শিষ্য দারা অমুবদ্ধ। (থ) সঙ্গী দ্বারা অমুবদ্ধ।
- (গ) ভৃত্য দারা অমুবন্ধ। (ঘ) বান্ধবাদি দারা অমুবন্ধ।
- ৩। মহারম্ভাদির উদাম।
- ৪। বছশান্ত্র কলাভ্যাস ও ব্যাথাবাদ।
- ে। কার্পণ্য। (ইহা তিন প্রকার যখা)

যে ব্যক্তি শ্রদ্ধাপূর্বক আমার নাম কীর্ত্তন করে, আমি তাঁহার ক্বত কোট কোট অপরাধ ক্ষমা করি। স্থতরাং শ্রী শ্রী-হরিনামাশ্রয় করিলে নামাপরাধের ভর থাকে না। পরম ভাগবং শ্রীলালদাদ বাবাদ্ধী বলিয়াছেন:—

"তবে যদি হয় কভু নামের আত্রয়। কৃষ্ণনাম হৈতে হয় অপরাধ ক্ষয়॥ তবে যদি সেই নাম অবিত্রাস্ত করে। নাম অপরাধ পাপ নাম হৈতে তরে॥"

শ্রীউপাসনাচক্রায়ত।

জাতে নামাপরাধেহপি প্রমাদেন কথঞ্চন। সদা সন্ধীর্যুন্নাম তদেক শরণো ভবেৎ॥

- (क) रावहात कार्पगा (च) अर्थ कार्पगा (ग) सम कार्पमा ।
- ৬। শোকাদি দারা বশীভূত হওয়া। (বশবর্জিভা চারি প্রকার)
- (ক) শোক দারা (খ) অভাাস দারা (গ) মাদকাদি দারা (দ) কুসংস্কারের দারা বশবভিভা।
 - ৭। অন্যান্ত দেবতার প্রতি অবজ্ঞা।
 - ৮। ভৃত সকলকে উদ্বেগ দান।
- ৯। সেবা অপরাধ ও নামাপরাধ। সেবা অপরাধ পাঁচ প্রকার। যথা—(নামাপরাধ "২১ শ পৃষ্ঠায় দেখ।
 - (ক) সাধামত যন্ত্ৰাভাব।
 - (খ) অবজ্ঞা।
 - (গ) অপবিত্রতা।

নামাপরাধযুক্তানাং নামান্তেব হরন্ত্যঘং। অবিশ্রান্ত প্রযুক্তানি তান্তেবার্থ করানি চ॥ পদ্মপুরাণ।

যদি কথনও প্রমাদ বশতঃ নামাপরাধ উপস্থিত হয়, তাহা হইলে সকলা আহিরিনাম কীর্দ্তন পূর্বক একমাত্র হরিনামেরই শরণাগত হইবে। নামাপরাধ্যুক্ত ব্যক্তিগণের শীশীহরিনামই সকল অপরাধ হরণ করেন। শীশীহরিনাম অবিশ্রাস্ত কীর্ত্তন করিলে যাবতীয় অপরাধ মোচন হইয়া থাকে। অতএব—

তিশ্মংশ্চ ভগবন্ধান্দ্মি জগদেকোপকারিণি। বিশ্বেকসেব্যে মতিমানপরাধান্ বিবর্জ্জয়েৎ॥ জৈমিনী সংহিতা।

বৃদ্ধিমান ব্যক্তি জগতের একমাত্র উপকারী, বিশ্ব সংসারের একমাত্র সেবনীয় দেই আঞ্জীভগবল্লামের প্রতি অপরাধসমূহ বজ্জন করিবে।

নামাপরাধ মোচনের জন্য ভক্তিভাবে সর্বাদা শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করতঃ ভগবানের নিকট ক্ষমা প্রার্থনা করা একাস্তকর্ত্তব্য।

⁽ঘ) নিষ্ঠার অভাব।

⁽६) গৰ্ব।

১০। ভগবদ্ধিলা ও ভাগবত নিন্দার অমুমোদনে বা সহায়তা করা। এ সম্বন্ধে বিস্তৃতক্ষপে জানিতে হইলে ভক্তিবিনোদ ঠাকুর মহোদন্ম প্রণীত, খ্রীচৈতন্য শিক্ষায়ত দেখুন।

শ্রীহরিনামের উৎপত্তি।

ভ্বনমঙ্গল শ্রীহরিনামের উৎপত্তি বিবরণ। যথা:—
জ্ঞাতো রুচে রজনয়ৎ স্থমান্ স্থাজ্ঞ
আকুতি সূন্মরমরানথ দক্ষিণায়াং।
লোকত্রয়স্য মহতী মহরদ্ যদার্ত্তিং
স্থায়ভূবেন মন্মুনা হরিরিত্যনুক্তঃ॥

ব্রহ্মা নারদের নিকট ভগবানের অবতার কথা বলিতেছেন,—
তিনি যক্ত নামে, রুচির ঔরদে আকুতির গর্ভে জন্মগ্রহণ করিয়া
দক্ষিণার গর্ভেম্বম নামক দেবগণকে উৎপাদন করিয়াছিলেন।
তথন তাঁহার মাতামহ স্বায়ন্ত্র মন্ত্র (প্রথমে যক্ত নাম হইলেও)
শেষে 'হরি' এই নামে তাঁহাকে অভিহিত করিয়াছিলেন।

'অবোর চতুর্থ মন্বস্তরেও 'হরি' নামে ভগবানের অবতার হয়। মথা---

ত্রাপি যজ্ঞে ভগবান্ হরিণ্যাং হরিমেধসঃ। হরি রিত্যাহ্মতো যেন গজেল্রো মোচিতো গ্রাহাৎ॥ শ্রীভাগবত।

তাহাতেও অর্থাৎ চতুর্থ মন্তম্বরেও হরিমেধা নামক মুনির ওরদে তদীয় পত্নী হরিণীর গর্ভে ভগবান আবিভূতি হইয়াছিলেন। ভক্তের ক্লেশ হরণের নিমিত্তই তিনি 'হরি'নামে আখ্যাত হন এবং কুণ্ডীরের আক্রমণ হইতে গজেন্ত্রকে মুক্ত করেন।

শ্রীহরিনামের ব্যুৎপত্তি

ছ ধাতুর উত্তর ই প্রতার করিয়া হরি শব্দের উৎপত্তি হইয়াছে।
হু ধাতুর অর্থ হরণ করা। যিনি জীবের নিথিল পাপ হরণ করেন
তিনিই হরি। যথাঃ—

হরি হরতি পাপানি ত্নুফটিটেন্ডরপিস্মৃতঃ। অনিচ্ছয়াপি সংস্পৃষ্টো দহত্যেব হি পাবকঃ॥ বিষ্ণুধর্ম।

ইচ্ছাপূর্বকই হউক বা অনিচ্ছা পূর্বকই হউক যেমন স্পর্শ মাত্রেই অগ্নি দগ্ধ করিয়া থাকে, সেইরূপ অশ্রদ্ধা পূর্বকও বাঁহার। শ্রীহরিকে স্বরণ করেন, হরি জাঁহাদের পাপ হরণ করিয়া থাকেন।

> রুদ্ররপেণ সংহর্তা বিশ্বানামপি নিত্যশঃ। ভক্তানাং পালকো যো হি হরিস্তেন প্রকীর্ত্তিতঃ। শ্রীত্রহ্মবৈর্ত্তপুরাণ।

যিনি ক্লক্সপে বিশ্বের সংহার করেন এবং ভক্তগণের পালন করেন তিনি হরিনামে অভিহিত।

শ্রীচরিতামৃতেও শ্রীহরিনামের একটি স্থন্দর ব্যুৎপত্তিলভা অর্ধ আছে। যথা:—

> "হরি শব্দে নানা অর্থ ছই মুখ্যতম। সর্বব অমঙ্গল হরে, প্রেম দিয়া হরে মন॥"

এতদ্বির হরি শব্দে যিনি ভয় হরণ করেন, আর্দ্তি হরণ করেন, পুনর্জন্ম হরণ করেন, ভূভার হরণ করেন, ভক্তকে স্বধামে হরণ করেন ইত্যাদি বহু ব্যুৎপত্তি লব্ধ অর্থ হইতে পারে। বাহল্য বোধে আলোচিত হইল না।

শ্রীশ্রীহরিনাম মাহাত্ম।

শ্রীহরিনামের তুল্য অবস্থা-ধন আবর ত্রিজ্বগতে নাই। একমাত্র নামই নামের তুলনা। এই জন্ম বৈঞ্চৰগণ গাহিয়া থাকেন যে,—

"ও মন! হরিনামের তুল্য ধন কি জগতে আছে ? হরি নাম যে সত্য, ও সে পরম পদার্থ, হরি হৈতে হরি নামের অধিক মাহাত্ম্য॥" ইত্যাদি। আর একটা গানেও বর্ণিত আছে;—

" ও মন! হরিনাম মহা ঔষধি,
ভারে ভক্তিতে পান কর যদি,
তবে থাক্বেনা আর কোন ব্যাধি,
ভবে,হবি পার॥" ইত্যাদি।

মহর্ষি ব্যাসদেব বলিয়াছেন,—

ন শান্দ্র ব্যাধিজং ছুঃখং হেয়ং নাত্যোষধৈরপি। ছরিনামোষধং পীত্বা ব্যাধিস্ত্যাজ্যো ন সংশয়ঃ॥ পরাশর-সংহিতা।

হে শাঘ! যথন অভাত ঔষধ সেবন করিয়াও ব্যাধিজনিত ছঃ নিবারণ হইল না, তথন ঔষধদারা কথনও উহার কোন প্রতিকার হইবে না, তথন কেবল মাত্র শ্রীশ্রীহরিনাম মহৌষধি পান করিয়াই রোগ দূর করা কর্ত্ব্য।

জপ, তপ: প্রভৃতি কিছুই শ্রীশ্রীহরিনামের তুল্য নহে। মহাজনগণ বলিয়াছেন:— "যত যাগযোগের সাধন, জ্বপ, তপ, আরাধন, হুরিনাম-সাগরে অগাধ নীরে বুদুদু যেমন;

্হরিনাম-সাগরে অগাব শারে বুবুদ বেম্ন ্হরিনাম-সাগরে মগ্ন যে জন,

তার কি সাধন আরও চাই॥"

শান, ব্রত, যজ্ঞ, তপস্থা, জ্ঞান, ধ্যান প্রভৃতি কিছুই শ্রীহরি-নামের তুল্য নহে। শ্রীকৃষ্ণ অর্জ্জ্নকে বালয়াছিলেন যথা:—

ন নাম সদৃশজ্ঞানং ন নাম সদৃশত্রতম্।
ন নাম সদৃশপ্রানং ন নাম সদৃশ ফলম্॥
ন নাম সদৃশপ্রাংগা ন নাম সদৃশাগতিঃ॥
নামেব পরমাম্জির্নামেব পরমাগতিঃ।
নামেব পরমাশান্তির্নামেব পরমাশ্বিতঃ॥
নামেব পরমাশান্তির্নামেব পরমাশ্বিতঃ॥
নামেব পরমা। ভক্তি র্নামেব পরমাশ্বিতঃ।
নামেব পরমাগ্রীতি র্নামেব পরমাশ্বিতঃ।
নামেব কারণং জন্তো র্নামেব পরমাশ্বিতঃ।
নামেব কারণং জন্তো র্নামেব পরমাশ্বিতঃ।
নামেব কারণং জন্তো র্নামেব পরমাশ্বিতঃ।

আদিপুরাণ।



শ্রীমন্ততি বিনোদঠাকুর মহোদয় রচিত পদ্যান্মবাদ যথা:

''নামের সদৃশ জ্ঞান নাহিক নির্ম্মল। নামের সদৃশত্রত নাহিক প্রবল। নামের সদৃশ ধ্যান নাহি এজগতে। নামের সদৃশ ফল নাহি কোনমতে ॥ নামের সদৃশ জ্ঞান কোনরূপে নয়। মামের সদৃশ শম কভু নাহি হয়। নামের সদৃশ পুণ্য নাহি এসংসারে। নামের সদৃশ গতি না দেখি বিচারে॥ নামই পরমমুক্তি নাম উচ্চগতি। নামই প্রমশান্তি নাম উচ্চন্তিতি ॥ নামই প্রমভক্তি নাম শুদ্ধস্থিতি। নামই পরম প্রীতি নাম পরাস্মৃতি॥ নামই কারণ তত্ত্ব নাম সর্ববপ্রভু। পরম আরাধ্য নাম গুরুরূপে বিভু॥

শ্রীহরিনাম চিন্তামণি ৷

একমাত্র হরিনামই সংসার-মোচন ও ক্লম্প্রপ্রাপ্তির উপায়। শ্রীচৈতন্ত্র মহাপ্রভূ বলিয়াছেন।— কৃষ্ণ নাম হৈতে হবে সংসার মোচন। কৃষ্ণ নাম হৈতে পাবে কৃষ্ণের চরণ।

শ্রীশ্রীচৈতগ্রচরিতামৃত।

শ্রীশ্রীহরিনামই ভবসংসার পারের তরণী; যথা:—

থোর তিমির-ভবসংসারের তরী।

জায় জয় জগনাজল নাম হরি n

শ্ৰীশীভক্তমাল গ্ৰন্থ।

অংহঃ সংহরদখিলং সকুতুদয়াদেব সকল লোকস্থা।
তরণিরিব তিমির জলধের্জয়তি জগন্মঙ্গলং হরের্নাম।
প্রাবলী।

একবার মাত্র যে (হরি) নাম উদয় হইলে জীবগণের অথিল পাপ বিদ্রিত হয়, পাপ-তিমির-জলধির তরণীস্বরূপ সেই জগন্মস্বল শ্রীশ্রীহরিনাম জয়যুক্ত হইতেছেন।

ফরিনপুর, কাশীমপুব-নিবাসী মহাভাগবত শ্রীযুক্ত বরদাকাস্ত চক্রবর্ত্তী মহোদয় বলিয়াছেন:—

> ''ভববারি তরিবারে হরিনাম তরি। চু'বাহু তুলিয়া জীব বল হরি হরি॥'' স্বীর্ত্তন-যজ্ঞ।

তাই বলি:---

''হরি হরি বল ভাই নাম কর সার। হরিনাম বিনে ভবে বন্ধু নাহি আর॥" শ্রীশ্রীহরিনাম স্মরণ মাহাত্ম্য।
"স্মৃতে সকল কল্যাণভাজনং যক্ত জায়তে।
পুরুষং তমজং নিত্যং ব্রক্ষামি শরণং হরিং॥"
পাণ্ডব-গীতা।

শ্রীশ্রীহরিনাম স্মরণ করিলেই সর্ববিধ কল্যাণভাজন হওরা বার; স্তবাং আমি সেই নিত্য ও অজপুরুষ শ্রীশ্রীহরির নাম স্মরণ করিতেছি।

অপবিত্রঃ পবিত্রোঝ সর্ববাবস্থাং গতোহপিবা।

যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং সবাহ্যাভ্যন্তরঃ শুচিঃ॥

গরুতপুরাশ।।

অপবিত্র হউক কিম্বা পবিত্রই হউক, অথবা যে কোন অবস্থাতেই থাকুক্ না কেন, পুগুরীকাক্ষ শ্রীশ্রীহরির নাম স্বরপঃ করিনেই তিনি বাহ্য ও অভ্যস্তরে শুচী হইরা থাকেন।

ভক্ত হৃড়ামণি প্রহলাদ তাঁহার পিতা দৈতাপতি হিবণাকশিপুকে বিশরাছিলেন :—

দন্তা গজানাং কুলিশাপ্র নিষ্ঠুরাঃ
শীর্ণা ষদেতে নবলং মনৈতৎ।
মহাবিপৎপাত বিনাশনোংয়ং
কার্দিনামুম্মরণামুভাবঃ ॥

বিষ্ণুপুরাণ ॥

হে পিতঃ! হস্তীগণের দশন কুলিশবৎ তীক্ষ, তৎসমক্তঞ্জ বধন শীর্ণ হইল, তথন উহা আমার বল নহে, মহাবিপৎপদক্তের সংহারকারী জনার্দনের নামশ্বরণ-প্রভাবই উহার কারণঃ যে মাং জনাঃ সংস্মরন্তি কলো সরুদপি প্রভুং।
তেষাং নশ্যতি তৎপাপং ভক্তানাং পুরুষোত্তমে ॥
কুর্মপুরার।

কলিকালে যেসকল ব্যক্তি একবার মাত্রও আমাকে গ্রভ্-ক্লপে শ্বরণ করে, পুরুষোত্তম আমাতে ভক্তিনিষ্ঠ সেই সকল ব্যক্তির হুল্ডর কলির পাপসকল সন্ম বিনাশপ্রাপ্ত হয়।

প্রায়শ্চিত্তান্যশেষাণি তপঃ কর্ম্মাত্মকানি বৈ।

যানি তেষামশেষাণাং কৃষ্ণান্ম স্মরণং পরং ॥

কৃতে পাপেহনুতাপো বৈ যদ্য পুংসঃ প্রজায়তে ।

প্রায়শ্চিত্তম্ভ তদ্যৈকং হরিসংস্মরণং পরং ॥

বিষ্ণুরাণ ।

সর্বপ্রকার প্রায়শ্চিত, তপস্তা, দান, জপ, ও ব্রত প্রভৃতির মধ্যে শ্রীক্ষক্ষরণই সর্বাপেক্ষা শ্রেষ্ঠ। পাপাচরণ করিশে পর, যে ব্যক্তির অফুতাপ জন্মে, এক মাত্র শ্রীহরি নাম শ্বরণ করিলেই ভাহার পরম প্রায়শ্চিত হইরা থাকে।

কখাপ মৃনি বলিয়াছেন :--

কৃষ্ণাসুত্মরণাদেব পাপসংঘাত পঞ্চরা। শতধা ভেদমাপ্রোতি গিরিব জু হতো যথা।

শাওবগীতা।

অশনিশারা আহত হইয়া পর্বত যে প্রকার শতধা বিদীর্ণ হইয়া যায়, সেইরূপ প্রীকৃষ্ণের নাম সরণমাত্রেই কুপীকৃত পাণ সকল ধ্বংশ হইয়া যায়।

শ্রীকৃষ্ণ বলিয়াছেন :--

কৃষ্ণ কৃষ্ণেতি কৃষ্ণেতি যো মাং স্মরতি নিত্যশঃ। জলং ভিশ্বা যথা পদ্মং নরকাতুদ্ধরাম্যহম্॥ নৃসিংহ-পুরাণ।

কৃষ্ণ ! কৃষ্ণ ! কৃষ্ণ ! বিশিষা ধে ব্যক্তি আমাকে নিতা শ্বরণ করে, পদ্ম যেমন জল ভেদ করিয়া উথিত হয়, সেইরূপ আমিও তাহাকে নরক হইতে উদ্ধার করিয়া থাকি।

> যমমার্গং মহাঘোরং নরকাংশ্চ যমং তথা। স্বপ্রেহপি ন নরঃ প্রশ্যেদ্ যঃ স্মরেদ্গরুড়ধ্বজং॥ স্কন্পুরাণ।

যে মানব গরুড়ধ্বজ প্রীক্ষের নাম প্ররণ করেন, তাঁহাকে স্থপ্নেও মহাঘোর যম-পুরী, নরক সকল ও যমরাজ্ঞকে দর্শন করিছে। হয় না।

অম্মানহর্নিশং বিষ্ণু স্মরণাৎ পুরুষোত্তমঃ।
সর্ববপাপবিনিমুক্তো যাতি বিষ্ণো পরম্ পদং।
পদ্মপুরাণ।

বে ব্যক্তি অহর্নিশ পুরুষোত্তম শ্রীবিষ্ণুর নাম পারণ করেন, সে ব্যক্তি সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া চরমে বিষ্ণুলোকে গমন করতঃ শ্রীবিষ্ণুর প্রমপদ প্রাপ্ত হইয়া থাকেন।

শীকৃষ্ণ অৰ্জুনকে বলিয়াছিলেন :—

সন্তকালে চ মামেব স্মরন্ম কুটা কলেবরম্।

য প্রয়াভি স মন্তাবং কাভি নান্তাত্র সংশয়ঃ॥

শীমভাবন্ধাভা।

হে অর্জুন! যে ব্যক্তি অন্তিমকালে আমার নাম স্মরণ করিয়া দেহ পরিত্যাগ করিয়া থাকেন, তিনি নিশ্চয়ই আমার স্বরূপ প্রাপ্ত হ'ন, ইহাতে কোনরূপ সন্দেহ নাই।

প্রীক্রীহরিনামকীর্ত্তন-মাহাত্ম।

নিরস্তর ব্রীশ্রীহরিনাম কীর্ত্তন করা কর্ত্তব্য। যে নরাধমকুত্তর্লভ মন্থ্যজন্ম গ্রহণ করিয়া ভবভয়হারী শ্রীহরির পবিত্র নামকীর্ত্তন না করে, তাহার মানবজীবন পশুজীবনের তুল্য। যথা:—

''জিহ্বাসতীদার্দ্ধু রিকেবসূত-ন চোপগায়ত্যুরুগায়গাথা ॥''

শ্ৰীমন্তাগৰত।

ষে ৰাক্তির জিহবা উক্গায় শ্রীহরির নামকীর্ত্তন না করে; ভাহার সেই অসতী জিহবা ভেকজিহবা মাত্র।

> ষেন জন্মসহস্রাণি বাস্থদেবো নিষেবিতঃ ॥ তন্মুখে হরিনামানি সদা তিষ্ঠতি ভারতঃ॥

> > পদ্মপুরাণ।

হে ভারত ! থাঁহারা বছজন্ম ভগবানের অর্চনা করিরাছেল। উাহ্লাদের মুখে তৎফলম্বরূপ শ্রীহরিনাম সর্বদা অবস্থিত করেন।

নিরপরাধে শ্রীহরি নাম কীর্ত্তন করিতে করিতে নামকীর্ত্তন-কারীর ক্রমে বহুতৃণ্ডের আকাজ্ঞা হয়। যথাঃ— "মুখে লইতে কৃষ্ণ নাম, নাচে তুণ্ড অবিরাম, আরতি বাড়য় অতিশয়। নামে স্থমাধুরী পায়্যা, ধরিবারে নারে হিয়া, অনেক তুণ্ডের বাঞ্ছা হয়॥"

পদকল্পতক ।

পৌর্ণনাদী দেবী বলিয়াছেন :—

তুণ্ডেতা গুবিনীরতিং বিতন্তে তুগুবলীং লব্ধয়ে।

কর্ণক্রোড়কড়ম্বিনী ঘটয়তে কর্ণাব্বুদেভ্যুস্পৃহাং॥

চেত-প্রাঙ্গণ-সঙ্গিনী বিজয়তে সর্বেক্সিয়াণাং কৃতি।

নোজানে জনিতা কিয়ন্তিরমুতৈঃ কুফ্ণেতিবর্ণবিয়ীঃ॥

বিলয়মাধ্ব।

বৈষ্ণবদঙ্গিনী পঞ্জিকার সম্পাদক, বিবিধ ভক্তিগ্রন্থ-প্রণেতা শ্রীল শ্রীযুক্ত পণ্ডিত মধুস্থদন দাস অধিকারী মহোদয়ের রচিত শ্রীশ্রীগোবিন্দনামাযুতে" এই শ্লোকটীর গদ্যাসুবাদ অন্তয়ন্ত মধুর,

যথা :--

"আহা, 'রুঞ্ধ' এই তুইটী বর্ণ না—জানি কতই অমৃতের সহিত উৎপন্ন হইরাছেন, দেখ, এই হৃদয়-মন-মাতান পীযুষভরা নাম য়খন রসনায় নৃত্য করেন, তখন একটী রসনায় সে অমৃত-নির্থরের আর কতটুকু আসাদ পাওয়া যাইবে, এজ্ঞ বহুতুও পাইবার জ্ঞ উদ্দাম লাল্সা বিস্তার করে। আবার যথন প্রবণকুহরে প্রবেশ করিয়া স্থীয় মাধুয়্য স্বভাবগুলে প্রীতি অঙ্কুরিত করেন, তখন সেই শ্রুভিস্থকর শ্রীক্রঞ্জনামের শুণমাহান্ম প্রবণ করিছে এত মধুর বোধ হয় বে, তুইটী কর্গে আর সে শ্রুব-পিপাসা মিটে

না, তথন অর্ক্ দুসংখ্যক কর্ণলাভেব বাসনা জন্ম। আবার সেই স্থাসাল শ্রীকঞ্চনাম যথন চিত্ত প্রাঙ্গণে সমুদিত হয়, তথন যাবতীয় ইন্দ্রিয় ব্যাপার পরাভূত হইয়া যায়, (১) তথন চুর্দ্মনীর ইন্দ্রিয়গণ বহির্ব্যাপার হইতে অবসর গ্রহণ করিয়া সেই শ্রীকৃষ্ণ-নামের স্থা-সমুদ্রে সুবিধা পুলক।নন্দে প্রকৃল হইয়া উঠে।"

চেতোদর্পণ মার্জ্জনং ভবমহাদাবাগ্নি নির্বাপণম্। শ্রেয়কৈরব চন্দ্রিকা বিতরণং বিদ্যাবধূজীবনম্॥ আনন্দাম্বুধিবর্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনম্। সর্ববাত্মাস্প্রপনং পরং বিজয়েতে শ্রীকৃষ্ণকীর্ত্তনম্॥ প্রভাবলী।

শ্রীকৃষ্ণ-সন্ধীর্তনে চিত্তদর্পণ মার্জিত হয়, ভবনহাদাবাথি
নির্বাপিত হয়, চন্দ্রেব স্থানিধ কিরণে বেমন কুমুদ ফুটিয়া উঠে,
শ্রীকৃষ্ণ নামকীর্তনে তদ্রপ আয়ার মঙ্গল প্রক্ষুটিত হয়, ব্রন্ধবিদ্যা
অস্থ্যাম্পশ্রাবিধুর স্থায় অর্থাৎ বধ্ বেমন অন্তঃপুবের অন্তপুরে
বাস করে, ব্রন্ধবিদ্যাও তেমনি হৃদয়ের অতিনির্জন প্রকোঠে লুকায়িত
থাকেন। শ্রীকৃষ্ণ-সন্ধীর্তন সেই ব্রন্ধবিদ্যার জীবনস্বরূপ; ইহার
দ্বারা আনন্দ-সাগর উথলিয়া উঠে, ইহার প্রতিপদে পূর্ণামৃতের
আরাদ, সতরাং ইহাতেই সামুষ, রসে ডুবিয়া, আয়হারা হইয়া যায়।

^{(&}gt;) নরোত্তম ঠাকুর বলিয়াছেন :—

"আপনি পলায় সব, শুনিয়া গোবিন্দরব,

দিংহরবে যেন করীগণ।

সকল বিপত্তি যাবে,

মহানন্দ স্থুথ পাবে,

মার হয় একাস্ক ভল্পন ॥" প্রেমভক্তিচিক্সিকা।

এবং ব্রতঃ স্বপ্রিয় নামকীর্ক্ত্যা জাতামুরাগোদ্রুতচিত্ত উচ্চৈঃ। হসত্যথ রোদিতি রৌতি গায়-তুমাদবন্ধৃত্যতি লোক বাহ্যঃ॥

শ্রীমন্ত্রাগবভ।

শীহরির নাম ও লীলাকীর্ত্তনরূপ দ্রত যিনি অবলম্বন করিয়াছেন, তাঁহার সেই প্রমপ্রিয় শীহরির নাম কীর্ত্তন করিতে করিতে
হানরে 'অন্তরাগের উদয় হয়, চিত্ত দ্রবীভূত হয়, স্ক্তরাং তিনি
উন্তরের তাায় বাহজ্ঞানরহিত হইয়া কথনও হাত্ত, কখনও বানেন,
কখনও চীৎকার, কখনও গান, কখনও বান্ত্যাদি করেন;
এরং বলেন ধে—

"পরিবদতু জনর্যথাতথায়ং নমু মুখরো ন বয়ং বিচারয়ামঃ। হরিরসমদিরা সদাতিমত্তাঃ ভূবি বিলুঠাম নটাম নির্বিশাম॥"

পদ্যাবলী।

বহিন্দু থ (পাষও) গণ যেরপেই পারে "মুথর" হইরা আমা-দের নিন্দা করুক, আমরা কথনও তাহা প্রবণ করিব না, বিচার করিব না, কেবল হরি-রস-মদিরাপানে মত্ত হইরা পৃথিবী পৃষ্ঠে গুড়াগড়ি দিব, নাচিব ও মূর্চ্ছিত হইরা পড়িব।

> "নাতঃপরতরং পুণ্যং ত্রিযু লোকেরু বিদ্যতে। নামসঙ্কীর্ত্নাদেব তারকংব্রহ্ম দৃশ্যতে॥" ব্রহ্মাণ্ডপুরাণ, উত্তরপঞ্চ।

ভারকত্রদ্ধ শ্রীশ্রীহরি নাম কীর্ত্তনের ন্যায় ত্রিলোকের মধ্যে পবিত্রের কারণ অন্য কিছুই নাই, কেবলমাত্র শ্রীহরির নামকীর্ত্তন ছারাই ভগবানের শ্রীপাদপদ্ম দর্শনলাভ হইয়া থাকে।

হরিনাম পরা যে চ ঘোরে কলিযুগে নরা:।
ত এব কৃতকৃত্যাশ্চ ন কলির্বাধতে হি তান্॥
বৃহন্নারদীয় পুরাণ।

যে সকল লোক এই ঘোর কলিযুগে শ্রীশ্রীহরিনাম-পরার্থ, তাঁহারাই ক্লভক্বত্য, কলি কখনও তাঁহাদিগকে বাধা দিতে সমর্থ হয় না।

> কলিং সভা কয়স্ত্যাৰ্য্যা গুণজ্ঞাঃ সারভাগিনঃ। যত্র সঙ্কীর্ত্তনে নৈৰ সর্ববন্ধার্থোহ ভিলভ্যতে॥ শ্রীমন্তাগবত।

গুণজ্ঞ, সারগ্রাহী আর্য্যগণ কলিকে সম্মান করিয়া থাকেন, কেননা এই কলিযুগে শ্রীহরিনাম সন্ধীর্ত্তন দার্যাই সকল স্বার্থ সিদ্ধি হইয়া থাকে।

কলের্দোষ নিধেরাজন্ধস্তিহ্যেকোমহান্ গুণঃ।
কীর্তনাদেবকৃষ্পস্থ মুক্তোবন্ধ পরংব্রজেৎ॥
শ্রীমন্তাগবত।

হে রাজন্! কলির নিথিল দোষ সত্তেও তাহার এই একটা মহং গুণ দেখিতে পাওরা যায় যে, লোকে প্রীহরিনাম কীর্তুন করিলে ভববন্ধন মুক্ত হইয়া পরম গতি লাভ করিয়া থাকে। যন্নামধেয়ং শ্রিয়মাণ আতুরঃ
পতন্ ঋলন্ বা বিবশো গৃহুন্পুমান্।
বিমুক্ত কর্মার্গল উত্তমাং গতিং
প্রাপ্নোতিযক্ষান্তি ন তং কলোজনাঃ ॥

শীমন্তাগবত।

শ্রিয়মান আতুর হইয়া পড়িতে পড়িতে শ্বলিত হইতে হইতে বিবশ হইয়া যিনি শ্রীহরিনাম গ্রহণ করেন, তিনি কর্মাবন্ধন হইতে মুক্ত হইয়া উত্তমা গতি লাভ করেন, কলিকালে তাঁহার ষজন করিতে তুর্ববৃদ্ধি-লোকসকল অনিচছুক হইবে, ইহাই অতিশয় তুঃখের বিষয়।

কুরুক্ষেত্রেণ কিংতস্থ কিংকাশ্যা পুন্ধরেণবা।। জিহ্বাগ্রে বসতে যম্ম হরিরিত্যক্ষর দ্বয়ম্॥

স্বন্দপুরাণ।

যে ব্যক্তির জিহ্বাথ্রে "হরি" এই ছুইটা বর্ণ বাস করিতেছেন তাহার কুরুক্ষেত্র, কাশী ও পুক্ষর তীর্থের আবশ্যক কি ?

> তীর্থকোটী সহস্রাণি তীর্থ কোটী শতানি চ। তানি সর্ব্বাণ্যবাশ্বোতি বিফোর্ণামামুকীর্ত্তনাৎ ॥ বামন পুরাণ।

শতকোটি কি সহস্র কোটি তীর্থ ই বল শ্রীবিষ্ণুর নামানু-কীর্ত্তন প্রভাবে জীব তৎসমুদয়েরই ফল প্রাপ্ত হইয়া থাকেন। বিশ্রুতানি বহুন্তেব তীর্থানি বহুধানি চ।
কোট্যংশে নাপিতুল্যানি নামকীর্ত্তনতো হরেঃ॥
বিশ্বামিত্র সংহিতা।

বহুপ্রকার ও বহুসংখ্য স্থাবিক্রত তীর্থ সমুদায় শ্রীহরিন নাম কীর্ত্তনের কোটি অংশের একাংশের তুল্য নহে।

গোকোটাদানংপ্রহণে খগস্থা প্রয়াগ গঙ্গোদক কল্পবাসঃ। যজ্ঞাযুতং মেরু স্থবর্ণদানং গোবিন্দকীর্ত্তে র্ন সমঃশতাংশৈঃ॥

শ্রীশ্রীহরিভক্তিবিলাস।

সূর্য্যগ্রহণ সময় কোটি গোদান, প্রয়াগ গঙ্গার জলে কল্পকালবাস, অযুত্যজ্ঞ ও স্থমেরু পর্ববততুল্য স্থবর্ণদান, কিছুই এ জ্ঞীগোবিন্দ নাম কীর্ত্তনের শতাংশের একাংশেরও তুল্য নহে।

য়ে স্থানে শ্রীশ্রীহরির নাম কীর্ত্তন হয় সেই স্থান সর্বব-স্তীর্থময়। যথাঃ—

> তত্ত্রৈব গঙ্গা যমুনা চ বেণী, গোদাররী সিন্ধু সরস্বতী চ। সর্ববাণিতীর্থাণি বসস্থি তত্র মুখাচ্যুতোদার কথাপ্রসঙ্গঃ॥

> > পাওবগীতা।

বেখানে শ্রীশ্রীহরির নামালোচনা হয় সেই স্থানেই গঙ্গা, যমুনা, বেণী, গোদাবরী, সিন্ধু ও সরস্বতী প্রভৃতি সকল তীর্থ ই বাস করেন; জীবগণ সেই সকল তীর্থ দর্শন, ভ্রমণ ও তর্পণাদি ছারা যে পুণ্য প্রাপ্ত হ'ন, কেবলমাক্র একবার শ্রীশ্রীহরিনাম কীর্ত্তনে তদপেক্ষা অধিক ফললাভ হইয়া থাকে।

তৈস্তাত্যথানি পৃয়স্তে তপোদানব্রতাদিভিঃ।
নাধর্মজং তদ্ধ্দয়ং তদপীশাজ্যি সেবয়া॥
বীম্ভাগবত।

তপস্যা ও অত্যাত্য ব্রতাদি দ্বারা পাপ বিনাশ হয় বটে, কিন্তু পাপের বীজ নফ্ট হয় না ও পাপীর হৃদয় কোনও ব্রতাদি দ্বারা শুদ্ধ হয় না; একমাত্র শ্রীভগবানের নাম কীর্ত্তনরূপ সেবার দ্বারাই চিত্তশুদ্ধি হইয়া থাকে।

> ঐকান্তিকং তদ্ধিকৃতেংপি নিষ্তে মনপুনঃধাবতিচেদ সৎপথে। তৎকর্ম নির্হারমভীপ্সতাং হরে-শুনামুবাদঃ খলু সত্ব ভাবনঃ ॥

> > শ্ৰীমন্তাগবত।

প্রায়শ্চিত করিলেও মন পুনর্বার অসৎ পথে ধাবিত হইতে পারে, কিন্তু যাঁহারা একেবারে পাপের মূলোৎপাটন করিতে বাসনা করেন, তাঁহাদের পক্ষে ভগবান (শ্রীশ্রীহরির) নামকীর্ক্রই সর্ববপ্রকার পাতক-বিনাশক ও হৃদয়ে বিশুদ্ধ সত্তাবপ্রদ।

> স্তেন স্থরাপো মিত্রধ্রুগ ত্রন্ধাহা গুরুতল্পঃ। স্ত্রীরাজ পিতৃগোহস্তা যে চ পাতকীনোহপরে॥ সর্বোধামপ্যঘবতামিদমেব স্থানিক তম্। নামব্যাহরণং বিষ্ণোর্যতক্ষদ্বিষয়ামতিঃ ॥

প্রীমন্ত্রাগবত।

চৌর্য্য, মন্তপান, মিত্রক্রোহী, ব্রহ্মহত্যাকারী, গুরুপত্নি-গামী, স্ত্রী, রাজা, পিতা, গো এই সকলকে হত্যাকারী ও অন্তান্ত যে সকল পাপ হইতে পারে, সেই সমুদয় পাপকারী ব্যক্তি হরিনামোচ্চারণ করিলেই সেই সমুদয় পাপ হইতে নিক্তি পান। কেবল যে পাপ বিনাশ হয় এমন নহে, ব্যাবার শ্রীহরি-বিষয়ে মতি দৃঢ়া হয়।

> **(खारा: खारा) तम्म वर्ग महिलानम्बर्ग १।** চিত্তাহলাদ মধুরং মধুরং সৎফলং ভক্তিবল্যা: ॥ বিষ্ণোর্নামা-চরিতমমূতং যে পিবস্তি প্রমোদা জীবনমুক্তন্তে ইহ ন পুনমূ ত্যু সিন্ধো বিশস্তি॥ 🖣 হরিভক্তিকরণতিকা চতুর্থ স্তবক।

মুপবিত্র অত্যুত্ত্বল মধুর রসের ন্যায় স্থনির্মাল সচ্চিদা-নব্দরূপ, চিত্তের আহলাদজনক, মধুর হইতে সুমুধুর, ভক্তি-লভার সৎফল স্বরূপ 💐 🕮 হরিনামায়ত যাঁহারা প্রমানদ্দে

আস্বাদন করেন, তাঁহারা জীবন্মুক্ত হইয়া আনন্দধামে বাস করেন, তাহাদের পুনর্বার কখনও এই মৃত্যুসাগরে প্রবেশ করিতে হয় না।

ষ্পতীত পুরুষসপ্ত ভবিষ্যাশ্চ চতুর্দ্দশঃ।
নরস্তারয়তে সর্ববান্ কলো ক্ষুণ্ণেতি কীর্ত্তনম্॥
নরস্তারয়তে সর্ববান্

যে ব্যক্তি কলিকালে "কুষ্ণ" ইতি দ্বিত্র্যক্ষরসম্ভূত শ্রীভগবানের নামকীর্ত্তন করেন তাঁহার দ্বারা অতীত সপ্ত-পুরুষ ও ভবিষ্যৎ চতুর্দ্দশ পুরুষ উদ্ধায় ইইয়া থাকে।

ক্রীশ্রীহরিনাম কীর্ত্তনের জন্য কোনরূপ কালবিচার নাই। যথাঃ—-

কালোহস্তি দানে যজ্ঞে চ স্নানে কালোহস্তি সজ্জপে।
বিষ্ণুসংকীর্ত্তনে কালো নাস্ত্যত্র পৃথিবীতলে॥
বৈষ্ণবচন্তামণি।

সংসারে দান, যজ্ঞ, স্নান এবং মন্ত্রাদির বিষয় কাল-সাপেক্ষ বটে, কিন্তু শ্রীশ্রীহরিনাম কীর্ন্তনের জন্য কালের অপেক্ষা নাই।

ন দেশনিয়মস্তব্মিন্ ন কাল নিয়মস্তথাঃ।
নোচিছঠাদো নিষেধােহস্তি শ্রীরেনহ'ান্নি লুব্ধকঃ।
বিষ্ণুধর্ম—শ্রীশ্রীহরিভক্তিবিলাসধৃত।

শ্রীহরিনাম কীর্ত্তন বিষয়ে দেশ ও কালের নিয়ম নাই, এবং উচ্ছিফমুখেও হরিনাম কীর্ত্তন করিতে নিষেধ নাই। নারদমূনি যুধিষ্ঠিরকে বলিয়াছিলেন:
ন দেশ নিয়ম রাজন্ ন কাল নিয়মন্তথা।
বিদ্যতে নাত্র সন্দেহো বিষ্ণুন মামুকীর্তনে।
শীবৈঞ্জচিস্কামণি।

হে রাজন্! শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করিতে দেশ বা কালের কোনরূপ নিয়ম নাই, স্কুতরাং এজন্য কোন সন্দেহ করিবেন না।

কি বাল্য, কি পৌগণ্ড, কি কৈশোর, কি বৃদ্ধ, সকল সময় ও সকল অবস্থাতেই শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করা কর্ত্তব্য। হরিনাম কীর্ত্তনের জন্য কোনরূপ নির্দিষ্ট সময় নাই। এ জগতে যাঁহারা পরম ভাগবত বলিয়া বিখ্যাত তাঁহারা সকলেই বাল্যকাল হইতে শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করিতেন। শুকদেব, নারদ, প্রহলাদ, ধ্বব, জড়ভরত, চন্দ্রহংস, লোচনদাস, শ্রীশ্রীহরিদাস, শ্রীজীবগোস্বামী, ও নরোন্তম ঠাকুর প্রভৃতি ভাগবতগণ বাল্যকাল হইতেই সর্ব্বদা শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করিতেন, আমাদেরও হরিনাম কীর্ত্তনের জন্য সর্ববদা প্রস্তুত থাকা কর্ত্তব্য। তাই বলি—

''হেলায় রতন হারাওনা মন, হরি হরি বল বদনে। হরিবল—হরিবল, বল শয়নে স্থপনে জাগরণে॥ ঐহিকের স্থুখ হ'লনা বলিয়ে, তা ব'লে কি নাম রহিবে ভূলিয়ে, ষাঁর নামে ষাঁর প্রেমে,
ছ'লেন শুকদেব সুখী, নারদ বৈরাগী,
মহাদেব যোগী—
বেড়ায় শাশানে মশানে যোগধ্যানে ॥
মনে কর সেই দিন ভয়ক্ষর,
অবশান্ধ যেদিন হইবে তোমার,
সেদিনে বদনে, যদি বল্তে পার নাম,
হরি পুরাবে মনস্বাম, তবে যাবি মোক্ষধাম,

তোকে লবেনা ছোবেনা শমনে ॥
বেতে হবে যেদিন ত্যজিয়ে সংসার,
কোখায় র'বে তোমার পুত্র পরিবার,
এ সংসার অসার, আঁথি মুদ্লে অন্ধকার;
হরিপদ কর সার, যদি যাবি ভবপার,

রাখ রতি মতি হরি-চরণে ॥
চরণ বলে গতি নাই হরি বিনে,
হরিনাম-স্থধা পিয়রে বদনে,
কলিতে তরাতে, হরিনাম ব্রহ্মময়,
যেজন জানে রে নিশ্চয়, তার কি আছে ভয়,

ভবে তরিতে পার্বে তুফানে ॥" কোনও সাধু গাহিয়াছেন :— ''দেহে থাকিতে চেতন, হরি বল মন, দিন গেল দিন গেল;—' এ জগতে মৃত্যু কোন সময় কাহাকেও পরিত্যাগ করে না। কংসরাজা দৈববাণী দারা স্বীয় মৃত্যুসংবাদ শ্রবণ করিক্কা যখন অত্যস্ত ভীত হইয়াছিলেন, তথন বস্তুদেব তাঁহাকে বলিয়াছিলেনঃ—

> মৃত্যুজন্মবতাং বীর দেহেন সহ জায়তে। অদ্য বান্দশতান্তেবা মৃত্যুবৈ প্রাণীনাং ধ্রুবং। শ্রীমন্তাগবত।

হে বীর (কংস) দেহী যথন জন্মগ্রহণ করেন তখন তাহার জন্মের সহিত মৃত্যুরও জন্ম হইয়া থাকে। অদ্যই হউক, কিম্বা শত বৎসর অস্তেই হউক, নিশ্চয়ই যে এক দিবস প্রাণীর মৃত্যু ঘটিবে তাহাতে আর সন্দেহ নাই।

জগদ্বিখ্যাত শ্রীমন্তাগবত কথক ৺কৃষ্ণকাস্ত শিরোমণি মহোদয়ের একটী গান শুমুন :—

"কার কি হনে কবে কে কবে জানে;

পরমায়ু যায় দিনে দিনে ॥ জাতি বিদ্যাকুলধন, ইথে কত অভিমান, এ দেহ হবে পতন,

তাই কি মনে মনে ?
করে কত আকিঞ্চন,
পাবেনি ধন কাঞ্চন ;

ভাই ৰসে ভাবে মনে মনে ॥

শ্রীহরি চরণে ভক্তি; ত্যজিয়া বিষয়াসক্তি, বনিতা সহিতে যুক্তি;

'করে কানে কানে' ?

রতিরসে বশ মন; রসে করে রসায়ন:

কত হুখ মানে এ জীবনে॥

দিনে দিনে বাড়ে আশা; ভেঙ্গে যায় সে স্থথের বাসা; তথাপি তুরাশা পাশ,

गल (वँ १ होत १

কোথা রবে পুত্রগণ, মুদিলে ছুটী লোচন, যেদিন পড়ে রবে ধরণী শয়নে॥

জীবন অনিত্য। স্থৃতরাং কখন কাহার কি হয় তাহা কেহই বলিতে পারে না; এইজন্যই বাল্যকাল হইতে শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করিবে। হরিনাম কীর্ত্তনে জাতি, কুল, ধন, মান, প্রভৃতি কিছুরই অপেক্ষা রাখে না। ভক্ত কবি তুলসীদাস বাবাজী বলিয়াছেন,—

জাত্পাত গণিরে কাঁহাহোজে বরণ বিচার।
তুলসী কহে হরি ভজন বিনে চার জাত চামার॥

দৌহাবলী।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, শূদ্র ও বৈশ্য এই বর্ণ-চতুষ্টায়ের মধ্যে যিনি শ্রীহরিভক্তিহীন, অর্থাৎ শ্রীহরির নামাদিকীর্ত্তন করেন না, তিনিই চাগারতুল্য।

শ্রীশ্রীহরিভক্তের জাতির কোন প্রভেদ নাই। মহাপ্রভু সনাতন গোস্বামীকে বলিয়াছিলেন, যথাঃ—

> "নীচজাতি নহে কৃষ্ণ ভব্জনে অযোগ্য। সৎকুল বিপ্র নহে ভব্জনের যোগ্য॥ যেই ভব্জে সেই বড় অভক্তহীন ছার। কৃষ্ণ ভব্জনে নাহি জাতিকুলাদি বিচার॥" শ্রীশ্রীচৈতস্থাচরিতামুত।

ভগবন্ধক্ত দেবহুতি বলিয়াছেন ঃ—

অহোবত শ্বপচোহতো গরীয়ান্ যজ্জিবাগ্রে বর্ত্ততে নাম তুভ্যং। তে পুস্ত পত্তে জুহুবুঃ সমুরার্য্যা ব্রহ্মানূ চুর্ণাম গৃণস্তি যে তে॥

শ্রীমন্তাগবত।

বাঁহার জিহ্বাথ্রে তোমার (হরি) নাম নৃত্য করিতে থাকে, এবং যে ব্যক্তি তোমার নাম গ্রহণ করেন, তিনি অনেক তপস্থা করিয়াছেন, অনেক হোম করিয়াছেন, অনেক তীর্পে স্নান করিয়াছেন, এবং অনেক বেদ পাঠ করিয়াছেন; এইরূপ ব্যক্তি শ্বপচ-কুলোম্ভব হইলেও তিনি শ্রেষ্ঠ।

ভঙ্গনের মধ্যে শ্রীশ্রীহরিনাম কীগুনই সর্ববশ্রেষ্ঠ। যথা—
"ভঙ্গনের মধ্যে শ্রেষ্ঠ নববিধ ভক্তি। (১)
কৃষ্ণপ্রেম কৃষ্ণ দিতে ধরে মহাশক্তি॥
তার মধ্যে সর্ববশ্রেষ্ঠ নাম সঙ্কীর্ত্তন।
নিরাপবাধে নাম লৈলে পায় প্রেমধন॥"
শ্রীশ্রীচৈত্মচরিতামৃত।

কীর্ত্তন কাহাকে কছে ? ও কিরূপে শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করিতে হয়।

কীর্ত্তন কাহাকে কহে ? শ্রীমজ্রপ গোস্বামী বলিয়াছেন :—
''নামলীলাগুণাদিনা মুচ্চৈর্ভাষা তু কীর্ত্তনম্।''

শ্রীভক্তিরসামৃতসিন্ধু।

্ শ্রীন্ত্রীরর নাম, দীলা, গুণ প্রভৃতির অতি উচ্চা-ভাষণকেই কীর্ত্তন করে।

(১) নববিধ ভক্তি যথাঃ—
''শ্রাবণং কীর্ত্তনং বিফোন্ত রশং পাদসেবনম্।
ভার্চেনং বন্দনং দাস্তং সৃখ্যমাত্মনিবেদনম্॥
শ্রীমন্তাগবত সপ্তমস্কদ্ধ

(क) नामकीर्जन यथा :--

"কুষ্ণেতি মঙ্গলং নাম যস্য বাচি প্রবর্ততে। ভক্ষীভবন্ধি রাজেন্দ্র মহাপাতককোটয়ঃ॥

হে রাজেন্দ্র ! ''কৃষ্ণ'' ইতি দ্বিঅক্ষরসম্ভূত নাম যে ব্যক্তির বদনে উচ্চারিত হয়, ক্ষণকালমধ্যেই তাঁহার কৃত কোটা কোটা পাতক ভস্ম হইয়া যায়।

(খ) লীলকীর্ত্তন (প্রহ্লাদ) বলিয়াছেন, যথা :—
সোহহং প্রিয়স্য স্থহদঃপরদেবতায়া,
লীলকথাস্তব নৃসিংহ বিরিঞ্চিগীতাঃ।
অঞ্চন্থিতর্ম্মাণু গুণন্ গুণ বিপ্রোমুক্তো —
দুর্গাণি তে পাদযুগালয় হংসসঙ্গঃ॥

শ্ৰীমন্তাগৰত।

হে নৃসিংহদেব ! আপনি পরদেবতা হইলেও সকলের স্থক্ন। আপনার লীলা-কথা গান করিয়া বিনাক্লেশে এই তুর্নিবার তুঃখরাশি উত্তীর্ব হইব। আপনার পরম তব্বজ্ঞানী ভক্তগণ হংসের ন্যায় আপনার শীচরণযুগলকে লালয় সদৃশ করিয়াছেন ? আমি সেই ভক্তদিগের সঙ্গলইয়া যাবতীয় বিষয় ভোগ হইতে মোচন লাভ করিব। হে প্রভা! কখনও আপনার লীলা-কথা জানিবার জন্য আমার কোনরূপ ক্লেশে পাইতে হইবে না। কেন না প্রজাপতি ব্রহ্মা তৎসমুদয় পূর্বেবই বর্ণন করিয়াছেন, স্থতরাং

সেইজন্যই আপনার লীলাকথা ভক্তগণের সম্প্রদায় মধ্যে চলিয়া আসিতেছে।

(গ) গুণকীর্ত্তন যথা : -ইদং হি পুংস স্তপসঃ শ্রুতস্য বা
স্বিষ্টস্য স্কুস্যচ বুদ্ধদন্তয়োঃ।
অবিচ্যুতোহর্থ: কবিভিনিরূপিতো
যত্তমঃ শ্লোক গুণাসুকীর্ত্তনম ॥

শ্রীমন্তাগবত।

সারগ্রাহী জ্ঞানবান্ পণ্ডিতগণ উত্তমশ্লোক শ্রীহরির শুণানুকীর্ত্তনকেই জীবগণের তপস্থা, বেদপাঠ, যজ্ঞ, মন্ত্রজ্ঞপ, জ্ঞান ও দান প্রভৃতি যাবতীয় কর্ম্মের ফল বলিয়া নির্ণয় করিয়াছেন।

সর্ববদা শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করা কর্ত্তব্য । কলিপাবনা-বতার শ্রীশ্রীগোরাঙ্গমহাপ্রভূ তাঁহার পার্ষদগণকে বলিয়াছেনঃ—

> হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্। কলো নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥ বৃহদ্মারদীয় পুরাণ।

> "হরিনাম হরিনাম বরিনাম সার। কলিকালে নাম বিনে গতি নাহি আর॥" শ্রীচৈতগুচরিতামৃত।

'রোত্রিদিন নাম লয় খাইতে শুইতে। তাঁহার মহিমা বেদে নাহি পারে দিতে॥ সাধা সাধনতত্ব যে কিছু সকল। হরিনাম সঙ্কীর্তুনে মিলিবে কেবল॥" (হরেকৃষ্ণ, হরেকৃষ্ণ, কৃষ্ণ, কৃষ্ণ, হরে, হরে। হরেরাম, হরেরাম, রাম, রাম, হরে হরে॥) 'প্রভু বলে কহিলাম এই মহামন্ত্র। ইহা গিয়া জপ সবে করিয়া নির্বন্ধ॥ ইহা হৈতে সর্বাসিদ্ধি হইবে সবার। সর্ববৃক্ষণ বল ইথে নাহিক বিচার॥

শ্রীশ্রীচৈতম্বচরিতামৃত

কিরূপে শ্রীহরিনামসংকীর্ত্তন করিতে হয়, শ্রীমহাপ্রভু তৎসন্থন্ধে স্বরূপ গোস্বামী ও রামানন্দ রায়কে বলিয়াছেন,— "যেরূপে লইলে নামে প্রেম উপজয়। তার লক্ষণ শ্লোক শুন স্বরূপ রামরায়। শ্রীশ্রীচৈত্ত্যচরিতায়ত।

> তৃণাদপি স্থনীচেন তরোরিব সহিষ্ণুনা। অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥ পছাবলী।

তৃণাপেক্ষা স্থনীচ ও বৃক্ষাপেক্ষা সহিষ্ণু হইয়া, নিজে অভিমান পরিত্যাগ করিয়া, পরকে সন্মান দিয়া সর্বনা শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করিবে। কখনও অভিমানকে হৃদয়ে স্থান দিবে না। যথাঃ—

জাতিবিদ্যামহত্বঞ্চ রূপং যৌবনমেবচ। বৰ্জ্জয়েত্ত স্থ্যত্ত্বন পঞ্চৈতে ভক্তিকণ্টকাঃ॥ ''জাতি, বিদ্যা, রূপ আর মহত্ত্ব, যৌবন। এই পঞ্চ অভিমান করিবে বৰ্জ্জন॥"

নিম্নলিখিত উপদেশটা মনে রাখিলে অভিমান দূর হইয়া যায়। যথা:—

> নাহং বিপ্রো নচ নরপতি ন'পি বৈশ্যো ন শৃজো-নাহং বর্ণী নচ গৃহপতি নোবনস্থোযতির্বা। কিন্তু প্রোদন্নিথিল পরমানন্দপূর্ণামৃতাব্ধে-র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসামুদাসঃ॥

পত্যাবলী।

আমি বিপ্র নই, আমি ক্ষত্রিয় নই, আমি বৈশ্য নই, আমি শুদ্র নই, আমি ব্রহ্মচারী নই, আমি গৃহস্থ নই, আমি বানপ্রস্থী নই, আমি সন্ন্যাসী নই, উৎকট নিখিল প্রমানন্দ পূর্ণাম্ত-সিন্ধুস্থরূপ গোপীপতি শ্রীশ্রীকৃষ্ণের দাসের দাসামুদাস। এইরূপ জ্ঞান করিয়া সর্ববদা হরিনাম কীর্ত্তন করিলেই প্রেমলাভ হয়। যথাঃ—

"এইমত হৈয়া যেই কৃষ্ণনাম লয়। শ্রীকৃষ্ণ চরণে তার প্রেম উপজয়॥" শ্রীশ্রীচৈতগ্যচরিতামৃত। উচ্চৈঃম্বরে হরিনাম কীর্ত্তন করিলে পশু, পক্ষী, কীট, পতঙ্গ, প্রভৃতি জীবগণও শ্রীশ্রীহরিনাম শ্রবণে ভববন্ধন হইতে মুক্ত হয়। ভক্তচূড়ামণি শ্রীলপ্রভুহরিদাস সর্বাদা উচ্চৈঃম্বরে হরিনাম কীর্ত্তন করিতেন; কেন করিতেন, তাহার মর্ম্ম বুঝিতে না পারিয়া হরিনদীগ্রামনিবাসী একজন তুর্জ্জন ব্রাহ্মণ শ্রীহরিদাসকে জিজ্ঞাসা করিয়া-ছিলেনঃ—

''ওহে হরিদাস একি ব্যবহার তোমার।
ডাকিয়া যে নাম লহ কি হেতু ইহার ॥
মনে মনে জপিবা যে এই ধর্ম্ম হয়।
ডাকিয়া লইতে নাম কোন্ শাস্ত্রে কয় ॥
কার শিক্ষা হরিদাস ডাকিয়া কহিতে।
এইত পণ্ডিত-সভা বুঝাহ ইহাতে॥"

ব্রাহ্মণের এইরূপ বাক্য শ্রবণেঃ—

''হরিদাস বলেন ইহার যত তম্ব।
তোমরা ত জান হরিনামের মাহাত্ম্য॥
উচ্চ করি বলিলে শতগুণ পুণ্য হয়।
দোষ না কহেন শান্ত্রে গুণ সে নির্ণয়॥
পশু, পক্ষী, কীট, আদি বলিতে না পারে।
শুনিলে সে হরিনাম তারা সবে তরে॥

জপিলে সে হরিনাম আপনে সে তরে। উচ্চ সঙ্কীর্তনে পর উপকার করে॥ জপকর্না হইতে উচ্চ সঙ্কীর্ননকারী। শত গুণাধিক ফল পুরাণেতে ধরি॥ ক্ষন বিপ্র মন দিয়া ইহার কারণ। জপি আপনারে সবে করয়ে পোষণ ॥ উচ্চ করি করিলে গোবিন্দ সংকীর্ত্ন। জন্ত মাত্র ক্ষনিয়াই পায় বিমোচন ॥ জিহব। পাইয়া নর বিনে সর্ববপ্রাণী। না পারে বলিতে ''কুষ্ণ নাম'' হেন ধ্বনি 🛚 বার্থ জন্ম ইহার নিস্তার যাহা হৈতে। বল দেখি কোন দোষ এ কর্ম্ম করিতে॥ কেহ আপনারে মাত্র কর্যে পোষণ। কেহ বা পোষণ করে সহস্রেক জন॥ তুইতে কে বড় ভাবি বুঝহ আপনে। এই অভিপ্রায় গুণ উচ্চ সঙ্কীর্তনে ॥"

শ্রীচৈতন্য ভাগবত।

ভক্তরাজ প্রহলাদ্ বলিয়াছেন ঃ—
জপতো হরিনামানি স্থানে শতগুণাধিকঃ।
আত্মানঞ্চ পুনাত্যুচৈচর্জপন্ শ্রোতন্ পুনাতি চ॥
নারদ পুরাণ।

শ্রীশ্রীহরিনাম জপকারী ব্যক্তি অপেক্ষা উচ্চৈঃস্বরে হরিনাম-কীর্ত্তনকারী ব্যক্তি শতগুণে শ্রেষ্ঠ। কেননা, হরিনাম-জপকারী ব্যক্তি কেবল মাত্র আপনাকেই পবিত্র করেন, কিন্তু উচ্চৈঃস্বরে হরিনাম কীর্ত্তনকারী ব্যক্তি আপনাকে ও শ্রোতৃরুদ্দকেই পবিত্র করিয়া থাকেন।

সর্ববপাপ প্রশম্নং সর্বেবাপদ্রবনাশনম্। সর্ববত্বঃখক্ষয়করং হরিনামাকুকীর্ত্তন্ম্॥

ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ।

্প্রীপ্রত্তিনাম কীর্ত্তনে সকল প্রকার পাপ, সকল প্রকার উপদ্রব, ও সকল প্রকার তুঃখ ক্ষয় হইয়া থাকে।

ভক্তিভাবে একবার মাত্র হরিনাম কীর্ত্তন করিলে যে পরিমাণে পাপ বিনাশ হয়, পাপী ব্যক্তির এমন সাধ্য নাই যে, কখনও সেই পরিমাণে পাপ করিতে পারে। যথা:—

> নাম্নোহস্য যাবতী শক্তিঃ পাপ নিহ রণে হরেঃ। তাবৎ কর্তুং ন শক্নোতি পাতকং পাতকী জনঃ॥ বিষ্ণুপুরাণ।

পাপহরণ বিষয়ে শ্রীশ্রীহরিনামের যেরূপ শক্তি আছে, পাপী ব্যক্তির সাধ্য নাই যে, কখনও সেই পরিমাণে পাপ করিতে সমর্থ হয়।

> "একবার হরিনামে যত পাপ হরে। পাপীর কি সাধ্য আছে তত পাপ করে॥"

শ্রীশ্রীগোরাঙ্গ মহাপ্রভু বারাণসীধামে অবস্থিতিকালে "গোড়ের রাজা" স্বৃদ্ধি রায়কে পাপমোচনের জন্য বলিয়াছিলেন:—

> ''নিরন্তর কর কৃষ্ণনাম সংকীর্ত্তন। একনামাভাসে তোর পাপ দোষ যাবে। আর নাম লৈতে কৃষ্ণচরণ পাইবে॥''

> > শ্রীশ্রীচৈতন্য-চরিতামৃত।

ভক্তচূড়ামণি শ্রীশ্রীহরিদাস ঠাকুর চাঁদপুর বলরমাচার্য্যের গৃহে অবস্থিতিকালে কোন একদিবস হিরণ্য গোবর্দ্ধন মজুমদারের সভার অনেকানেক পণ্ডিতগণের মধ্যে শ্রীশ্রীইরিনামের মহিমা সম্বন্ধ বলিয়াভিলেন:—

> ''কেহ বলে নাম হৈতে হয় পাপক্ষয়। কেহ বলে নাম হইতে জীবের মোক্ষ হয়॥ হরিদাস কহে নামের এ ছুই ফল নহে। নামের ফলে কৃষ্ণপদে প্রেম উপজয়ে॥ আমুষ্পিক ফল নামের মুক্তি পাপনাশ। তাহার দৃষ্টাস্ত যৈছে সূর্য্যের প্রকাশ॥ হরিদাস কহে যৈছে সূর্য্যের উদয়। উদয় না হইতে আরম্ভে হয় তমোক্ষয়॥ এছে নামোদয়ারভ্তে পাপ আদি ক্ষয়। উদয় হৈলে কৃষ্ণপদে হয় প্রেমাদয়॥"

> > ৰীশীচৈতন্যচরিতামৃত।

শ্রীশ্রীহরিনামকীর্ত্তনে ত্রিতাপ বিনাশ হয়। যথা: —
তন্ধামকীর্ত্তনং ভূয়ঃ তাপত্রয় বিনাশনং।
সর্বেব্যামেব পাপানাং প্রায়শ্চিত্তমুদাহৃতম্॥
ত্রন্ধাণ্ড পুরাণ, উত্তর্থক্ত।

শ্রীশ্রীহরিনাম কীর্ন্তনে আধ্যাত্মিক, আধিদৈবিক, ও আধিভৌতিক, এই তিন প্রকার তাপ (১) বিনাশ হয়।

(১) ত্রিতাপ যথাঃ—

পরাশর উবাচ।

কাম-ক্রোধ-ভয়দ্বেধ-লোভমোহ বিষাদজঃ।
শোকাস্থ্যাবমানেষ্যা মাৎসর্য্যাদি ভবন্তথাঃ॥
মানসোহপি দ্বিজশ্রেষ্ঠ তাপ ভবতি নৈকধা।
ইত্যেব মাদিভির্ভেনিস্তাপোহ্যাধ্যাত্মিক স্মৃতঃ॥ >।
মৃগপক্ষীমন্ত্র্যাদ্যোল্য শিশাচোরগরাক্ষদাঃ।
সরীস্থপাদ্যৈশ্চ নূনাং জস্তুতে চাধিভৌতিকঃ॥ ২।
শীতোঞ্চবাতবর্ষামূ-বিহ্যাদাদি সমুদ্ভবঃ।
ভাপোদ্বিজ্বরশ্রেষ্ঠ কথাতে চাধিদৈবিকঃ॥ ৩।

বিষ্ণুপুরাণ, ७ आः ।।

১। হে মৈত্রেয়! কাম, ক্রোধ, ভয়েরেয়, লোভ, মোহ, বিয়াদ, শোক, অস্য়া, অবমান, ঈর্য্যা-মাৎসর্য্যাদি হইতে উৎপন্ন, মানস হৃঃথও অনেক প্রকার হইয়া থাকে; হে ছিজশ্রেষ্ঠ ইত্যাদি বছবিধ হৃঃথসমূহকে আধ্যাত্মিক তাপ বলে।

জগতে যতপ্রকার পাপ আছে, একমাত্র শ্রীশ্রীহরিনাম করিলেই সকল প্রকার পাপের প্রায়শ্চিত্ত হইয়া থাকে। এবং—

বর্ত্তমানস্ত যৎ পাপং যদ্ভূতং যদ্ভবিষ্যতি। তৎসর্ববং নির্দ্দহত্যাশু গোবিন্দানলকীর্ত্তনম্॥

শ্ৰীলগুভাগবভামৃত।

পূর্ববক্বত পাপ, বর্ত্তমান কালের পাপ ও যে সকল পাপ ভবিষ্যতকালে অমুষ্ঠিত হইবে, শ্রীশ্রীগোবিন্দের নামরূপ অগ্নিস্পর্শে অর্থাৎ (গোবিন্দনাম কীর্ত্তনে) তৎসমুদার পাপ ভস্ম হইয়। যায়।

সর্ববদা সর্ববকালেয়ু যেহপি কুর্ববন্তি পাতকম্।
নামসঙ্কীর্ত্তনং কৃত্বা যান্তি বিষ্ণো পরম্ পদম্ ॥
নন্দিপুরাণ।

সর্ববদা সর্ববকালে যে ব্যক্তি পাপে লিপ্ত থাকে, শ্রীশ্রীহরিনাম সঙ্কীর্ত্তন দারা তাহারও শ্রীহরির পরমপদ লাভ হইয়া থাকে।

২। মৃগ, পক্ষী, মহুষ্য, পিশাচ, উরগ, রাক্ষস এবং সরীস্পাদি ভূতগণ হইতে মানবগণের যে ত্রঃখ উৎপাদিত হয়, তাহার নাম আধিভৌতিক।

গীত, উষ্ণ, বায়ু, বর্ষা ও বিহাৎ প্রভৃতি দারা যে হঃধ
 উৎপন্ন হয়, হে দ্বিজবর শ্রেষ্ঠ ! তাহাকে আধিদৈবিক বলে ।

পরদাররতোঁবাপি পরাপকৃতিকারকঃ।
স শুদ্ধোমৃক্তিমাপোতি হরেন মানুকীর্ত্তনাৎ॥
মংস্থুবাণ।

যে ব্যক্তি পরস্ত্রীতে রত এবং অন্তের অপকারী,

শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করিলে সে ব্যক্তিও শুদ্ধচিত্ত হইয়!

মৃক্তি অর্থাৎ শ্রীশ্রীহরির দাস্ত প্রাপ্ত হইয়া থাকে।

স্থরাপো ব্রহ্মহাস্তেয়ী রোগী-ভগ্নব্রতোহশুটিঃ।

স্থাধ্যায় বক্ষিত পাপো লুকো নৈকৃতিকঃ শঠঃ॥

অব্রতী ব্যলীভর্ত্তা কুলটা সোমবিক্রয়ীঃ।

স্থেহপি মুক্তিমবাপ্রোস্তি বিষ্ণুর্নামানুকীর্ত্তনম্॥

বন্ধাণ্ড পুরাণ, উত্তর্থপ্ত।

স্থরাপায়ী, ব্রহ্মহত্যাকারী, স্বর্ণাপহারী, পূর্বজন্মার্জ্জিত পাপভোগী, রোগী, ভগ্গব্রতী, অশুচি, বেদপাঠহীন ব্রাহ্মণ, স্ব্বপ্রকার পাপকারী পুরুষ, ব্যাধর্ত্ত্যুপজীবী পশুহিংসক, (১) প্রতারক, খল, বঞ্চক, স্বধর্মত্যাগী, শূদ্রভর্ত্তাব্রাহ্মণ,

(১) পশুহিংসা মহাপাপ যথা ঃ—

"পশুহিংসা বিধির্যত্র পুরাণে নিগমে তথা।
উক্তোরশুস্তমোভ্যাংস কেবলং তমসাপিবা॥
যোমাংসং খাদতি সবৈ ত্রাক্মা ব্যাধরূপকঃ।
নরকং যাতি তৃষ্টাক্মা যাবদাহত সংপ্রবম্॥
পশুহিংসা ন কর্ত্তব্যা যদীচ্ছেচ্ছুভমাত্মনঃ।
জীবহিংসা নরকদা তত্মাদ যত্মাদ্বিবর্জ্জরেং॥

কুলটোপভোগী, কন্যাবিক্রয়কারী, ইত্যাদি সর্ব্বপ্রকার পাপে রত ব্যক্তিও শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করিলে মুক্তি প্রাপ্ত হয়।

শুকদেব গোস্বামী বলিয়াছেন ঃ— সাক্ষেত্যং পরিহাস্যং বা স্ত্যোভং হেলনমেব বা। বৈকুণ্ঠনামগ্রহণমশেষাঘহরং বিচুঃ।

শ্রীমন্তাগবত।

উৎসর্গকর্ত্তা যো হস্তা যোধর্ত্তা য'+চ বিক্রম্মী। অনুমস্তাচ পুরুষঃ সর্ব্বে নরকগামিনঃ॥ বৌরবং নরকং প্রাপ্ত পশুঘাতি কথং স্থুখীতি॥"

পুরাণে ও নিগমের মধ্যে যে সকল স্থানে পশুহিংসার বিধি

নিথিত হইরাছে, সেই সকল বিধি রজ, তমোগুণপর কিম্বা তমোগুণপর বলিয়া জানিতে হইবে। যে ব্যক্তি মাংস ভক্ষণ করে, সেই

ছরাত্মা ব্যক্তি ব্যাধের স্বরূপ; সে ছপ্টাত্মা প্রলম্ম কাল পর্যস্ত নরকে
বাস করে। বিনি অণুপনার মঙ্গল ইচ্ছা করেন, তিনি কথনও
পশুহিংসা করিবেন না। পশু-উৎসর্গ-কর্তা, হননকর্তা, ধারণকর্তা, বিক্রম্নকারী ও অনুমতি-প্রদাতা, এই পাঁচ ব্যক্তিই নরকে

যায়। পশুঘাতি ব্যক্তি কথনই স্থেশাভ করিতে পারে না।

শ্রীমন্তাগবতের প্রথম স্কন্ধের বর্ণিত প্রাচীন বহিরাজা ও ব্রহ্মবৈবর্ত্ত
প্রাণের প্রকৃতি থণ্ডের বর্ণিত স্বর্থ রাজার বিবরণ পাঠ কর্জন।

কোন জীবের প্রতিই হিংসা করা উচিত নহে।

হে পরীক্ষিত! (পুত্রাদির নামে) সঙ্কেতেই হউক কিম্বা পরিহাসচ্ছলেই হউক বা গীতালাপের জন্যই হউক অথবা "হরির নামে কি হয়" এইরূপ অবজ্ঞার সহিতই হউক, যে কোন প্রকারে শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন করিলে সকল প্রকার পাপ বিনাশ হয়।

কান্যকুজ দেশে অজামিল নামে যে একজন মহাপাপী ব্রাহ্মণ ছিলেন, তিনি ব্রাহ্মণের কর্ত্তব্য যাবতীয় কর্ম্ম এবং পরিণীতা তরুণী ভার্য্যা ও আত্মীয় স্বজনগণের মমতা পরিত্যাগ করিয়া কোন শূদ্রাণী গণিকার প্রশাচিক প্রপায়াবদ্ধ হইয়া সর্ববদা ঐ বেশ্যার গৃহে বাস করিতে লাগিলেন। ক্রমে ক্রমে—

> তস্য প্রবয়সঃ পুত্রা দশ তেষাস্ত যোহবমঃ। বালো নারায়ণো নাম্মা পিত্রোশ্চ দয়িত ভূশম্॥ শ্রীমন্তাগবত।

ঐ অজামিলের (ঔরদে বারাঙ্গনার গর্ভে) দশটী পুত্র জন্মে; তন্মধ্যে দর্বকিনিষ্ঠ যে পুত্র তাহার নাম ''নারায়ণ'' রাখা হইয়াছিল। ঐ নারায়ণই পিতা মাতার (অন্যান্ন পুত্র অপেক্ষা) অত্যন্ত প্রিয় ছিল। বৃদ্ধ অজামিল 'অব্যক্ত মধুর-বাক্যকখনশীল' ''নারায়ণের'' ক্রীড়া দর্শন করিয়া অতিশয় প্রীতি লাভ করিতেন। ক্রমে ব্রাক্ষণের পরমায়ুর অফাশীতি-বৎসর অতিবাহিত হইয়া গেল। ''পরে— মৃত্যুকালে যমদূত দণ্ড পাশ লৈয়া। ঘেরিল আসিয়া সবে পাপিষ্ঠ জানিয়া॥ ভয়ে নিজ পুত্রে ডাকে বলি নারায়ণ। সর্বব পাপ ছুটা হৈল সংসার মোচন॥

ভক্তমালগ্ৰন্থ।

ম্রিয়মানোহরের্নাম গুনন্ পুত্রোপচারিতং। অজানিলোহপ্যগান্ধাম কিমুত শ্রুদ্ধা গুনন্॥

শ্রীমন্তাগবত।

নিয়নাণ অজানিল পুত্রের নামছলে প্রীপ্রীনারায়ণের নামোকারণ করিয়া ভগবদান প্রাপ্ত হইল, ঘাঁহারা শ্রদার সহিত প্রীপ্রীহরিনাম গ্রহণ করেন, তাঁহাদের কথা কি বলিব ? তাঁহারা
দর্মপাপ মুক্ত হইয়া পর্মাগতি লাভ করেন ইহাতে সংশ্র নাই।
প্রিহাস ছলে শ্রীপ্রীহরিনাম কার্ত্তন করিলেও ফল লাভ হয়,

শহপাদ শ্রীল বীরভদ্র গোস্বামী বলিয়াছেন:---

"তনয় নামছলে কিন্তা পরিহাস্তে কয়। হেলায় শ্রান্ধায় নাম যদি উচ্চারয়॥ তথাপি কৃষ্ণের নামে সর্বব পাপক্ষয়। পুনঃ পুনঃ ভাগবতে এই কথা কয়।।"

বুহৎ পাষ্ডদলন।

এক দিবস শ্রীশ্রীচৈতত্য মহাপ্রভু দীলাচলে ভর্কুহরিদাস ঠাকু-রকে জিজ্ঞাসা করিয়াছিলেন—হরিদাস! কলিকালে অসংখ্য যবন তাহারা অত্যন্ত হুরাচার সর্বনা গো ব্রাহ্মণের হিংশা করে অতএব তাহাদের উপায় কি ?

হরিদাস কহে "প্রভু চিন্তা না করিই। যবনের সংসার দেখি তুঃখ না ভাবিহ।। ঘবন সকলের মুক্তি হবে অনায়াসে। হারাম। হারাম। বলি ডাকে নামাভাসে॥ মহাপ্রেমে ভক্ত কহে হারাম! হারাম! যবনের ভাগ্যে দেখ লয় সেই নাম॥.. শ্রীশ্রীটেত শুচরিতামৃত। দংখ্রীদং ধ্রাহতো শ্লেচ্ছো হারামেতি পুনঃপুনঃ। উক্তাপি মুক্তিমাপ্নোতি কিং পুনঃশ্রদ্ধয়া গুনন !।

নুসিংহপুরাণ।

কোন এক (১) শ্লেচ্ছ বরাহ কর্ত্তক দন্তাঘাত প্রাপ্ত হইয় গুণা পূৰ্ব্বক হারাম ! হারাম ! বলিয়াছিল, হারাম বলিতে সম্বোধনে হারাম। এই দক্ষেতিত তারকবন্ধ শীরাম নাম থাকার মহা পাপী মেছেও মুক্তি প্রাপ্ত হইয়াছিল ? স্বতরাং শ্রদ্ধাপুর্বক ভগ-বানের নাম গ্রহণ করিলে যে কি ফল লাভ হয় তাহা বল যায় না।

> "মুর্থো বদতি বিষ্ণায় ধীরে। বদতি বিষ্ণুবেঃ। উভয়োস্ত সমংপুণ্যং ভাবগ্রাহীজনার্দ্দনঃ॥"

⁽ ১) মেচছ যথা :---গোমাংস থাদকো যস্ত বিরুদ্ধং বহুভাষতে। স্কাচার বিহীনশ্চ শ্লেচ্ছ ইত্যভি ধীয়তে॥ (প্রায়শ্চিত্ততত্ত্বত:বাধায়নবচন।)

শ্রীবিষ্ণুকে প্রণাম করিবার কালে মুর্থ ব্যক্তি "বিষণায় নমঃ" বলে এবং পণ্ডিও ব্যক্তি "বিষণ্ডবে নমঃ" বলে, কিন্তু পুণ্য উভয়েরই সমান; কেননা জনার্দ্দন ভাবগ্রাহা, তিনি কেবল শুদ্ধ ভক্তিতেই সম্ভ্রফী হ'ন। (২)

(২) চণ্ডালরাজগুহক জীরামচন্দ্রকে "ওরে হারে" বলিয়া সম্বোধন করিতেন, একদিন লক্ষণ গুহকের মুখে এইরূপ বাক্য শ্রবণ করিয়া তাহার প্রাণ বিনাশ করিবার জন্ম ধ্যুর্কাণ ধারণ করিলেন তথন রামচন্দ্র বলিতে লাগিলেন।

"কার প্রাণ নাশন করিবি ভাই শোন ? মিতার আমার কোন অপরাধ নাই। ও যে প্রেমে বলে"গুরে হারে"

আমি ওরে বড় ভালবাদি ভাই॥
"ওরে হারে" বলে জাতীয় স্বভাব,
অস্তরেতে উহার বড় ভক্তিভাব,
লইনে আমি ধন, সাধুজনার মন জুড়াইবে,

আমি ভাবগ্রাহী কেবল ভাবেতে জুড়াই।
ভক্তিতে আমি চণ্ডালের হই,
ভক্তিশৃত্য আমি ব্রাহ্মণের নই,
ভক্তিশৃত্য নর স্থধা দিলে পর, স্থধাইনারে ?

ভক্তজনে আমায় বিষ দিলে থাই॥"
দাসর্থি রায়ের পাঁচালী॥

নমৈকং যস্তাবাচি স্মারণ পথ গতং

শ্রোত্রমূলং গতংবা,

শুদ্ধংবাশুদ্ধবর্ণং ব্যবহিত রহিতং

তারয়ত্যেবসত্যম্॥

শ্রীহরিভক্তিবিলাস।

একবাব মাত্র একটী হরিনাম যে ব্যক্তির মুখে উদয় হয়, উহা স্মরণ পথেপ্রবেশ করুক বা নাই করুক, শ্রবণ পথে প্রবেশ করুক বা নাই করুক, ব্য বধানযুক্ত হউক, শুদ্ধ বা অশুদ্ধ বর্ণ হউক, ব্যবহিতরহিত খণ্ড উচ্চারিত হউক, সত্য সত্যই হরিনাম-কীর্ত্তনকারী ব্যক্তিকে উদ্ধার করিয়া থাকেন, ইহাতে কোন সন্দেহ নাই।

অতএব প্রত্যহ বন্ধুবান্ধবগণে মিলিত হইয়া ঐীঐীহরিনাম কীর্ত্তন করার স্তায় স্থথের বিষয় এ অবনী-মণ্ডলে অন্য কিছুই নাই।

শ্রীশ্রীহরিনাম প্রবণ-মাহাত্মা।

শ্রীশ্রীহরিনাম শ্রবণ ভগবানকে লাভ করিবার একটা প্রধান উপায়। যে ব্যক্তি শ্রদ্ধাপূর্ব্বক শ্রীশ্রীহরিনাম শ্রবণ না করে তাহার মন্ত্রয় জন্ম গ্রহণ করা বিফল।

প্রী শ্রীগোরাঙ্গ মহাপ্রভু বলিয়াছেন :—

"কৃষ্ণের মধুর বাণী, অমৃতের তরঙ্গিণী,

তার প্রবেশ নাহি যে শ্রবণে।

কানাকড়ি ছিদ্র সম, জানিহ সে শ্রবণ, তার জন্ম হৈল অকারণে ॥"

ত্রীচৈতশুচরিতামৃত।

মৃহধি কপিল তাঁহার জননী দেবহুতিকে ব্রিয়াছিলেন :—
নূনংলৈবেন বিহতা যে চাচ্যুত কথাস্থধাম্।
হিহা শুরস্তাসদ্গাথাঃ পুরীয়নিব্রীড়ভুজঃ।।

শ্রীমন্ত্রাগবত।

মাগো! অধিক আর কি বলিব বিষ্ঠাভোজী শৃকর যেমন ক্ষীব খণ্ডকে অনাদর করিয়া মল গ্রহণ করে সেইন্দপ মানব জন্ম গ্রহণ করিয়া যাহারা শ্রীশ্রীহবির কথান্দপ অমৃত পরিত্যাগ করিয়া অসৎ কথা শ্রবণ করে তাহারা নিশ্চয়ই হুর্ভগা।

> শ্বাবিজ্বরাহোষ্ট্রথবৈঃসংস্কৃতঃপুরুষঃ পশুঃ। ন যৎ কর্ণপথোপেতো জাতুনাম গদাগ্রজঃ।

> > শ্ৰীমদ্বাগ্ৰত।

যাহার কর্ণে কথনও শ্রীশ্রীহরি-কথা প্রবেশ করে না তিনি পুরুষক্রপী পশু, স্কৃতরাং তাহাকে, কুকুর, বরাহ, উট্ট ও গর্ন ভ প্রভৃতি পশুগণ পরিহাস করিয়া থাকে।

ক্রতুমুনি মহারাজ বৃকভান্তকে বলিয়াছিলেন :—

যস্ত কর্ণপুটে রাজন্ ন বিশেদ্ধরি নামকং।

শবস্ত কর্ণো তারেব বিষ্টেশুদ্ধিমিত প্রক্রেং।।

ত্রহ্মা ওপুরাণ।

হে রাজন ৷ যে হুর্ভাগ্য ব্যক্তির কর্ণ-কুহরে প্রীপ্রীহরিনাম

প্রবিষ্ট না হয়, তাহার কর্ণ শব কর্ণের তুল্য ও অপ্রবিত্ত, ভক্তি পূর্বক হরিনাম শ্রবণ করিলেই প্রবিত্ত হইবে।

> শতজন্ম তপঃপূতো জন্মেদং ভারতে ভবেৎ। করোতি সফলং জন্ম শ্রুত্বা হরিকথামৃতম্।। ব্রশ্ধবৈবর্ত্ত পুরাণ শ্রীকৃষ্ণর জন্ম থণ্ড।

মনুষ্য শতজন্ম তপস্থাচরণে পবিত্র হইয়া এই ভারতে জন্ম গ্রহণ করে, হুর্ন্নভ শ্রীশ্রীহরিকপামৃত শ্রবণ করিয়াই সেই জন্ম সফল করা কর্ত্তব্য।

শ্রীশ্রীহরিনাম শ্রবণ করিয়া এ জগতে যে কত মহাপাপীব পাপজীবন ধন্ত হইয়া গিয়াছে তাহার সংখ্যা নাই। শ্রীকৈতন্য চরিতামৃতের অন্ত লীলার তৃতীয় পরিচ্ছেদে বর্ণিত আছে, ভক্ত- চূড়ামণি হরিদাদের নিকট শ্রীশ্রীহরিনাম শ্রবণ করিয়া কোন এক পাপিনী বেশ্যা উদ্ধার হইয়াছিদেন যথাঃ—

"হরিদাস যবে নিজ গৃহ ত্যাগ কৈলা। বেনাপোলের বন মধ্যে কিছুদিন রহিলা।। নিজ্জন বনে কুটীর করি তুলসী সেবন। রাত্রিদিন তিন লক্ষ নাম সঙ্কীর্ত্তন।। ব্রাহ্মণের ঘরে ঘরে ভিক্ষা নির্ববাহন। প্রভাবে সকল লোক করয়ে পূজন।। সেই দেশাধ্যক্ষ নাম রামচন্দ্র খান। বৈষ্ণবদ্বেষী সেই পাষণ্ড প্রধান।। হরিদাসে লোক পূজে সহিত্তে না পারে। তার অপমান করিতে নানা উপায় করে।। কোনরূপে হরিদাসের ছিন্ত নাহি পায়। বেশ্যাগণ আনি করে ছিদ্রের উপায়।। বেশ্যাগণে কছে বৈরাগী হরিদাস। তুমি সব কর ইহার বৈরাগ্য নাশ।। বেশ্যাগণ মধ্যে এক স্থন্দরী যুবতী। সে ক্রান্ত তিন দিনে হবিব তাব মতি॥ খান কহে মোর পাইক যাউক তোমার সনে। তোমার সহিত একত্রে তারে ধরি যেন আনে ।। বেশ্যা কহে মোর **সঙ্গ হ**উক একবার। দ্বিতীয় বাবে ধরিতে পাইক লইব তোমাব।। রাত্রিকালে সেই বেশ্যা স্তবেশ করিয়া। হরিদাসের বাসা গেলা উল্লাসিত হৈযা। তলসীকে নমস্বারি হয়িদাসের দ্বারে যাইয়া। গোসাঞিরে নমস্কারি রহিলা দাঁডাইয়া।। অঙ্গ উঘারিয়া দেখায় বসিয়া তুয়ারে। কহিতে লাগিলা কিছু স্থমধুর স্বরে।। ঠাকুর তুমি পরম স্থন্দর প্রথম যৌবন। তোমার দেখি কোন নারী ধরিতে নারে মন।। তোমার সঙ্গম লাগি লুক্ক মোর মন। তোমা না পাইলে প্রাণ না যায় ধারণ।। হবিদাস করে তোমার করিব অঙ্গীকার। সংখ্যা নাম সঙ্কীর্ত্তন যাবৎ আমার।।

তাবৎ তুমি বসি শুন নাম সঙ্কীর্ত্তন। নাম সমাপ্ত হৈলে করিব যে তোমার মন।। এত ক্ষনি সেই বেশা বসিয়া বহিলা। কীর্ন করে হরিদাস প্রাত্তকালহৈল।।। প্রাতঃকাল দেখি বেশ্যা উঠিয়া চলিলা। সমাচার রামচন্দ থানেরে কহিলা ॥ আজি মোর সঙ্গ করিবে কহিলা বচনে। অবশ্য তাহার সহ হইবে সদ্ধনে ।। আর দিন রাত্রি হইল বেশ্যা আইলা। হরিদাস বহু তারে আশাস করিলা । কালি তুঃখ পাইলে অপরাধ না লইবে মোর। অবশ্য করিব আমি তোমার অঙ্গীকার।। তাবৎ ইহা বসি ক্ষনি নাম সঙ্কীর্ন। নাম পূর্ণ হৈলে তোমার পূর্ণ হবে মন।। তুলসীকে তবে কেশ্যা নমস্কার করি। দ্বারে বসি নাম শুনে বলে হরি হরি।। রাত্রি শেষ হৈল বেশাা উষ থস করে। তার রীতি দেখি হরিদাস কহেন তাহারে । কোটী নাম গ্রহণ যজ্ঞ করি এক মাসে এই দীক্ষা করি আছি হৈল আজি শেযে ।। আজি সমাপ্ত হবে হেন জ্ঞান ছিল। সমস্ত রাত্রি নিল নাম সমাপ্ত না হইল।।

কালি সমাপ্ত হবে তবে হবে ব্রত ভঙ্গ। স্বচ্ছন্দে তোমার সহ হইবেক সঙ্গ।। বেশ্যা গিয়া সমাচার খানেরে কহিল।। পর দিন দক্ষ্যাকালে ঠাকুর ঠাঁই আইল। তুলসীকে ঠাকুরকে নমস্কার করি। দ্বারে বসি নাম শুনে বলে হরি হরি।। নাম পূর্ণ হবে আজি বলে হরিদাস। তবে পূর্ণ করিব তোমার অভিলাষ।। কীর্ত্তন করিতে ঐছে রাত্রি শেষ হৈল। ঠাকুরের সনে বেশ্যার মন ফিরে গেল।। দশুবৎ হয়ে পড়ে ঠাকুর চরণে। রামচন্দ্র থানের কথা কৈল নিবেদনে ।। বেশ্যা হৈয়া মুই পাপ করিয়াছি অপার। কুপা করি করমো অধমে নিস্তার।। ঠাকুর কহে থানের কথা সব আমি জানি। অজ্ঞ মূর্থ সেই তারে চঃখ নাহি মানি।। .সেইদিন যাইতাম এ স্থান ছাডিয়া। তিন দিন রহিলাম তোমার লাগিয়া।। বেশ্যা কহে কুপা করি কর উপদেশ। কি মোর কর্ত্তবা যাতে যায় ভব ক্লেশ।। ঠাকুর কহে ঘরের দ্রব্য ব্রাহ্মণে কর দান। এই ঘরে বসি তুমি করহ বিশ্রাম।।

নিরম্ভর নাম কর তুলসী সেবন।
অচিরাতে পাবে তবে কৃষ্ণের চরণ।।
এত বলি তারে নাম উপদেশ করি।
উঠিয়া চলিল ঠাকুর বলি হরি হরি॥
তবে সেই বেশ্যা গুরুর উপদেশ লৈল।
গৃহ রৃত্তি যেবা ছিল ব্রাহ্মাণেরে দিল॥
মাথামুড়ি এক বস্ত্রে রহিলা সেই ঘরে।
রাত্রি দিন তিন লক্ষ নাম গ্রহণ করে।।
তুলসী সেবন করে চর্ববন উপবাস।
ইন্দ্রিয় দমন হৈল প্রেমের প্রকাশ॥
প্রাসিদ্ধ বৈশ্ববী হৈল পরম মহান্তি।
বড় বড় বৈশ্বব তার দর্শনেতে যান্তি॥"

শীশী চৈতভাচ বিতামৃত।
বিষমঙ্গল ঠাকুরের শীশীকৃষ্ণপ্রাপ্তির মূলকারণেই চিম্বামণি
বেশ্বার নিকট শীশীকৃষ্ণগীলা কথা শ্রবণ; শীকৃষ্ণামৃত ও শীলালদাস বাবালী কৃত শীভক্তমাল প্রস্থে লিখিত আছে যে পূর্ব্বকালে দক্ষিণ
দেশে কৃষ্ণবন্ধো নামে একটা নদী ছিল, ঐ নদীর পূর্ব্ব পারে শীবিৰমঙ্গল নামে একজন বেশ্যাসক্ত ব্রাহ্মণ ছিলেন; সেই ব্রাহ্মণ—

নদী পারে এক বেশ্চা নামে চিন্তামণি।
তাহাতে আসক্ত সদা দিবস রজনী॥
এক দিন শ্রীবিল্পের পিতৃশ্রাদ্ধ তিথি।
বেশ্চা কহে নদী পার না আসিহ ইথি॥

শ্রীভক্তমালগ্রাম্ব ।

বিষমঙ্গণ কিছুতেই চিস্তামণির নিষেধ-বাক্য গ্রাহ্ম করিলেন না, রাত্রি বিতীয় প্রহরের সময় অত্যন্ত ঝড় বৃষ্টি ও অশনি পতন হইতে লাগিল, তথন ব্রাহ্মণ চিম্ভামণির সঙ্গ লাভের জন্য উন্মন্ত হইলেন। 'কিস্কপে চিম্ভামণির নিকট যাইবেন, এইরূপ চিম্ভা করিতে করিতে ব্যাকুল হইরা নদীর তীরে উপনীত হইলেন। তথন—

নৌকা নাহি নদী পার যাইতে না পারে।

মৃতকে ধরিয়া গেলা সেই নদী পারে॥

বেশ্যাদ্বারে গেলা কপাট খিল লাগে তায়।
প্রবেশিতে নারে তবু মহা চেফা পায়॥

সেইকালে দেখে ভিত্তি গর্ত্তের ভিতরে।

কালসর্প অর্দ্ধ অন্ধ প্রবেশে কুহরে॥

শ্রীকৃষ্ণকর্ণামূত।

তথন শ্রীবিষমঙ্গল রজ্যুজানে ঐ অহিপ্চ্ছ ধারণ করতঃ প্রাচী-রোপবি উথিত হইয়া লক্ষণানে চিস্তামণির আঙ্গিনায় পতিত হইয়া মৃর্ছিত হইলেন। বেগ্রাগণ ব্রাহ্মণের পতনশন্দ শ্রবণ করিয়া প্রানীপ লইয়া তাঁহার নিকট উপস্থিত হইয়া সকলে ধরাধরি করিয়া শ্রীবিদ্দ মঙ্গলকে গৃহে লইয়া গেলেন, ব্রাহ্মণের অঙ্গে হুর্গদ্ধি ক্রেদ দর্শন করিয়া চিস্তামণি শ্রীবিষমঙ্গলকে তাহার কারণ জিজ্ঞানা করিলেন। শ্রীবিষমঙ্গল চিস্তামণির নিকট আদ্যোপাস্ত সকল কথাই বলিলেন, তথন ব্রাহ্মণের বাক্য শ্রবণ করিয়া চিস্তামণি বলিতে লাগিলেন—

> আমি বেশ্যা নীচ অতি অস্পৃশ্য নিন্দিত। তাতে তুমি ব্রাহ্মণ মোতে ক্রিয়া অসুচিত॥ এ হেন অগ্রাহ্য কর্ম্মে হেন অসুরাগ। ইহার যে শতাংশের অংশ এক ভাগ॥

শ্রীকৃষ্ণ চরণে যদি হইত তোমার।
তবে কি না হৈত চতুর্বর্গ(১) সেবা সার।
চিন্তামণি বেশ্যার যে চিন্তামণি বাক্য।
শুনি বিভ্যমন্সলের হুদে হৈল সৌখ্য॥
রাত্রি কৃষ্ণদীলা গানে প্রভাত হইল।
বৈরাগ্য করিয়া প্রাতে অমনি চলিল॥

ঐভিক্তমান গ্রন্থ।

চিন্তামণির তিরস্থার ক্রমে ক্রমে বিষমস্পলর পুরস্থার হইল।
বিষমস্পল আর সে বিষমস্পল নাই, তথনই তাঁহার অজ্ঞানাককাব
দ্রীভূত হইয়া হৃদয়ে দিবাজ্ঞানের উদয় হইল, তিনি সোমগিরি
নামক(২) একজন সাধুর নিকট শ্রীক্রফ মল্রে দীক্ষিত হইয়া
শ্রীক্রফ দর্শনের জন্ত উন্নত্ত হইলেন; সমস্ত বিষয়বাসনাত্রে
চিরদিনের নিমিত্ত হৃদয় হইতে বিদায় দিয়া, অনশনে, অনিপ্রাণ
দীনাতিদীন কাসালের বেশে তৃণাপেকা স্থনীচ হইয়া শানিতে
কাদিতে শ্রীধাম-বৃন্দাবনস্থ ব্রক্ষকুণ্ডের তীরে উপস্থিত হইলেন।
তথন—

ভকতবৎসল হরি দয়ার্দ্র হইয়া।
বিস্থমঙ্গলেরে কহে সম্মুখে আসিয়া।
রোদ্রে কেনে বসি ভাব ভোখে কেন রহ।
ছায়াতে আসিয়া বস আহার করহ।

⁽১) চতুর্বর্গ যথা, ধর্মা, অর্থ, কাম, মোক।

⁽২) "চিন্তামণির্জ্বতি সোম গিরিপ্তর্কমে" শ্রীকৃষ্ণকর্ণামূত।

তেহো কহে অন্ধ মুই দেখিতে না পাই।
কে তুমি স্বন্ধপে কহ তবে আমি যাই॥
শ্রীভক্তমাল গ্রাস্ত।

গ্রীকৃষ্ণ কহিলেন—আমি গোপনন্দন, জননী তোমার আহারের জন্ম আন বাঞ্জনাদি পাঠাইয়া দিয়াছেন। ভগবানেব এইর**া** সকরণ বাক্য প্রবণে ও শ্রীমঙ্গের সলাজে বিল্লন্স ব্ঝিতে পারিলেন যে, প্রীকৃষ্ণ স্বয়ং তাহার জন্ম থাদ্য লাম না বণ্য করিবা লইয়া আদিয়াছেন তথন ভগবানৈর কর ধরিবার জ্ঞা সংগ্র একান্ত ইচ্ছা হইল। বিল্নন্সল কহিলেন--- হে গোপনন্দন । আমি অন্ধ্য অত এব তুমি আমার কর গাবে ক্রিয়। সু নতলে লইয়া চল্ আমি বুক্ষের স্থাতিল ছায়ায় ক্লান্তি দূব কৰিবা স্বচ্ছনে ভোজন করিব। ব্রাহ্মণের এইকপ বাক্য শ্রান করিয়। ভগ্যান হস্ত বাড়াইয়া ব্রাহ্মণের কর ধারণ করিলেন। বিভ্রমলগও সজোরে ভগবানের হস্ত ধারণ করিলেন ব্রাহ্মণের মনের বাদনা যে, ডিনি কিছুতেই ভগবানের হস্ত ছাড়িয়া দিবেন না, কি ভ অথিল ব্রহ্মাও যে ভগবানের কবতলে, কোন ব্যক্তির এনন মাধ্য আছে যে. তাঁহাকে জোবপূর্মক ধবিয়া রাখিতে পারে ? ভগবান অমান ব্রান্ধণের হস্ত উপেক্ষা করিয়া চলিয়া গেলেন, তথন বিভানদ্ধল ভক্তিভাবে বিভোর হইয়া বলিলেন:-

> হস্তমুৎক্ষিপ্য যাতোহসি বলাৎ কৃষ্ণ ! কিন্তুতন্। হাদয়াদ্ যদি নির্যাসি পৌরুষং গণয়ামি তে॥

> > 🗐 কৃষ্ণ-কর্ণায়ত তৃত্যায় শতক।

শীর্ক পণ্ডিত তারাকুমার কবিরত্ন বিরচিত এই গোস্টার প্তাহ্বাদ অত্যন্ত মধুর যথাঃ—

জোরে ছাডাইয়া হাত চলিলে হে হরি। যাও যাও ইথে তব নাহি বাহাতুরী॥ হৃদ্য হুইতে মোর যদি যেতে পার। তবেই জানিব তুমি কত জোর ধর॥

কবিবচন স্থধা॥

অতঃপর শ্রীকৃষ্ণ বিখনঙ্গদের অনতিদুরে থাকিয়া তাঁহার সঙ্গে সঞ্জে ইাটিতে লাগিলেন, এবং বারংবার ব্রাহ্মণকে ভোজন করিতে অনুরোধ করিলে, থিলমঙ্গল কিছুতেই ভোজন করিতে স্বীকার করিলেন না। ভগবানের ত্রিভঙ্গ মুরতি দেখিতে তাঁহার একান্ত বাসনা হইল, ভগবান কলরূপ প্রলোভন দেখাইয়া ভ্রাহ্মণকে বিষয়ের দারা ভুলাইতে চাহিলেন; কিন্ত "মধুকর মধু পেলে চাহে কি সে জল পানে।" বিভ্রমঙ্গলের সকল বিষয় বাদনা দুর হইয়া গিয়াছে, আর কি দে ভগবানের শ্রীপাদপদ্ম ছাড়িয়া বিষয়রূপ বিষ্ঠায় বিমোহিত হয় ? ভগবান বিষয় ছারা ব্রাহ্মণকে ভুলাইতে না পারিয়া পুনর্কার তাঁহার অন্ধনেত্র হুটী দান করিলেন, এবং ত্রিভঙ্গ মূরতি ধারণ করিয়া ব্রান্সণের সন্মুখে দাঁড়াইলেন, ভগবানের উনবিংশতি চিহ্নযুক্ত(১) শ্রীপাদপদ্ম দর্শন

⁽১) উন্মিণ্ তি চিহ্ন এই. (শ্রীরূপ গোস্বামী বলিয়াছেন) "চন্দ্রাদ্ধিং কলসং ত্রিকোন ধরুষী থং গোম্পদং প্রোষ্টিকাং. শভাং সব্য পদেহথ দক্ষিণ পদে ত্রিকোনাষ্টকং স্বস্থিকং।

কবিয়া আক্ষণের জীবন সার্থক হইল, আক্ষণ হরি প্রেমানন্দে আয়হারা হইলেন।

পরম ককণামর ভগবান্ প্রতাহ আহারের সময় বিল্মসলকে নানাবিধ থালা দামগ্রী আনিয়া দিতে লাগিলেন। অতঃপব এক দিবস—

"দৈব যোগে সেই রামা, চিন্তামণি বেশ্যা নামা, কৃষ্ণ কুপা তাহার উপরি।

সকল করিয়া দূরে, কৃষ্ণ প্রেমাবেশ ধরে, আসি মিলে রুন্দাবনপুরী॥

স্থবৈরাগ্য অনুরাগে, শ্রীবিল্লমঙ্গল আগে, আসিয়া মিলিলা চমকিতে।
শ্রীবিল্লমঙ্গল তবে, বল্লোদেশী গুরুভাবে, প্রণমিলা বহু ভক্তি নীতে॥

চক্রং ছত্র যবাঙ্কুশাংধ্বজ্পবী জম্বুর্লবেথাসুজান্। বিভানং হরি মুনবিংশতিমহা লক্ষাশ্রিতাজিবুং ভজে॥"

ত্রীকপচিস্তামণি।

বামপদে-অর্দ্ধিক ১ কলস ২ ত্রিকোণ ৩ ধনু ৪ আকাশ ৫ গোপ্পদ ৬ পুটীমংস্থ ৭ শছা ৮ দক্ষিণপদে অষ্ট কোণ ৯ স্বস্থিক ১০ চক্র ১১ ছত্র ১২ যব ১৩ অঙ্কুশ ১৪ ধ্বজ ১৫ বজু ১৬ জন্মল ১৭ উদ্ধিরেথা ১৮ পদ্ম ১৯। এই উনবিংশতি চিল্লা-প্রতি চরণযুগল ধারণ করিয়াছেন যে শ্রীকৃষ্ণ তাঁহাকে ভজনা কবি। কুফদত অন্ন দোনা. সিফান প্রকান নানা. খাইতে দিলেন যত্ন করি। চিন্তামণি কহে মুই, খাইতে তোমার চাঁই. নাহি আইনু অন হরি হরি॥ কুষ্ণ কুপা তোমা পরি. তুমি শ্রেষ্ঠ অধিকারী. জগৎ শোধিতে পার হেলে। শরণ লইনু মুই, আর কিছু নাহি চাই, ক্রম্ভ মোরে দেখাও বিরলে॥ এত কহি চিন্তামণি, কণ্ঠে না নিঃম্বরে বাণী, প্রেমাবেশে পড়য়ে ঢলিয়া। জ্রীবিল্বমঙ্গল নাধু, হেরি তার প্রেমসিন্ধু, আনন্দে মগন হৈল গিয়া॥ আশাসে বহু বেডি. কুষ্ণ কুণা তোমা পরি. অবশা দিবেন দরশন। এত কহি কৃষ্ণ স্থানে, সটে পটে শ্রীচরণে. ধরিয়া করিলা দুঢ় পণ।। চিন্তামণি অধিকারা, ভক্ত অনুগ্রহ ভারি. ছুই তত্ত্বে দিলা দরশন। অহো ! কি আশ্চর্য্য কথা, প্রাফুল্ল সৌভাগ্য লতা, ত'জনার একই সমান॥" প্রতিক্রমাল গ্রন্থ।

শ্রীন্থীহরিনাম শ্রবণ করিলে জীবগণের সকল প্রকার পাপ বিদুরিত হয়; মহারাজ পরীক্ষিত বলিয়াছেন ঃ— প্রবিষ্টঃ কর্ণরন্ধেন স্থানং ভাব সরোক্ত্রন্থ ।

ধুনোতি সমলং কৃষ্ণঃ সলিলস্য যথা শরৎ ॥

শুনিমুলগবত ।

শরৎ ঋতু যেরপে দকল জলেব মলিনত্ব দূর করিরা থাকেন,
নামরূপী শ্রীকৃষ্ণ সেইরূপ কর্ণ বিবর দারা ভক্তের ভাবপূর্ণ হৃদপদ্মে
প্রবেশ করিয়া বাবতীয় পাপ, তাপ, শোক ও হৃদয়ের হৃদ্ধিতা
মলিনতা প্রভৃতি দূর করেন।

মধুমাথা শ্রীশ্রীহরি নাম শ্রবণ করিতে করিতে পাপ, তাপ, অবিদ্যা প্রভৃতি দূব হইয়া ভগবানের শ্রীলাদপলে নিষ্ঠা হইতে থাকে, নিষ্ঠা বতই বুদ্ধি পায়, দেই সঙ্গে ক্রমে ক্রমে হরিনাম শ্রবণ, কীর্ত্তন ও মননে ক্রচি জন্মে। যতই ক্রচি বৃদ্ধি পায় ততই আশক্তিব উদয় হয়, আশক্তি হইতে ভাব(১)ও ভাব হইতে প্রেমের উদয় ইইয়া থাকে। যথা:—

আদে শ্রেদ্ধা ততঃ সাধু সঙ্গোহণ ভজনক্রিয়া। ততোহনর্থনিবৃত্তিঃস্থাৎ ততো নিষ্ঠা ক্রচিস্ততঃ॥ তথাশক্তি স্ততো ভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি। সাধকানাময়ং প্রেদ্ধ প্রাহুর্ভাবে ভবেৎক্রম॥

শ্রীভক্তিরসামৃতসিন্ধু।

প্রথমে শ্রদ্ধা, তাহা হইতে সংগঞ্জ, তাহা হইতে ভজন ক্রিয়া, তাহা হইতে অনর্থ নিবৃত্তি, সেই অনর্থ নিবৃত্তি হইতে নিষ্ঠা (অর্থাৎ ভগবং পদে চিত্ত একাগ্র হয়, চিত্তের একাগ্রতা হইতেই তাঁহার মধুবতা বিশেষরূপে উপলব্ধি হইতে থাকে এবং শ্রীশ্রীহরি নাম

⁽১) প্রেমস্ত প্রথমাবস্থা ভাবইতাভিধীয়তে। ভ, র, সি,

কীর্ত্তন প্রবণ ও মননাদিতে ফচি হয়, কচি হইতে আশক্তি হয়, আশক্তি হইতে ভাব হয় ও ভাব হইতে প্রেমের উদর হইরা থাকে। এইরূপে শ্রীশ্রীহরি নাম প্রবণ করিতে করিতে নারদের হৃদয়ে হরিপ্রেমের উদয় হইয়াছিল, হরিনাম প্রবণ করিলে কি ফল লাভ হয় শ্রীমন্তাগবতের প্রথম স্কল্পের পঞ্চম অধ্যায় নারদমূনি ব্যাসদেবকে বলিয়াছিলেন:—

"অহং পুরাতীত ভবেহভবং মুনে
দাস্তাশ্চ কস্তাশ্চ ন বেদবাদিনাম্।
নিরপিতো বালকএব যোগীনাম্
শুক্রাবশে প্রাবৃষি নির্বিবিক্ষতাম্॥
তত্রাবহং কৃষ্ণকথাঃ প্রগায়তা
মাসুপ্রাহেণা শূণবং মনোহরাঃ।
তাঃ শ্রাক্ষা মেহত্তাদং বিশৃণ্তঃ
প্রিয়প্রাবস্তাস্ক ন্যাভবদ্রতিঃ॥"

হে মুনে । আদি পূর্বভালে পূর্মজন্ম বেদজ মহর্মিগণের কোন এক দাসীর গর্ভে জন্ম ধারণ করিলাছিলাম। বর্ধাকালাগমনে যোগীগণ যথন চাতুর্মান্ত ব্রতোপলক্ষে সকলে একত্রিত হইরা একস্থানে বাস করিতেন, তথন অতিশয় বালক হইলেও একাগ্র চিত্তে তাঁহাদিগের সেবা করিতাম, ঋষিগণ প্রত্যাহ সেই স্থানে শ্রীশ্রীহরির মনপ্রাণহানী দালা গুণ গান করিতেন, আমি ঋষি-গণের অনুগ্রহে নি নিম্নে সেই সকল (হরি) কথা শুনিতে পাই-তাম, অতি শ্রমার মহিত সেই কৃষ্ণকথা শুনিতে শুনিতে প্রম্ মহাপাপী জগাই মাধাইও স্মধুর হরিনাম প্রবণ করিয়া উদ্ধার হইয়াছিলেন; যথাঃ—

> "একদিন গোরচন্দ্র কহে হর্ষ হৈয়া। উদ্ধারহ জীবে কৃষ্ণ উপদেশ দিয়া॥ শুনি প্রভু নিত্যানন্দ হরিদাস সঙ্গে। কৃষ্ণনাম উপদেশ করি করে রঙ্গে॥ পড়ুয়া অধম মিলি নিন্দয়ে সবাই। যাইতে কহিল যথা জগাই মাধাই॥" শ্রীভক্তিরত্বাকর।

অনস্তর নিত্যানন্দ, হরিদাস, মুরারী, শ্রীনিবাস প্রভৃতি ভক্তগপ শ্রীমীহরিনাম কার্ত্তন করিতে করিতে জগাই মাধাইর নিকট উপস্থিত হইয়া বলিতে লাগিলেন,---

"বোল কৃষ্ণ ভজ কৃষ্ণ এই কৃষ্ণ নাম।
কৃষ্ণ মাতা কৃষ্ণ পিতা কৃষ্ণখন প্রাণ॥
ভোমা সবা লাগিয়া কৃষ্ণের অবজাব।
হেন কৃষ্ণ ভজ সবা ছাড় অনাচার॥
ভাক শুনি মাথা জুনি চাহে চুইজন।
মহা ত্রোধে ছুই জাই সনেণ নদন॥
সন্মানী আকার দেখি মাথা জুলি চায়।
ধর ধর বলি দোঁতে ধারবারে বিভাগ
ধাইয়া আইসে পাতে বছালা বিভাগ
মহাভয় পাই চুক প্রত্ন বিভাগ
বিভাগভাগবত।

নিত্যানল ও হরিদাস প্রভৃতি ভক্তগণ প্রাণ ভরে দৌড়িয়া প্রীগৌরাঙ্গ মহাপ্রভুর নিকটে গিয়া সকল বৃত্তান্ত জানাইলেন। অতঃপর মহাপ্রভু এক দিবস, অবৈতাচার্যা, নিত্যানল, হরিদাস, গদাধর, শ্রীনিবাস, মুরারী, মুকুল, চক্রশেখরাচার্য্য প্রভৃতি ভক্তবৃন্দ সঙ্গে লইয়া প্রীশ্রীহরিনাম কীর্ত্তন করিতে করিতে জগাই মাধাইর দারে উপস্থিত হইলেন, ত্রাআ জগাই মাধাই স্থমধুব হরিনাম শ্রবণ করতঃ তর্জন গর্জন করিয়া শ্রীনিত্যানল প্রভুকে মারিবার জন্ম—

> "ক্রোধে তুই ভাই ধায়, হাতে করি দণ্ড। সম্ম্যে পাইল ভাঙ্গা কুন্ত এক খণ্ড॥ কলসীর কাণা সে ফেলিয়া মারে রোখে। নির্ভরে বাজিল নিত্যানন্দের মস্তকে॥ নির্ভরে বাজিল কাণা রক্ত পডে ধারে। দেখি সর্বর নিজ গণ হাহাকার করে ॥ দেখিয়া ঠাকুর চিত্তে বড পাই ছঃখ। ডাকিয়া কহিল সেই পাপিষ্ঠ সম্মুখ। তোমার দোঁহার ধিক জুরাচার নাহি। পাপ বলি যার নাম সঞারত্তে মহী॥ সকল করিলা মাত্র নাহি কর এক। এখানে করিলে সেই দেখ পরতেক॥ ইহা বলি মহাপ্রভু নিত্যানন্দ কাছে। আপন বসন তার শিরে বান্ধিয়াছে ॥ নিত্যানন্দ শ্রীপাদের জানেন মহত। ভূমিতে পড়য়ে পাছে তাহার রকত॥

পৃথিবীর অমঙ্গল জানি পাছে হয়। মস্তকে বাঁধিল বস্ত্র প্রভু এই ভয়॥ ক্রোধ করি স্তদর্শনে ডাকে গৌর হরি। দাণ্ডাইল স্তদর্শন কর্যোড করি॥ কি কারণে আজ্ঞা মোরে করিলা ঈশ্বর। জয় জয় মহাপ্রভু শচীর কুমার॥ প্রভু বলে জগাই মাধাইরে সংহার। নিত্যানন্দে মারি বাথা দিলেক অন্তর। ক্ষনি হাদর্শন অগ্নি প্রালয় হইয়া। জগাই মাধাই পানে চলিলা ধাইয়া॥ দেখিলেন জগাই মাধাই স্তদর্শন। কাঁপিতে লাগিল অঞ্চ ত্রাসিত মন॥ স্থদর্শন দেখি নিত্যানন্দ প্রভু হাসে। কি করিলা ভগবান ঐশ্বর্যা প্রকাশে ॥ করুণাতে উদ্ধার করিব ত্রিভুবন। দীনহীন পতিত পামর তুষ্টজন॥ জগাই মাধাই তার দীনবন্ধু হব। পতিতপাবন নামের গরিমা রাখিব ॥ ইহা বলি নিত্যানন্দ চরণে ধরিয়া। কহিলেন প্রভু পদে বিনয় করিয়া॥ এ হুই পতিত প্রভু মোরে দেহ দান। পতিত পাবন নাম থাকুক ব্যাখ্যান ॥

আর আর যুগে দৈত্য করিলা সংহার। সশরীরে এই চুই করহ উদ্ধার॥ শুনি নিত্যানন্দবাণী প্রভু দয়াময়। বলে ধনা নিতানিক রোহিণী তন্য॥ তোর বশ মুঁই হও সর্ববশাস্ত্রে কহে। যে তুমি কহিলে তাহা করিব নিশ্চয়ে॥ একবার নিত্যানন্দ বোলে জন্ম ধরি। গেজন পবিত্র হৈল সে লোক আমারি॥ ঘরে গেলা মহাপ্রভু নিজ জন লৈয়া। জগাই মাধাই রহে বিস্মিত হইয়া॥ মহা প্রভুর দরশন সঙ্কীর্ত্তন শব্দে। বিশ্মিত হইয়া রহে চাহে এক স্তব্ধে ॥ মনে মনে অনুমান করয়ে অন্তর। বিচার করয় মহা প্রভুর উত্তর॥ হেন পাপ নাহি যাহা মুই নাহি করোঁ। যাহা নাহি কর তাহা সন্ন্যাসীরে মার॥ গুণিতে গুণিতে তার অন্তর নির্ম্মল। দেখ দেখ মহা প্রভুর করুণার বল। কাতর হইয়া দোঁহে ধায় উদ্ধ্যুথে। চমক লাগিল দেখি নদীয়ার লোকে॥ মহা প্রভুর দ্বারে গিয়া হৈল উপনীত। ঠাকুর ঠাকুর বলি ভাকে বিপরীত॥

নিজ জন মেলি প্রভু বসিয়াছে ঘরে। "কে মোরে ভাকয় দেখ বাহির ছুয়ারে ॥" এখানে আমার ঠাঁই আনহ মুরারী। আজ্ঞা পাইয়া দোঁহারে আনিলা কোলে করি॥ প্রভুকে দেখিয়া তারা অতি আর্ত্তনাদে। চরণে পড়িয়া ভূমি চুই ভাই কান্দে॥ পতিত পাবন তুমি করুণার সিস্কু। সর্বব লোকনাথ যে বিশেষ দীনবন্ধ ॥ করুণা-সাগর প্রভু সদয় হৃদয়। আর্বজন আর্ক্তি দেখি তথনি দ্রবয়॥ ত্লিয়া পুছিল শুন জগাই মাধাই। কি কারণে কান্দ কেনে এলে মোর ঠাই ॥ নবদ্বীপে একাগ্র ঠাকুর তুইজন। চতুর হইয়া কেনে কান্দহ এখন॥ এ বোল শুনিয়া বোলে জগাই মাধাই। তোমার কুপায় মোরা আইসু তোর ঠাঁই।। গোবধ স্নীবধ পাপ করিয়াছি কত। লেখা জোখা নাহি নর বধ কৈন্তু কত। ধিক যাউক আমার নদীয়ার ঠাকুরাল। গুকুহতা। ব্রহ্মহতাায় এ দেহ আমার॥ ব্রাহ্মণী যবনী গুর্ববঙ্গনা নাহি এডি। চগুলিনী আদি করি কান্তরে না ছাড়ি॥

হিংসা বহি নাহি করি নদীয়ার লোকে। দেবকর্ম্ম পিতকর্ম্ম নাহি বাসোঁ মোকে॥ তোর ঠাঁই আমি ছার আর কিবা বলি। যত পাপ কৈন্তু তত শিরে নাহি ছলি॥ অজামিল নামে পাপী বোলে সর্ববজন। আমায় অধিক নহে কহিল বচন। নিস্তার করিল তারে নাম নারায়ণে। আমা নিস্তারিতে নারে আসিয়া আপনে॥ আমার নিস্তার নাহি মো জান আপনা। আমারে কি গুণে তুমি করিবে করুণা।। এতেক কাতর বাণী শুনিয়া ঠাকুর। অকৈতব শুনি দয়া বাড়িল প্রচুর॥ আর্ত্তিজনার আর্ত্তি দেখি ঠাকুরের আর্ত্তি। করুণা বিগ্রহ আর দয়াময় মুর্ত্তি॥ করুণা সাগর করি করুণা প্রকাশ। করে ধরি লয়ে গেলা জাহ্নবীর পাশ। ধাইল নদীয়ার লোক দেখিতে কোতৃক। প্রেম প্রকাশয় প্রভু অতি অপরূপ॥ ব্রাহ্মণ সজ্জন সব দাণ্ডাইয়া রহে। সবা বিভ্যমানে প্রভু দয়াবাণী কহে॥ তোর পাপ পরিগ্রহ করিব আমি। আপনে আপন পাপ উৎসর্গহ তুমি॥

ইহা বলি হাত পাতে তুলসীর তরে। তুলসী না দেই তারা তুই ভাই ডরে॥ দয়া করি কহে পুন গৌর ভগবান। জ্ঞগাই মাধাই তোরা পাপ দেরে দান ॥ জগাই মাধাই বলে শুন প্রভু তুমি। আমার কতেক পাপ লিখিতে না জানি॥ আমি মহাধ্মাধ্ম পাপ মহা পাপ। তোজা পাপ দিতে হিয়া ডরে মোর কাঁপ। এ বোল শুনিয়া আঁখি করে ছল ছল। মেঘের গন্ধীর নাদে বলে হরিবল। পুনরপি পাপ দান চাহে কর পাতে। জগাই মাধাই সে তুলদী দিল হাতে 1 চৌদিকে ভেল ধ্বনি হরি হরিবোল। জগাই মাধাই বলি প্রভু দেই কোল।। নিস্তারিলা তুই ভাই জগাই মাধাই। এ হেন পাতকী যারে পরশিতে নাই॥" শ্রীতৈত্তখনকল মধাখণ্ড।

এ জগতে আমরা যত জগাই মাধাই আছি, শ্রজাপূর্ব্বক শ্রীশ্রীহরি-নাম শ্রবণ ও কার্ত্তন করিলেই উন্ধার হইলা যাইব। কেননা— "নামোহস্ম যাবতী শক্তিঃ পাপনির্হরণে হরেঃ। তাবৎ কর্ত্তুং ন শক্রোতি পাতকং পাতকী জনঃ॥" বিষ্ণুপুরাণ।

পাপহরণ বিষয়ে আত্রীত্রীহরিনামের যেরপ শক্তি আছে, পাপী ব্যক্তির এমন সাধ্য নাই যে কথনও সেই পরিমাণে পাপ করিতে সমর্থ হয়।

"ইচ্ছায়ই হউক অনিচ্ছায়ই হউক, মাদক দ্রব্য কিঞ্চিন্মাত্র পান করিলে মত্যপায়ি-ব্যক্তি যেমন নেশায় অস্থির হুইয়া পড়ে, অবশেষে ক্রমে ক্রমে বাছজ্ঞান তিরোহিত হট্যা যায়, সেইরূপ ক্রমাগত শ্রীশ্রীহরিনাম শ্রবণ ও কীবন করিতে করিতে 'মহাপাষ্ণ-বাজ্ঞিরও' সকল প্রকার পাপ তাপ বিদুরিত হইয়া হৃদয়ে বিশুদ্ধা ভক্তির উদয় হইয়া থাকে। ভক্ত তখন যাবতীয় বিষয়বাসনাকে হৃদয় হইতে বিদায় দিয়া আ শীহরিনামরসে নিমগ্ন হ'ন।"

শ্রীত্রীহরিনাম জপ মাহাত্য।

জপ কাহাকে বলে ? এমজন গোসামী বলিয়াছেন :-"মন্ত্রস্থ স্থলঘুচ্চারো জপ ইত্যভিধীয়তে।" ঐভিক্তিরসায়ত সিন্ধ।

যাহা অতা কোন ব্যক্তি শুনিতে না পায়, এইরূপ অমুচ্চ রবে ন্স উচ্চারণ করাকে জপ কছে।

জপ তিন প্রকার যথা:--

"ত্রিবিধাে জপ যজ্ঞঃ স্থাৎ তম্ম ভেদান্নিবােধত। বাচিকশ্চ উপাংশুশ্চ মানসশ্চ ত্রিধামতা: ॥"

নুসিংহ পুরাণ।

- ১। বাচিক। ২। উপাংও। ৩ মানস।
- (১) বাচিক লপ যথা:—
 ত্রয়ানাং জপ যজ্ঞানাং শ্রেয়ান্ স্থাত্তরোতরঃ।
 যত্তচ নীচস্বরিতঃ স্পষ্ট শব্দ বদক্ষরিঃ॥
 মন্ত্রমুচ্চারয়েদ্বাক্তং জপর্যজ্ঞ দ বাচিকঃ॥
 নুসিংহ পুরাণ।

এই ত্রিবিধ জ্বপ যজ্ঞ পরম্পার উত্তরোত্তর শ্রেষ্ঠ। উচ্চ নীচ ও শ্বরিত (উদাত্ত, অমুদাত্ত ও শ্বরিত) নামক শ্বর্যোগে পরিষ্কৃত বর্ণ দারা স্পষ্টভাবে মন্ত্র উচ্চারিত হইলে তাহাকে বাচিক জ্বপ বলে।

উপাংশু জপ যথা :—

শনৈক্ষচারয়েরান্ত্র মীষদৌষ্ঠো প্রচালয়েৎ।

কিঞ্চিচ্ছকাং স্বয়ং বিভাত্পাংশুঃ স জপঃ স্মৃতঃ॥

নৃসিংহ পুরাণ।

যে জপে মন্ত্র ধীরে ধীরে উচ্চারিত হয়, ওঠৎয় কিঞ্চিনাত্র চালিত হইতে থাকে এবং কেবলমাত্র নিজের শ্রুতি গোচর হয়, এই ভাবে ঈষনাত্র যে শব্দ উচ্চারিত হয় ভাহাকে উপাংশু জপ বলে।

মানস জপ ষণা:—
 ধিয়া যদক্ষর শ্রোণ্যাবর্গরর্গং পদাৎ পদম্।
 শব্দার্থ চিন্তনাভ্যাসঃ স উক্তঃ মানসো জপঃ॥
নুসিংহ পুরাণ।

নিজ বৃদ্ধি যোগে একবর্ণ হইতে অন্ত বর্ণ এবং এক পদ হইতে অন্ত পদের যে অর্থ চিন্তন, তাহার পুনঃ পুনঃ আবৃদ্ধিকে মানস অপ বলে। জপের মাহাত্ম্য সম্বন্ধে মহর্ষি মন্থ বলিয়াছেন:—
বিধি যজ্ঞাক্ষ্ণপ যজ্ঞো বিশিষ্টো দশভিগু বৈঃ।
উপাংশুঃ স্থাচ্ছত গুণঃ সহস্রো মানস স্মৃতঃ॥
যে পাক যজ্ঞাশ্চহারেঃ বিধিযক্ত্র সমন্বিতাঃ।
সর্বেব তে জ্ঞপ যজ্ঞস্য কলাং নাইন্তি যোড়শীম্॥
মন্থসংহিতা বিতীয় অধ্যায়।

বেদ বিহিত যজাদি অপেকা জপ যজ্ঞ দশগুণ শ্রেষ্ঠ । উপাংশু জগ শত গুণ শ্রেষ্ঠ । নানস জপ সহস্র শুণ শ্রেষ্ঠ । দেব যজ, ভূত যজ্ঞ, মহায় যজ্ঞ ও পিতৃ যজ্ঞ, এই চারিটী মহায়জ্ঞ নামে অভিহিত । ইহার সহিত দর্শ-পৌণমাসাদি বেদবিহিত সম্দয় যজ্ঞ যোগ করিলেও তাহা এল যজ্ঞরপ (শ্রীশীহরি নাম) জপ যজ্ঞের বোল ভাগের এক ভাগেরও সমান নহে।

জপেনৈবতু সংসিদ্ধে দ্বুক্সণো নাত্র সংশয়ঃ। কুর্য্যাদভান বৈকুর্য্যান্মতো আক্ষণ উচ্যতে॥ শুজ্ঞাংহিতা, একাদশ অধ্যায়।

ব্ৰাহ্মণগণ স্থাদি কৰ্মন কি নাই কৰ্মন একমাত্ৰ (শ্ৰীশ্ৰীহরি নাম) জপ দারাই দিদ্ধিলাভ ক্ষিতে পারেন ইহাতে কোন সন্দেহ নাই।

শ্রী শীহরি নাম জপের জন্ম কালাকাল বিচার না থাকিলেও গৃহস্থ বৈষ্ণবগণের পক্ষে তিনটা সময় প্রশস্ত। যথা:—

১। ব্রাহ্মমূহ্র । ২। প্রদোষ। ৩। নিশিথ। যে সকল ছানে মেছে, হিংপ্রক পভ, দর্প কিছা কুন্তীরাদির ভর, দে সকল ছানে বদিয়া ক্থনও শ্রীশীহরিনাম জ্বপ ক্রিবেনা। य मकन स्थान विभिन्न क्षेत्र कर्म, ज्वर्यस्य वना याहरज्य ।

यथा :—

পুণ্যক্ষেত্রং নদীতীরং গুহা পর্বতমস্তকম্।
তীর্থ প্রদেশা সিন্ধুনাং সঙ্গম পাবনং বনম্॥
উন্থানানি বিবিক্তানি বিস্থান্ত ভটং গিরেঃ।
দেবতায়তনং কূলং সমুদ্রক্ত নিজং গৃহম্॥
সাধনেষু প্রশস্তানি স্থানান্তেতানি মন্তিনাম্।
অথবা নিবসেত্তর যত্র চিত্তং প্রসীদতি॥
কুলার্ণব তম্ত।

পুণ্য ক্ষেত্র, নদীর তীর, গুহা, গিরিশৃঙ্গ, তীর্থস্থান, এক কিম্বা ততোধিক নদীর মিলনস্থান, পবিত্র অরণ্য, নির্জ্জন কানন, বিল্ব-মূল, গিরিতট, দেবতা মন্দির, সমুদ্রের ক্ল, নিজের গৃহ অথবা বে স্থানে চিত্ত প্রসন্ন হয়, সেই স্থানে বিদিয়াই শ্রীশ্রীহরি নাম জপ করিবে।

উপযুক্ত গুরুর নিকট মন্ত্রের অর্থ ও চৈতন্তশক্তি জানিয়া লইয়া মন্ত্র জপ করিতে হয় যথা :—

> এবং মন্ত্রং গুরোর্লদ্ধা ন দ্রুতং ন বিলম্বিতং। অক্ষরাক্ষর সন্ধানং নিঃসন্দিগ্ধমনা জপেৎ॥ শিবসংহিতা পঞ্চম পটন।

প্রীপ্রীপ্রক্ষেবের নিকট ক্রফামন্ত গ্রহণ করিয়া শিষা (। । । । । নিকট শনৈঃ শনৈঃ বর্ণে বর্ণে (সেই মজের) অমুসন্ধান বিদিত হইয়া নিঃসন্দির্থ মনে জ্বপ করিবে।

সদাশিব বলিয়াছেন:-

মন্ত্রার্থং মন্ত্র চৈতন্তং যো ন জানাতি সাধকঃ। শত লক্ষ প্রয়প্তোহপি তম্ম মন্ত্র ন সিদ্ধতি॥ মহানির্বাণ তন্ত্র, তৃতীয় উল্লাস।

হে পার্কতি! যে সাধক মন্তের অর্থ ও চৈতন্ত শক্তি না জানে, সে ব্যক্তি শত লক্ষ্যার মন্ত্রজ্প করিলেও জপের ধারা সিদ্ধিলাভ করিতে সমর্থ হয় না।

> অনন্য গতয়ে। মর্ন্ত্যাঃ ভোগিনোহপি পরস্তপাঃ। জ্ঞানবৈরাগ্যরহিতা ব্রক্ষাচর্য্যাদি বর্জ্জিতাঃ॥ সর্ববধর্মোজ্ঝিতা বিষ্ণোনাম মাত্রৈকজল্পকাঃ। স্থাথেন যাং গতিং যাস্তি তেনং সর্বেবহিপি ধার্ম্মিকাঃ॥ পদ্মপুরাণ।

যাহারা অন্য গতি, নিয়ত বিষয় ভোগী, পরপীড়াদায়ক, জ্ঞান বৈরাগ্য বর্জিত, ব্রহ্মচর্য্যা শৃষ্ঠ এবং মর্ব্ম ধর্মত্যাগী তাহারাও যদি নিয়ত শ্রীশ্রীহরিনাম জপ করিতে থাকে তাহা হইলে অনায়ামে ধার্মিকদিগেরও চুল্লভি গতি লাভ করিতে পারে।

মন্ত্রান্ শ্রীমন্তরাজাদীন্ বৈষ্ণবান্ গুর্বনমুগ্রহাৎ।

শবৈশ্বর্যাং জপন্ প্রাণ্য যান্তি বিষ্ণোঃ পরংপদম্॥

শ্রীহরিভজিবিলাস।

শ্রীক্সীগুরুদেবের (অর্থাৎ দীক্ষা ও শিক্ষা গুরুর) অন্থ্রাহে
মা নবগণ মন্ত্রাক্স বৈফ্বমন্ত্র (অর্থাৎ যে মন্ত্র জপ করিলে ভগবান কে লাভ করা যান—বিফুমন্ত্র) জপ করিতে করিতে সর্ক্রেক্সার্থ্য
লাভ করওঃ অন্তে শ্রীবিফুর প্রমণদ প্রাপ্ত হয়।

"এ স্থলে মন্ত্রাদির বিষয় যাহা বলা উচিত সাধকগণ তাহা সদগুরুর নিকট শ্রবণ করিবেন।"

> "কৃষ্ণায় নমঃ" ইত্যেষ মন্ত্ৰঃ সৰ্ববাৰ্থ সাধকঃ। ভক্তানাং জপতাং ভূপ স্বৰ্গমোক্ষফলপ্ৰদঃ॥ পদ্মপুৰাণ।

হে রাজন্। "রুফায় নম:" এই মন্ত্র সর্বার্থ সাধক। যিনি একাগ্রচিত্তে এই মন্ত্র জ্বপ করেন, তাঁহার নিরবচ্ছিন্ন স্থ্ ও মোক্ষ (অর্থাৎ ভগবৎ প্রাপ্তি) উভয়ই সিদ্ধ হইয়া থাকে।

> মুনিঃ জপপরো নিত্যং দৃঢ় ভক্তিঃ জিতেন্দ্রিয়ঃ। স্বগৃহেহপি বসন্ যাতি তদ্বিফুং পরমং পদম্ ॥ স্কন্ধুরাণ।

যে ব্যক্তি নিজের গৃহে বিষয়া নিত্য এই ভিগবানের নাম ও ভগবন্মপ্র জপ করেন, তিনি চরমে তীবিষ্ণুর প্রমপদ লাভ করিয়া থাকেন।

জীত্রীহরিভজন মাহাত্ম্য।

একমাত্র শ্রীশ্রহিরির ভজনা করাই কর্ত্তবা। হরিই 'সর্ক্ দেবময়, স্তরাং তাঁহার ভজনা করিলেই সমুদয় দেবতা সম্ভঃই হ'ন। (তিম্মিন্ তুষ্টে জগৎ তুষ্টং) এই জন্ম পৃথক পৃথক ভাবে উপাসনা করা নিতান্ত অন্থায়।

পরম ভাগবত শীল প্রভু নরোত্তমদাস ঠাকুর মহোদয় ব্লিয়াছেন:—

"অন্য অভিলাষ ছাড়ি, জ্ঞানকর্ম্ম পরিহরি, কায়মনে করিব ভন্সন।

ना शृक्तिव (मवीरमवा,(১) সাধু সঙ্গে কুষ্ণদেবা. এই ভক্তি পরম কারণ II"

প্রেমভক্তিচন্দ্রিকা।

দৈতাবালকগণ প্রহলাদকে বলিয়াছিলেন:-"কালী কিন্তা শিবত্বৰ্গা যাবে ইচ্ছা হয়। ছাডিয়া হরির নাম ভজহ তাঁহায়।" শ্রীপ্রহলাদচরিতামৃত।

দৈত্যবালকগণের এইরূপ বাক্য শ্রবণ করিয়া ভক্তচূড়ামণি প্রহলাদ কহিলেন:--

> "প্রহলাদ বলেন আমি না ভজিব আন। জীবনে মরণে মোর প্রভু ভগবান। শিব শিবা আদি যত দেব দেবীগণ। একমাত্র হরি হৈতে সকলে উৎপন্ন ॥ শ্রীহরির উপাসনা করিলে শ্রহ্মায়। তাহাতেই সর্বদেবের উপাসনা হয়॥" মদ্বিরচিত শ্রীপ্রহলাদচরিতামত।

যথা তরোর্ম্মল নিষেচনেন তৃপ্যন্তি তৎসন্ধ ভুজোপশাখাঃ।

(১) কিন্তু তাই বলিয়া— "অক্ত দেব অক্ত শান্ত নিন্দা না করিবে। ত্রী ট্রীচৈতক্সচরিতামৃত। প্রাণোপহারাচ্চ যথেন্দ্রিয়াণাং তথৈব সর্ববার্হণ মচ্যুতেজ্যাঃ॥

শ্রীমন্তাগবত।

তরুমূলে জল সেচন করিলে যেমন বৃক্ষের স্কর্ম, ভুজ ও উপশাথাদি তৃপ্ত হয়, প্রাণ সম্ভূষ্ট হইলে যেমন সকল ইন্দ্রিয় প্রাসর থাকে, তদ্রুপ একমাত্র শ্রীশীহরির উপাসনা করিলেই যাবতীর দেবতার অর্চ্চনা করা হয়; স্কুতরাং পৃণক্ পৃণক্ পূজা করা নিজ্ল। অতএব—

যস্ত্রবিষ্ণুং পরিত্যজ্য মোহাদন্য মুপাসতে।
স হেম রাশি মুৎস্জ্য পাংশুরাশিং জিল্লজ্জতি॥
মহাভারত।

যে ব্যক্তি মোহাবিভূত হইরা শ্রীবিফুকে পরিত্যাগ করিয়া অন্যান্ত দেবতার উপাদনা করে, দে ব্যক্তি নিতান্ত অধ্য, কেননা দে অমৃত পরিত্যাগ করিয়া ধূলি গ্রহণে অভিলাষী হয়।

বাস্থদেবং পরিত্যজ্য যেহনাদেব মুপাসতে।
ত্যক্তব্যক্তং সমূঢ়াত্মা ভুঙ্জেক হলাহল বিষম্॥
পদ্মপুরাণ।

ষে ব্যক্তি বাস্থাৰে শ্ৰীকৃষ্ণকে পরিত্যাগ করিয়া অন্যান্য দেবতার উপাদনা করে দে ব্যক্তি নিশ্চরই মূর্গ, কেননা দে নরাধম অমৃত পরিত্যাগ করিয়া হলাহল ভক্ষণ করে। অতএব কথনও শ্ৰীশ্ৰীহরিকে পরিত্যাগ করিয়া অন্যান্য দেবতার উপাদনা করিবে না।

শ্রীথও নিবাসী প্রাচীন বৈষ্ণবক্বি শ্রীগোবিন্দদাস প্রথমে শক্তি

উপাদক ছিলেন। তিনি কোন এক সময় গ্রহণী রোগাক্রান্ত হইয়া তাঁহার আরাধ্য দেবী মহামায়াকে ডাকিতে লাগিলেন। যথা:—

> "জীবন মরণে মাতা আর নাহি জানি। ভব তরিবার তরে দেহ ত তরণী॥ হেনকাল গেল অস্তে মুক্তি দেহ মোরে। তোমা বিনা গোবিন্দেরে কুপা কেবা করে॥ কাতর হইয়া ডাকি কর পরিত্রাণ। জীবন মরণে তোমা বিনে নাহি আন॥"

এমন সময় ভগবতী শ্বয়ং বলিলেন:—

"আকাশ বাণীতে দেবী কছে বার বার।

গোবিন্দ শরণ লও পাইবা নিস্তার॥

শুভক্তমাল গ্রন্থ।

শাহান্তরে---

"হেনকালে অলক্ষ্যে কহয়ে ভগবতী।

কৃষ্ণ না ভজিলে কারু না ঘুচে তুর্গতি॥
শুনি এই বাক্য মনে বহু খেদ ৈশা।
ভজিব শ্রীকৃষ্ণ পাদপদ্ম দড়াইল॥"
শ্রীভক্তিরত্বাকর।

অতঃপর মহাভাগবত গোবিন্দদাস, শ্রীনবাসাচার্য্যের নিকট শ্রীকৃষ্ণ মন্ত্রে দীক্ষিত হইয়া শ্রীকৃষ্ণের উপাসনায় নিরোগ হইয়া গাহিয়াছিলেন:—

> "ভজহুঁরে মন, নন্দ-নন্দন, অভয় চরণারবিন্দে রে।

তুর্লভ মানব দেহ, সাধুসঙ্গ-তরাইতে,

এ ভবসিন্ধুরে ।

শীত আতপ, বাতবরিখত,

এ দিন যামিনী জাগিরে ।

বিফলে সেবিমু, কুপণ ছুরজন,

চপল সুখ লব লাগিরে ॥

এ ধন যৌবন, পুত্র পরিজন,

ইথে কি আছে পরতীতরে ।

নলিনীদলজল, জীবন টলমল,

ভজতুঁ হরিপদ নিতিরে ॥''

পদকল্পতর ।

পুঁটীয়ার মহারাজ বরেজ্বনারায়ণ রায় শক্তি-উপাদক ছিলেন;
এক দিবস তাঁহার ভবনে অভিথিরপে ছইজন বৈষ্ণব উপস্থিত
হইলেন। মহারাজ বৈষ্ণবন্ধয়ের আহারের জন্য মহামায়ার প্রদাদ
দিয়াছিলেন, বৈষ্ণবর্গণ তাহা ভক্ষণ করিতে অস্বীকার করিলে
মহারাজের সহিত নানারূপ তর্কবিতর্ক হইল, পরের বৈষ্ণবর্গণ
রাজাকে বলিতে লাগিলেন:—

"আর কহি মহারাজ নিপৃত যে কথা। হরি বিনে উপায় নাহিক যাহ যথা॥ হরির অধীন সব আত্রক্ষ স্থাবর। হরি সভাকার প্রভু সকলি কিঙ্কর॥ মহারাজ তুমি যারে বলিছ ঈশ্রী। ত্রিগুণ আত্মিক তেঁহ হরির কিঙ্করী॥ রজ, তম, বিষয় যে দেন সবাকার।
যে বিষয় মোহমদে ভুলিছে সংসার॥
অতএব মহারাজ হরি বিনে গতি।
ব্রিজগতে নাহি আর কেন যে যুগতি॥
কৃষ্ণবিনে সংসার তারণে কার শক্তি।
কদাচ না হয় ইহা সর্বশাস্ত উক্তি॥"

ত্রীভক্তগাল গ্রহ।

সহং রজস্তম ইতি প্রকৃতে গুণিস্তৈ-যুক্তঃ পরঃ পুরুষ এক ইহাস্ত ধতে। স্থিত্যাদয়ে হরিবিরিঞ্চি-হরেতি সংজ্ঞাঃ শ্রেয়াংসি তত্র খলু সম্বতনোনৃণাংস্কাঃ॥

প্রীমন্ত্রাগবত।

সত্ব, রজ, তম, এই প্রাক্তির গুণত্রয়থুক্ত হইয়া দৃশুমান বিশ্বের সৃষ্টি, স্থিতি ও সংহারকার্য্য সাধনের নিমিত হরি, বিরিঞ্চি, হর, ভিন্ন ভিন্ন রূপে এই তিন্টী নামই ধারণ করেন, তথাপি সন্ত্মূর্ত্তি একমাত্র শ্রীহরির উপাদনা করিলেই মহুন্থগণের প্রম মঙ্গল সাধিত হইয়া থাকে।

একষাত্র ভগবান শ্রীক্ষণ্ট ভদ্ধনীয় যথা :—

"দাস কহে শুন প্রভু করি নিবেদন।

আমি কোন দেবতার করি উপাসন॥
প্রভু কহে শুন কহি শাস্ত্রের প্রমাণ।
রক্জ, তম, ভজি মনে ইণ্ট অপমান॥

রাবণ, পৌণ্ডুক, বাণ আর রকান্তর।
ব্রহ্মা শিব ভজি তারা শেবে দর্পচ্র॥
অতএব সন্ধ গুণ করহ চিন্তন।
রক্ষ, তম, করি ত্যাগ বেদের বচন॥
ভূগু আদি মুনিগণ করিল নির্ণয়।
সন্ধ গুণ অবলম্বি বিষ্ণু স্থানিশ্চয়॥
অতএব কর সদা কৃষ্ণ উপাসনা।
কৃষ্ণ ভিন্ন ত্রিজগতে দয়াল দেখিনা॥
শ্রীরদশ্বৈবলিনী গীতা।

ভগবতী বলিয়াছেন:-

অহো বত মহৎ কফিং সমস্ত স্থাদে হরে।।
বিভাগানেপি সর্বেশে মূঢ়াঃ ক্লিশ্যন্তি সংস্ঠে।।
যমুদ্দিশ্য সদা নাথো মহেশোহপি দিগম্বরঃ।
জটা ভস্মানুলিপ্তাঙ্গস্তপত্মী বীক্ষতে জনৈঃ॥
তত্তোহধিকোহস্তি কো দেবো লক্ষ্মীকান্তান্মধুদিষঃ।
রহং সহস্র নাম স্তোত্ম।

অহো কি আশ্চর্যা! হার কি কটা! সর্কায়্থপ্রদাতা দর্বেধর শ্রীহরি বিশ্বমানে মৃঢ় ব্যক্তিরা সংসারে ক্লেশ ভোগ করিতেছে; বাহার (যে হরির) উদ্দেশে আমার স্বামী মহেশ্বর সর্বাদা দিগন্বর (উলঙ্গ) জ্ঞাধারী এবং অঙ্গে ভন্ম লিপ্ত করিয়া তপন্বী, ইহা সকলেই দেখিতেছেন; আমার স্বামীর অন্বেষণীয় সেই লক্ষ্মীকাস্ত বিষ্ণু হইতে শ্রেষ্ঠ আর কেহই নাই। কোন দেবতাই ভগবান্ নারায়ণের সমান নছেন। বথা:—

যস্ত নারায়ণং দেবং ব্রহ্মক্রন্তাদি দৈবতৈঃ।

সমত্বেনব বীক্ষেত স পাষণ্ডী ভবেদ্ প্রবং॥

* পদ্মরাণ।

যে ব্যক্তি নারায়ণকে ব্রহ্মা রুদ্র প্রভৃতি অভান্ত দেবগণের
সমান বিশ্বা জ্ঞান করে সে ব্যক্তি নিশ্চয়ই পাষ ও।

"বিষ্ণু সর্বেশ্বর তাঁর সম কেহ নহে।"
তাঁহার বিভূতি ব্রহ্মা রুদ্র আদি করি ॥

পূর্ণব্রহ্ম সনাতন ঈশ্বর শ্রীহরি ॥

ব্রহ্মা মায়াধীশ রুদ্র ঈশ যত আবৃত্ত।

নিগুণ শ্রীহরি সর্বব শাস্ত্রের সম্মত ॥

শ্রীভক্তমালগ্রহ।

শুকদেব গোস্বামী বলিয়াছেন :—
হরিহি নিগুণি: সাক্ষাৎ পুরুষ: প্রকৃতে: পর:।
স সর্ববদৃগুপদ্রফী হং ভঙ্গন্নিগুণো ভবেৎ॥
শুমহাগবত দশম স্বন্ধ।

হে পরীক্ষিত! শীহরিই সাক্ষাৎ নিগুলি, পুরুষ প্রকৃতির পর (মারাতীত), সকলের সাক্ষী স্বরূপ, অতএব তাঁহাকে ভলনা করিলেই মানবগণ নিগুলিও প্রাপ্ত হইয়া থাকেন।

প্রভূপাদ জ্ঞীন জ্ঞীযুক্ত বিপিনবিহারী গোস্বামী মহোদর বিশ্ববিহার

বদন্তি সর্বব শাস্ত্রাণি কৃষ্ণঃ সর্বেবশবেশবঃ। অবশ্যং সাহিকৈঃ সেব্যঃ ন শক্তি ব্রহ্ম শঙ্করঃ॥ শুষ্ঠনামৃত সাগর। সর্ব শাস্ত্রই বলিতেছেন বে, সর্বেশ্বর শ্রীক্ষণ্ট সান্ত্রিক মানব-গণের একমাত্র সেব্য। প্রাক্ততা শক্তি, সন্ত্রন্তন-ভগ-গুণাত্মক ব্রহ্মা কি শিব কেহই সান্ত্রিক মানবগণের সেব্য নহেন।

বাস্থদেবপরাবেদা বাস্থদেবপরামখাঃ। বাস্থদেবপরাযোগা বাস্থদেবপরাংক্রিয়াঃ॥ বাস্থদেবপরং জ্ঞানং বাস্থদেবপরস্থপঃ। বাস্থদেবপরোধর্ম্মো বাস্থদেবপরাগতিঃ॥ শ্রীমন্তাগবত।

বাস্থদেবই পরাবেদ, বাস্থদেবই পরাযজ্ঞ, বাস্থদেবই পরাগোগ, বাস্থদেবই পরাক্রিয়া, বাস্থদেবই পরম জ্ঞান, বাস্থদেবই পরম তপস্থা, বাস্থদেবই পরম ধর্ম, এবং বাস্থদেবই পরম গতি।

ভগবতী বলিয়াছেন :---

অহো সর্বেশ্বর বিষ্ণুঃ সর্বদেবোত্তমোত্তমঃ।
জগদাদি গুরু মৃ ট্য়ে সামান্ত ইব বীক্ষতে॥
রহৎ সহস্থান স্থাত।

আহো! সর্বাদেবোত্তম জগতের আদি-গুরু সর্বেশ্বর শ্রীবিফুকে
মুর্গ ব্যক্তিরা সামান্তরূপে অর্থাৎ অক্সান্ত দেবতার ন্তার দর্শন করে।
পার্ব্বতীর এইরূপ বাক্য শ্রবণে বৈক্ষবচুড়ামণি শিক্ষর
বিশিষ্টিলেন:—

ন যান্তি তৎপর শ্রেয়োঃ বিষ্ণু সর্বেবশ্বরেশ্বরম্। সর্ববভাবরনাশ্রিত্য পুরাণং পুরুষোত্তমঃ॥ তমেব তপস্থা নিত্যং ভজামি স্তৌমী চিন্তয়ে। তেন বিতীয় মহিমা জগৎ পূজ্যোন্মি পার্ববতি॥ বৃহৎ সহস্তনাম স্তোত্ত। হে পার্বতি! সেই অনাদি পুরুষ সর্বেশ্বর শ্রীবিষ্ণুকে সর্ব-ভাবে আশ্রয় করা (১) বাতীত পরমশ্রেয় লাভের উপায় নাই। সেই জন্মই আমি শিব, শ্রীহরির তপস্থা করি, সর্বাদা হদপদ্মে চিন্তা করি, এইরূপে শ্রীহরির সাধন করিতে করিতে তাহার ফলেই আমি অবিতীয় মহামহিমাবিত ও বিশ্ব পূজা হইয়াছি। অতএব সেই শ্রীহরির উপাসনা ভিন্ন শ্রেষ্ঠ বস্তু এ জগতে আর কিছুই নাই।

(>) কার, বাক্য, মন ও ইন্দ্রিয়াদি ধারা ভগবানের উপাসনা করাকে সর্বভাবে আশ্রম করা বলে। মহারাজ অম্বরীষের বৃত্তান্তে এই বিষয়টী স্কররূপে বর্ণিত আছে যথা :—

> "সবৈ মন: ক্রফ পদার বিদ্যো ক্রিংসি বৈকুঠগুণামুবর্ণনে। করৌ হরেশ্বনির মার্জনাদিষু শুতিং চকারাচ্যুত সংকথোদরে॥ মুকলগিন্ধার দর্শনেদৃশৌ তদ্ভূত্য গাত্রস্পর্শেহন্তমসমং। ঘাণঞ্চতপাদ সরোজসৌরভে শ্রীমন্তু দুস্তাং রসনাং তদ্গিতে॥ পাদৌহরে: ক্ষেত্র পদামুসর্পণে শির ছ্যিকেশপদাভিবন্দনে। কামঞ্চুদাশ্তে নতু কাম কাম্যনা যথোভ্যমন্ত্রোক জনাশ্রয়ারতি॥

> > শ্রীমন্ত্রাগবত মবম স্বন্ধ।

শ্রী—হরিচরণ মন করহ আশ্রায়।
তা—হলে রবেনা কভু রবিস্থত ভয় ॥
রি—পু জয় হবে, কর শ্রীহরি ম্মরণ।
নী—তিকথা এই সত্য কহে মহাজন॥
চ—ন্দ্র সূর্য্য ইন্দ্র বহিং বরুণ পবন।
র—ক্ষাকর্ত্তা হরিপদে নত সর্ববন্ধণ॥
গ—হিলেকি এত কুপা করেন শ্রীহরি।
হা—য় মোরা রুথা কেন নরদেহ ধরি॥

মহারাজ অম্বরিষ প্রীকৃষ্ণ পাদপদ্ম চিস্তার জন্ত মন, কৃষ্ণ গুণামু বর্ণনে বাক্য, হরিমন্দির মার্জনাদির জন্য হত্ত্বয়, অচ্যুত কথা প্রবণের জন্ত কর্ণবয়, প্রীকৃষ্ণেতর প্রীমৃত্তি ও ভগবন্দির দর্শনের জন্ত চক্ষুবয়, প্রীকৃষ্ণভক্তদিগের শরীর স্পর্শ করিবার জন্য অঙ্গাসীযুক্ত প্রসাদার ভক্ষণের জন্য রসনা, কৃষ্ণক্ষেত্র ভ্রমণের জন্য চরণবয়, কৃষ্ণপদাভিবন্দনের জন্য মন্তক। কামকামনা পরিত্যাগ করিয়া কামকে দাস্তে এবং কামামুগ ক্রোধ প্রভৃতিকে কৃষ্ণাপ্রিতা রতি যাহাতে হয়, সেই সেই কার্য্যে নিযুক্ত করিলেন। প্রীল নরোত্রমদাস ঠাকুর মহোদয় বলিয়াছেন:—

"রঞ্চসেবা কামার্পণে, ক্রোধভক্তবেষী জনে,
শোভ সাধু সঙ্গে হরিকথা।
মোহ ইষ্ট লাভ বিনে, মদরুফ গুণ গানে,
নিযুক্ত করিব বথাতথা॥"
প্রেমভক্তিচন্ত্রিকা।

ল—ক্ষ্মী সরস্বতী যাঁর যুগল চরণ।

দা — সী হয়ে প্রেমে সেবা করে সর্বক্ষণ ॥
র—সনায় বল সদা সেই হরিনাম।

সা—ধন করিলে পূর্ণ হবে মনস্কাম ॥

কি—কারণ ওহে মন মজেছ মায়ায়।
ন—দস্তত শ্রীচরণ ভজ না হৃদয়॥

কো—থা রবে পুত্র কন্যা কামিনী-কাঞ্চন।

দা—রুণ কৃতান্ত যবে করিবে বন্ধন॥

ল—ও সদা হরিনাম বিরলে বসিয়া।

ধো—ন কুল রূপ বিভাভিমান ত্যজিয়া॥

তাা—র কেনে মায়ার মায়ায় থাক ভুলে।

উচ্চৈঃস্বরে হরি বল ছই বাহু তুলে॥

মধ্রিচিত গ্রুব ও প্রহ্লাদচরিভামুত।

আহ্বন ভক্ত পাঠকপাঠিকাগণ, আমরা উচ্চৈ:স্বরে গগন মেদিনী বিকম্পিত করিয়া একবার (শ্রীযুক্ত বাবু জৈলোক্যনাথ সাম্যাল মহাশয়ের রচিত) সেই স্থমধূর সঙ্গীতটী গান করি।

বিভাষ-ক্ৰাওয়ালী।

"মন একবার হরি বল হরি বল হরি বল। হরি হরি হরি বলে ভবিদক্ষর পারে চল। হরি হরি হরি বল পাবিরে তুই মোক্ষ ফল। জলে হরি স্থলে হরি, চক্রে হরি সূর্য্যে হরি, জনলে অনিলে হরি, হরিদয় এ ভূমগুল॥ ক্ষুধা তৃষ্ণা পরিহরি, বলরে মন হরি হরি, হরি তোর ক্ষধার অন্ন. হরি তোর পিপাসার জল ॥ দ্বুর্বলের বল হরি, অধম তারণ হরি, পতিতপাবন হরি, হরি ভকতবৎসল।। ভক্তিরস পান করি. যে বলে হরি হরি. বাঞ্চাকল্লতক হরি, দেন তারে মোক্ষ ফল ॥ হরি বেদ হরি বিধি, হরি তন্ত্র হরি সিন্ধি, হরি বল হরি বৃদ্ধি, হরি ভরসা কেবল॥ পাষণ্ড দলন হরি. নাস্তিকের দর্পহারী. যাঁহার পুণ্য প্রতাপে, কাঁপে পাপাস্থরদল।। অল্লে হরি বস্ত্রে হরি, গৃহ পরিবারে হরি, দেহ মন প্রাণে হরি, হরি সঙ্গের সম্বল ॥ নিখাসে প্রখাসে হরি, শোণিত প্রবাহে হরি, নয়ন অঞ্জন হরি, হবি শক্তি হরি বল ॥ চিন্ময় রূপ হরি, নভেন্ন কভু দেহধারী, চিদানন্দ রূপ ধরি, করেন প্রাণ শীতল ॥ প্রবাসে কাননে হরি, গুর্নত পাথারে হরি, আকাশ ভূতলে হরি, হরি ব্যাপ্ত সর্বস্থল। গৃহে দেবালয়ে হরি, পরে কর্মাক্ষতে হরি, আহার বিহারে হয়ি, হার প্রাণের সম্বল ॥ অখণ্ড অক্ষয় হবি, ভার বাঙ্গা পূর্ণকারী, দীন জনে দয়া করি, দেন চরপকমল ॥

ত্থে হরি ত্রঃথে হরি, বিপদে সম্পদে হরি, জনমে মরণে হরি, হরি ইহ পরকাল ॥ হরি পিতা হরি মাতা, হরি গুরু জ্ঞানদাতা, হরি সর্ববজন ত্রাতা, শুদ্ধসন্ত নিরমল ॥ নয়নে দেখহ হরি, রসনায় বল হরি, হাদয়কমলে ভজ, হরি চরণ কমল ॥" "জয়তু জয়তু জগন্মজল হরেনামং। জয়তু জয়তু জগন্মজল হরেনামং॥"

গ্রন্থেৎপত্তি ও গ্রন্থকারের প্রার্থনা।

দীর্ঘ-ত্রিপদী।

রাধিকার কুপাপাত্র, রাধিকা প্রসাদ দত্ত, বিমল বৈঞ্চব ধর্ম্মে মন।

বৈষ্ণবের হিত লাগি, হয়ে নিজ স্বার্থ ত্যাগী, প্রকাশ করিলা নিবেদন ॥(১)

তাহে হরিকথামৃত, পান করি অবিরত, ভক্তগণ আনন্দে মগন।

ভূষিতে বৈষ্ণব চিত্ত, শ্রীহরিনামামৃত,

বিরচিল তারিণীচরণ॥

বৈষ্ণব চরণে ধরি, কাতরে প্রার্থনা করি, এ দাসের জীবনাস্তকালে।

শ্রীহরির ভক্ত সঙ্গে, কৃষ্ণকথা রসরক্ষে, যায় প্রাণ রাধারুষ্ণ বলে॥

মিছে পুত্র পরিবার, আমি কার কে আমার, সার বস্তানা চিনিলাম হায়।

পড়িয়া মায়ার ভ্রান্তে, না ভজিনু রাধাকান্তে, অক্তর্কালে কি হবে উপায় ॥

(>) "নিবেদন" শ্রীমন্নবন্ধীপ-ধাম-প্রচারিণী সভার মুথপত্ত। কলিকাতা ১৮১ নং মাণিকতলা নিবাসী পরম ভাগবত ভক্তি-বিনোদ ঠাকুর মহোদয়ের স্থযোগ্য পুত্র ভক্তিশাস্ত্র বিশারদ শ্রীযুক্ত বাবুরাধিকাপ্রসাদ দত্ত মহাশন্ধ উক্ত পত্রিকার ভৃতপুর্ব্ধ সম্পাদক। হরেকৃষ্ণ হরেরাম, বল মন অবিশ্রাম,

যমের যাতনা যাবে দূরে।

নিতাই কাণ্ডারী হয়ে, হরিনামের তরি লয়ে,

বিনামূল্যে পার করিবে তোরে ॥
শ্রুষ্মতাং শ্রুষ্মতাং নিজ্যং গীয়তাং গীয়তাং মুদা ।
চিস্ত্যতাং চিস্ত্যতাং ভক্ত্যা হরিনামামূতং দদা ॥
বৈক্ষর দাসামুদাস তারিণীচরণ ।
নানাবিধ ভক্তি শাস্ত্র করিয়া মন্ত্রন ॥

শ্রীল ভক্তিবিনোদের পথাবলম্বনে(১)।

বিরচিল হরিনামামৃত হৃষ্ট মনে ॥

নামামৃত সম গ্রন্থ নাহি ত্রিভুবনে।

যে পড়েছে সে মজেছে অন্যে নাহি জানে॥

একবার শুদ্ধভক্তিভাবে যেই জন।

🕮 হরিনামামৃত করে অধ্যয়ন ॥

কুপা করি, তাঁরে হরি দিবে পদা শ্রয়।

কভু না রহিবে তাঁর জন্ম মৃত্যু ভয়।।

"সর্ববভূত ময়ং হরি" হেরিবে নয়নে।

দিবানিশি মত্ত রবে জ্রীনাম কীর্ত্তনে॥

^{(&}gt;) ক্সীশ্রীনবন্ধীপ-ধাম্-প্রচারিণী সভার কার্য্যপতি বিশুদ্ধ বৈষ্ণব ধর্ম্ম প্রচারক বিবিধ ভক্তিগ্রন্থ প্রণেতা গৃহস্থ বৈষ্ণব কুগতিলক শ্রীল শ্রীষ্ক্ত প্রভূ কেদারনাথ ভক্তিবিনোদ মহোদয়ের প্রাদশিক পথাবলম্বনে এই শ্রীশ্রীহরিনামামূত রচিত হইল।

পাষ্ণ তার্কিক বৈষ্ণবাভিমানি জনে। হরিনামামুত নাহি দিবে কদাচনে ॥ मर्करहे मुक्तांत कल कच्न नाहि हित्न। দশনে চিবাইয়া ফেলে সূল্য নাহি জানে ॥ পাষাণে রোপিলে বীজ অঙ্কুর না হয়। অবৈষ্ণব হৈদে ভক্তি না হয় উদয়॥ অভএব কু-সঙ্গ ত্যজিয়া স্যত্নে। হরিনামামুত পড় বসিয়া নির্জ্জনে ॥ যেই নাম সেই হরি কভু মিথ্যা নয়। দিবানিশি নাম ভজ আনন্দ জদ্য ॥ আজকাল বলে দিন গত হযে এল। মন পাজি হয়ে রাজি. হরি হরি বল। শ্রীচৈতন্যাব্দ চারিশত উনবিংশে। মাঘী শুক্লা ত্রয়োদশী পঞ্চম দিবদে॥ অতি শুভদিন নিত্যানন্দ অবতীর্ণ। শ্রীহরিনামামুত হইল সম্পূর্ণ॥ -:•:--

> হরি ওঁ হরি: শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য চন্দ্রার্পণ মস্তা।



দংবাদ পত্তে উচ্চকঠে প্রশংসিতা ও ভক্তমগুলী কর্তৃক সমাদৃতা

बिरिवछव-मिन्नी।

(মাসিক ভক্তি-গ্রন্থাবলী।)

শ্রীপত্রিকা ৫ম বর্ষে পদার্পণ করিয়াছেন। যদি বৈশুবধর্মের
নিগৃত্-তত্ত্ব ও উপদেশসমূহ অবগত হইয়া পবিত্র জীবন লাভ
করিতে চান তবে এই শ্রীপত্রিকা নিয়মিত পাঠ করন। এরূপ
উচ্চ ধরণের শ্রীপত্রিকা বৈশুবসমাজে প্রকৃতই বিরল। বর্ত্তমান
বর্ষে "শ্রীগোর-উপদেশামৃত" নামক একথানি তত্ত্বগ্রু অর্থাৎ
শ্রীমনাহাপ্রতু আমাদিয়কে কি শিক্ষা বা উপদেশ দিয়া গিয়াছেন
তাহাই একত্র সংগৃহীত ও প্রাপ্তল ভাষায় বিস্তৃত বাাথ্যার সহিত
প্রকাশিত হইতেছে। এবং "শ্রীরাধারস স্থানিধি" নামক এক
অপুর্ব শ্রীগ্রন্থ মূল, অরয়, অমুবাদ ও বিশদ তাৎপর্য্যার্থের সহিত
ক্রমশ: প্রকাশিত হইতেছেন। এই শ্রীগ্রন্থানি নাধকগণের
কণ্ঠহার স্বরূপ। যেহেতু, ইহার প্রতি শ্লোকে গাধকোচিত সেবা
প্রাথ্যা প্রসঙ্গে শ্রীবৃন্ধাবনের নিভ্ত নিকুঞ্জলীলা বর্ণিত হইয়াছে।
হাছিঃ ভক্তিরগাত্মক প্রবন্ধ ও পদাবলীও আছে। আবার—
শ্রীগোরাক ভাণ্ডারের" শ্রন্থমালা উপহার স্বরূপে প্রদত্ত হয়। অগ্রিম
বার্ধিক ভিক্ষা সভাক ১ এক টাকা মাত্র। নমুনা দিবার নিয়ম নাই।

স্থলভে ভক্তি-গ্রন্থাবলী।

- ১। শ্রীগোবিনদনামামৃত।—এই শ্রীগ্রন্থে শ্রীরাধাগোবিনদ নিমের উৎপত্তি ব্যংপত্তি ও মাহাত্মা বর্ণনার ব্যপদেশে ভক্তের চজনারস্ত দশা হইতে সিদ্ধ দশা পর্যাস্ত যে সমস্ত সংশিক্ষার মধ্যোজন তদামুসঙ্গিক সকল কথাই ভাষার লালিত্য সংযোগে মথপাঠারপে সম্বলিত হইয়াছে। মূল্য ১১ এক টাকা। ডাঃ মাঃ ১০ তিন আনা।
- ২। শ্রীব্রজলীলামূত।—মধুর দানলীলা। পাঠে ইতরোত্তর কৌতৃহল বৃদ্ধির সঙ্গে প্রাণে এক অপার্থিব আননদ ।পিয়া দেয়। মূল্যা। প ি আনা মাত্র। ডাঃ মাঃ প ি আনা।

- ৩। শ্রীরাধাবল্লভলীলামুত।—গ্রন্থিকলভ নাটকের স্থানিত মন্ধানুবাদ। ভক্তমাত্রেরই প্রাণারাম। মূল্যু ॥০ আট আনা। ডাঃ মাঃ ০/০ আনা।
- 8। জ্রীনেটপদেশামৃত।—(১ম খণ্ড) শ্রীমন্নহা-প্রভুর বেদ-বাক্য উপদেশাবলী বিস্তারিত ব্যাখ্যার সহিত স্থলনিত প্রাঞ্জনভাষার সংগৃহীত। মূল্য ॥০ আট আনা; ডা: মা: প০ আলা।
- ৫। জ্রীউপাসনা শিক্ষা।—রাগমার্গীর বিশুদ্ধ উপাসনা গ্রন্থ। "কুথার্থবোধিক।" নারী ভাষা টিপ্পনী সংযোজিত। মুল্য। চারি আনা। ডাঃ মাঃ ৴০ আনা।
- ৬। বৈরাগ্য নির্ণয়।—শ্রীল নরোক্তম ঠাক্র প্রণীতু। ইহাতে পঞ্বিধ বৈরাগ্য নির্ণয় এবং স্ত্রীদঙ্গী মর্কট বৈরাগীদের অপূর্ব্ব আথ্যান ও তাহার দূষণীয়তা বর্ণিত আছে। মূল্য। আনা, ডা: ৴০ আনা।
- ৭। ভক্তের মহিমা।—জনৈক দিৰভক্তের জীবৃদ-কাহিনী। মুল্য ৴০ আনা।
- ৮। সিদ্ধান্ত চন্দ্ৰকা।—কতকগুলি নিগৃঢ় ভ[ি] । সিদ্ধান্তের স্থগীমাংসা। মুলা ০'০ আনা।
- ৯। বৈষ্ণবসঙ্গিনী প্রবিদ্ধাংশ।—১ম, হইতে ৪থ র পর্য্যন্ত শ্রীপত্তিকার যে সমস্ত সংপ্রবন্ধ প্রকাশিত হইরাছে তাহার একত্র সংগ্রহ। মূল্য।৮০ আনা। ডাঃ মাঃ ৮০ আনা।

বিশেষ দ্রেষ্টব্য ।—সমগ্র গ্রন্থাবলী একত্র লইলে সভাবলী তা
ত আনাতেই প্রাপ্ত হইবেন। এক নামে ৪ সেট্ লইলে এক সেট্ বিনা মূল্যে পাইবেন। ধম, বর্ষের গ্রাহকগণ শ্রীপত্রিকা
ও উক্ত সমগ্র গ্রন্থাবলী একত্র কেবল ৪১ টাকাতেই প্রাপ্ত হইবেন।

ঠিকানা—

শ্রীমধুসূদনদাস অধিকারী—কার্য্যাধ্যক । "আনলাভ্রম"—এলাটা পোঃ, (Elati P. O.) ইগলী জেলা।